উপনিষদঃ

প্রথমঃ খণ্ডঃ

ঈশা-কেন-কঠ-প্রশ্ন-মুণ্ডক-মাণ্ডুক্যেতি ষট্

ব্রহ্মজিজ্ঞাসাদিগ্রন্থপ্রণেতুঃ
শ্রীসীতানাথ তত্ত্বভূষণস্য

'শঙ্কররূপা'-নাম-টীকয়া 'প্রবোধক' নাম-বঙ্গানুবাদেন চ সমেতাঃ

শ্রীমদ্-বেদাচার্য্যেণ স্বর্গগতেন
সত্যব্রতসামশ্রমিণা সংশোধিতাঃ

পঞ্চম-সংস্করণম্

১৯৩৬ খৃষ্টাব্দ

ব্রাহ্মমিশন প্রেস
২১১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
শ্রীদেবেন্দ্রনাথ দাস কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

ভূমিকা

বেদ—স্মরণাতীত কাল হইতে বংশ ও গুরুপরম্পরায় আগত দেবস্তুতি, যজ্ঞতপস্যাদির বিধান, ব্রহ্মজ্ঞান ও ব্রহ্মোপাসনাত্মিকা রচনাবলীর নাম বেদ। গুরূপদেশ-শ্রবণরূপ উপায়ে বেদ রক্ষিত হইয়া আসিতেছে, এই জন্য ইহার অপর নাম শ্রুতি।

বেদের বিভাগ—বেদ প্রধানতঃ দুই ভাগে বিভক্ত, 'মন্ত্র' ও 'ব্রাহ্মণ'। মন্ত্রভাগ মৌলিক, ব্রাহ্মণভাগ মন্ত্র অবলম্বনে রচিত। মন্ত্রভাগে প্রধানতঃ দেবস্তুতি ও যজ্ঞাত্মক বচন আছে। ব্রাহ্মণভাগে প্রধানতঃ মন্ত্রের ব্যাখ্যা ও প্রয়োগবিধি, এবং তদ্ব্যতীত অনেক অবান্তর বিষয় আছে। পদ্য, গান ও গদ্য, এই তিন প্রকার রচনা-প্রণালী অনুসারে মন্ত্র তিন ভাগে বিভক্ত। পদ্যাত্মক মন্ত্রের নাম ঋক, গীতাত্মক মন্ত্র সাম ও গদ্যাত্মক মন্ত্র যজুঃ। হোতা, উদ্গাতা ও অধ্বর্যু, যজ্ঞের এই তিন শ্রেণীর ঋত্বিক বা পুরোহিতের কার্যসৌষ্ঠবের জন্য সম্ভবতঃ বেদমন্ত্র এই তিন ভাগে বিভক্ত হয়। এই বিভাগানুসারে বেদমন্ত্রের অপর নাম 'ত্রয়ী'। ঋক, সাম, যজুঃ ভিন্ন ভিন্ন সংহিতায় নিবিষ্ট হইয়াছে। যজুর্বেদ 'শুক্ল' ও 'কৃষ্ণ' ভেদে দুই স্বতন্ত্র সংহিতায় বিভক্ত। বেদত্রয় বিভাগের বহু কাল পরে অনেক মন্ত্র আবিষ্কৃত হয়, আবিষ্কারক বা সংগ্রাহক ঋষি অথর্ব্বার নামানুসারে এই সকল মন্ত্র 'অথর্ব্ববেদ' রূপে পরিচিত হয়। সংহিতাভেদে ব্রাহ্মণগ্রন্থ ভিন্ন ভিন্ন, এমন কি দেশ ও কালভেদে মন্ত্রাধ্যায়িগণের যে সকল শাখাভেদ হইল সেই সকল শাখাভেদেও ব্রাহ্মণের ভিন্নতা আছে। ব্রাহ্মণসমূহের অভ্যন্তরে, অথবা স্থলবিশেষে ব্রাহ্মণ হইতে ভিন্ন, কতিপয়

বেদাংশ আছে যাহাদের নাম 'আরণ্যক'। বানপ্রস্থ বা অরণ্যবাসী সাধকগণের জন্য এই শ্রেণীর গ্রন্থ রচিত হয়। বাহ্যোপকরণ-বিহীন মানস যজ্ঞ সম্পাদনে সাহায্য করাই 'আরণ্যকের' বিশেষ উদ্দেশ্য। 'ব্রাহ্মণ' বা 'আরণ্যকের' ব্রহ্মপ্রতিপাদক অংশের নাম 'উপনিষদ্'। কিন্তু কোন কোন 'উপনিষদ্', অন্ততঃ একটী, 'ঈশা', সংহিতায় স্থান পাইয়াছে। উপনিষদের প্রকৃতি ও বিভাগ সম্বন্ধে স্বতন্ত্রভাবে বলা হইবে। বৈদিক সাহিত্যের চারি বিভাগ 'মন্ত্র', 'ব্রাহ্মণ', 'আরণ্যক' ও 'উপনিষদের' মধ্যে 'উপনিষদ্' সর্ব্বশেষ, এই জন্য উপনিষদের নামান্তর 'বেদান্ত' অর্থাৎ বেদের অন্তভাগ, অথবা 'অন্ত' শব্দের অন্য অর্থ গ্রহণ করিলে 'বেদান্ত' অর্থ বেদার্থের মীমাংসা বা সারমর্ম্ম।

'উপনিষদে'র অর্থ—'উপ' ও 'নি' পূর্ব্বক 'সদ্' ধাতুতে 'ক্বিপ্' প্রত্যয়যোগে 'উপনিষদ্' পদ সিদ্ধ হইয়াছে। এই শব্দের ধাত্বর্থ সম্বন্ধে বিস্তর মতভেদ দৃষ্ট হয়। অনেকে 'সদ্' ধাতুর 'বিনাশ' অর্থ গ্রহণ করিয়া, "যদ্দ্বারা অবিদ্যা ও বাসনা বিনষ্ট হয়" 'উপনিষদের' এই অর্থ করেন। 'উপ' এই উপসর্গের 'নিকট' অর্থ, 'নি' এই উপসর্গের 'বিশেষরূপ' অর্থ, এবং 'সদ্' ধাতুর 'গমন' অর্থ গ্রহণ করিলে 'উপনিষদ্' শব্দের এই অর্থ সিদ্ধ হয়—"যাহা গুরুর নিকট বিশেষরূপে গমন করিয়া শিক্ষা করা যায়"। ধাত্বর্থ যাহাই হউক্, 'উপনিষদ্' শব্দে সাধারণতঃ গভীর ও গূঢ় ব্রহ্মজ্ঞান ও তৎপ্রতিপাদক গ্রন্থকে বুঝায়।

উপনিষদের সংখ্যা ও বিভাগ—জনশ্রুতি অনুসারে ১০৮ খানা উপনিষদ্ আছে। 'উপনিষদ্' নামধারী গ্রন্থের সংখ্যা তদপেক্ষা অনেক অধিক। 'উপনিষদ্' যখন বেদান্ত, বেদের অংশ, তখন 'উপনিষদ্' নামধারী কোন গ্রন্থের উপনিষদত্ব স্বীকার করিবার পূর্ব্বে অনুসন্ধান করা আবশ্যক কোন মন্ত্র, ব্রাহ্মণ বা আরণ্যকে ইহার

স্থান আছে কি না। 'ঈশা', 'কেন', 'কঠ', 'তৈত্তিরীয়', 'ঐতরেয়', 'কৌষীতকি', 'ছান্দোগ্য' ও 'বৃহদারণ্যকে'র সেই স্থান নিঃসন্দিগ্ধ। এই জন্য ইহাদিগকে বলা হয় 'বৈদিক উপনিষদ্'। 'প্রশ্ন', 'মুণ্ডক', 'মাণ্ডূক্য', 'শ্বেতাশ্বতর', 'মৈত্রী' প্রভৃতি উপনিষদের এই স্থান সন্দিগ্ধ, কিন্তু ইহারা বৈদিক উপনিষদের ভাবানুযায়ী এবং প্রসিদ্ধ ঋষি-প্রণীত বলিয়া ইহাদিগকে বলা হয় 'আর্ষ উপনিষদ্'। 'জাবাল', 'রামতাপনী', 'নৃসিংহতাপনী' প্রভৃতি উপনিষদ্, যাহা বেদের ভাবানুযায়ী নহে; যাহাতে কোন দেবতা বা পৌরাণিক পুরুষকে ব্রহ্মের অবতার রূপে বর্ণনা করা হইয়াছে এবং মূর্ত্তিপূজার উপদেশ দেওয়া হইয়াছে, এরূপ গ্রন্থকে বলা হয় 'সাম্প্রদায়িক উপনিষদ্'। 'অল্লো-পনিষদ্' প্রভৃতি গ্রন্থ, যাহাতে আর্য্যধর্ম্ম-বহির্ভূত মত সমর্থিত হইয়াছে, তাহাদিগকে বলা হয় 'কৃত্রিম উপনিষদ্'। সুতরাং 'উপনিষদ্' নামে বৈদিক, আর্য, সাম্প্রদায়িক ও কৃত্রিম, এই চারি শ্রেণীর গ্রন্থ প্রচলিত। প্রকৃত বেদান্তমত স্থির করিবার পক্ষে প্রথম দুই শ্রেণীর উপনিষদ্ই গ্রহণ-যোগ্য। আমাদের সম্পাদিত দ্বাদশ খানা উপনিষদ্ই এই শ্রেণীদ্বয়ভুক্ত।

যৌক্তিক ব্যাখ্যা—এখন এই খণ্ডে প্রকাশিত ছয় খানা উপনিষদের শিক্ষা সম্বন্ধে সংক্ষেপে কিছু বলিব। উপনিষদের মত উপনিষদে কুত্রাপি যুক্তির সহিত ধারাবাহিক ভাবে ব্যাখ্যাত হয় নাই। উপনিষদ্ যুগের পর দার্শনিক যুগে উপনিষদ্-ব্যাখ্যায়ক আচার্য্যগণ এরূপ ব্যাখ্যা দিতে চেষ্টা করিয়াছেন। অপেক্ষাকৃত বৃহত্তর গদ্য উপনিষদ্গুলিতে,—কৌষীতকি, ছান্দোগ্য ও বৃহদারণ্যকে—অল্পাধিক স্পষ্ট যৌক্তিক ব্যাখ্যার ইঙ্গিত আছে। সেই ইঙ্গিতগুলি অবলম্বন করিয়া আমরা আমাদের সম্পাদিত ছান্দোগ্য উপনিষদের

ভূমিকায় সংক্ষেপে এরূপ ব্যাখ্যা দিতে চেষ্টা করিয়াছি। আমাদের প্রণীত "শাস্ত্রীয় ব্রহ্মবাদ ও ব্রহ্মসাধনে" এই ব্যাখ্যা অপেক্ষাকৃত বিস্তৃত ভাবে দেওয়া হইয়াছে। এস্থলে প্রসঙ্গক্রমে সেরূপ ব্যাখ্যার ইঙ্গিত-মাত্র দেওয়া যায়, সন্তোষকর কিছু বলা অসম্ভব।

ঈশোপনিষদ্।—এই উপনিষদ্ শুক্ল যজুর্ব্বেদ-সংহিতার শেষ ভাগে নিবিষ্ট হইয়াছে। 'কৃষ্ণ' ও 'শুক্ল' যজুর্ব্বেদের ভেদ সম্বন্ধে নানা জনশ্রুতি আছে। তাহা হইতে সত্য নির্ণয় অতি কঠিন। সম্ভবতঃ কৃষ্ণ যজুর্ব্বেদে মন্ত্র ও মন্ত্রের ব্যাখ্যা এমন মিশ্রিত আকারে ছিল যে কোন্‌টা মন্ত্র আর কোন্‌টা ব্যাখ্যা তাহা স্পষ্ট বোঝা যাইত না। এই অস্পষ্টতা বশতঃ ইহাকে 'কৃষ্ণ' আখ্যা দিয়া এক জন ঋষি ভিন্ন যজুর্মন্ত্র সংগ্রহ করিয়া 'শুক্ল' অর্থাৎ স্পষ্ট অন্য এক সংহিতা প্রস্তুত করেন। এই সংগ্রাহকের নাম বাজসনেয় যাজ্ঞবল্ক্য। তিনি পূর্ব্বে কৃষ্ণ যজুর্ব্বেদ-প্রবর্ত্তক বৈশম্পায়নের শিষ্য ছিলেন। পরে উদ্দালক আরুণির শিষ্য হন। 'বাজসনেয়' অর্থ বাজসনির বংশোদ্ভব। ঈশোপনিষদের প্রথম শব্দ 'ঈশা' হইতে ইহার নামকরণ হইয়াছে, ইহা পাঠক সহজেই বুঝিতে পারিবেন। এই উপনিষদ্‌টী সংক্ষিপ্ত হইলেও বৈদান্তিক সাহিত্যে ইহার স্থান উচ্চ। ইহার কোন কোন শ্রুতি নানা স্থানেই উদ্ধৃত হইয়াছে। ইহাকে চারি ভাগে বিভক্ত করা যায়। ১ম হইতে ৮ম শ্রুতি পর্য্যন্ত ব্রহ্মজ্ঞান ও তার ফল উপদিষ্ট হইয়াছে। উপনিষদ্ অদ্বৈতবাদিনী। ইহার মতে ব্রহ্মই একমাত্র স্বাধীন সত্য বস্তু, জগৎ ও জীব তাঁহার অন্তর্গত, তাঁহার আশ্রিত, তাঁহার সত্তায় সত্তাবান্। কিন্তু লৌকিক মত তাহা নহে। লোকে মনে করে ব্রহ্ম হইতে স্বতন্ত্র অসংখ্য বস্তু আছে। এই অজ্ঞানতা দূর করিবার জন্য এই উপনিষদের ঋষি বলি-তেছেন এই সমস্তকে—যাহা কিছু স্বতন্ত্র ও চঞ্চল বলিয়া বোধ হয়,—

ঈশ্বরদ্বারা ঢাকতে হইবে, অর্থাৎ তাঁহার নিত্য স্বরূপের অন্তর্গত বলিয়া বুঝিতে হইবে। এই তত্ত্ব কি রূপে বোঝা যায় তাহার স্পষ্ট ইঙ্গিত পাঠক পাইবেন আমাদের দ্বিতীয় খণ্ডের শেষ উপনিষদ্ 'কৌষীতকি'তে। কৌষীতকির তৃতীয়াধ্যায়ে ইন্দ্র প্রতর্দ্দনকে বুঝাইয়াছেন যে জ্ঞানের বিষয় ও বিষয়ী, জ্ঞেয় ও জ্ঞাতা, 'ভূতমাত্রা' ও 'প্রজ্ঞামাত্রা', আপাততঃ স্বতন্ত্র বোধ হইলেও প্রকৃত পক্ষে স্বতন্ত্র নহে, একই বস্তু। এই এক বস্তুর বাহিরে কিছু নাই। ইহাই ব্রহ্ম বা ঈশ্বর, ইহাই আমাদের আত্মারূপে প্রকাশিত। এই তত্ত্ব বুঝিলে ও উপলব্ধি করিলে,—বিষয়বুদ্ধি অর্থাৎ বিষয়ের স্বতন্ত্রতাবোধ ত্যাগ করিলে, ব্রহ্মকে সর্ব্বময় একমাত্র সত্য বস্তু রূপে ধারণা করিলে,—ঘৃণা, শোক ও মোহের অতীত হওয়া যায়। উপনিষদুক্ত অদ্বৈতবাদের দুই রকম ব্যাখ্যা,—নির্ব্বিশেষ ও বিশিষ্ট। এক ব্যাখ্যা বলে সমস্ত ভেদ মিথ্যা, অন্য ব্যাখ্যা বলে ভেদ সত্য, কিন্তু মূল অভেদের অন্তর্গত ও অবিরোধী। বৃহত্তর উপনিষদ্গুলি না পড়া পর্য্যন্ত পাঠক এই ব্যাখ্যা-ভেদ ভাল বুঝিতে পারিবেন না। আমাদের সম্পাদিত বৃহদারণ্যকের ভূমিকায় এই ব্যাখ্যাভেদ সংক্ষেপে বুঝান হইয়াছে। ঈশোপনিষদের দ্বিতীয় বিভাগে, ৯ম হইতে ১৪শ শ্রুতি পর্য্যন্ত, জ্ঞানকর্ম্মের সমুচ্চয় উপদেশ করা হইয়াছে। সমুচ্চয়বাদীরা বলেন একই সাধকে জ্ঞান ও কর্ম্ম সমুচ্চিত অর্থাৎ মিলিত হইতে পারে এবং হওয়া উচিত। আচার্য্য শঙ্কর সমুচ্চয়বাদী নহেন, তিনি সন্ন্যাসবাদী। তাঁহার মতে জ্ঞানলাভ হইলে কর্ম্ম-সন্ন্যাস করা উচিত। জ্ঞানকর্ম্মের সমুচ্চয় হইতে পারে না। তিনি এই ভাবেই এই সকল শ্রুতি ব্যাখ্যা করিয়াছেন। কিন্তু তাঁহার ব্যাখ্যা আমাদের কাছে সমীচীন বলিয়া বোধ হয় না। ঋষির অভিপ্রায় সমুচ্চয়। আমরা তাঁহার অভিপ্রায় যেরূপ বুঝিয়াছি সেরূপ ভাবেই তাঁহার উক্তি ব্যাখ্যা করিয়াছি। তিনি

জ্ঞানছাড়া কর্ম্ম এবং কর্ম্মছাড়া জ্ঞান উভয়ই অবাঞ্ছনীয় মনে করেন, কিন্তু জ্ঞানহীন কর্ম্মদ্বারাও অর্থাৎ কেবল পারিবারিক ও সামাজিক জীবন দ্বারাও মানুষের হৃদয়ের ও কর্ম্মশক্তির একটা প্রসার হয়। কর্ম্মহীন জ্ঞানদ্বারা, সন্ন্যাসদ্বারা, সে সেই প্রসার হইতে বঞ্চিত হইয়া শুষ্ক ও সঙ্কীর্ণ হইয়া পড়ে, ইহা বুঝিয়াই তিনি "ততো ভূয় ইব তে তমঃ" ইত্যাদি বাক্য উচ্চারণ করিয়া থাকিবেন। শঙ্করের ন্যায় একান্ত জ্ঞানের পক্ষপাতীর নিকট এই জাতীয় কথা অপ্রীতিকর হইবে, ইহা কিছুই বিচিত্র নহে। যাহা হউক্, এই উপনিষদের তৃতীয় বিভাগে, ১৫শ ও ১৬শ শ্রুতিতে, ঋষি তাঁহার দেবতায় বিশ্বাস অনুসারে, অথচ অদ্বৈতবাদের সহিত সামঞ্জস্য রক্ষা করিয়া, সূর্য্যমণ্ডলস্থ হিরণ্ময় পুরুষের স্তব করিয়াছেন। 'ছান্দোগ্যের' দ্বিতীয়াধ্যায় ষষ্ঠ খণ্ডে পাঠক এই পুরুষের বিশেষ বিবরণ এবং 'ব্রহ্মসূত্রে'র প্রথমাধ্যায় প্রথমাংশের ২০শ ও ২১শ সূত্রে ইহার বিচার পাইবেন। ১৭শ ও ১৮শ শ্রুতিতে মৃত্যুর প্রাক্‌কালীন চিন্তা ও অগ্নিস্তব দেওয়া হইয়াছে।

কেনোপনিষদ্—সামবেদের শাখাবিশেষের প্রবর্ত্তক ঋষি তলবকার। তাঁহার নামে এই উপনিষদ্ অভিহিত। ইহার প্রথম শব্দ 'কেন' অনুসারে ইহার নামান্তর 'কেনোপনিষদ্'। 'ঈশোপনিষদ্' প্রসঙ্গে বিষয়-বিষয়ীর ভেদ সম্বন্ধে যাহা বলা হইয়াছে, এই উপনিষদের প্রথম খণ্ডে তাহাই কিঞ্চিৎ স্পষ্টরূপে বলা হইয়াছে। লোকে চক্ষুদ্বারা যাহা দেখে, শ্রোত্রদ্বারা যাহা শুনে, প্রাণ বা ঘ্রাণেন্দ্রিয়দ্বারা যাহা আঘ্রাণ করে, বাগিন্দ্রিয়দ্বারা যাহা উচ্চারণ করে, মনদ্বারা যাহা চিন্তা-করে, কেবল তাহাকেই সত্য বলিয়া বিশ্বাস করে, এবং উপাস্য দেবতাকে এই সকল বিষয়ের সদৃশ বলিয়া কল্পনা করে। কিন্তু মন ও ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু সসীম, দেশকালে সীমাবদ্ধ, সুতরাং তাহা অনন্ত ব্রহ্মবস্তু নহে।

ঋষি বলিতেছেন, যে-বস্তু মানুষের মধ্যে থাকাতে মানুষ দেখে, শুনে, আঘ্রাণ করে, বাক্য উচ্চারণ করে, এবং এই সকল বিষয় চিন্তাকরে, সেই বস্তুই ব্রহ্ম। অর্থাৎ জ্ঞানের বিষয়, জ্ঞেয়বস্তু, ব্রহ্ম নহে, জ্ঞানের বিষয়ী, যে জ্ঞাতা, সেই ব্রহ্ম। কিন্তু আমাদের জ্ঞেয় বিষয় যেমন সীমাবদ্ধ, আমাদের জ্ঞাতৃত্ব ও কি তেমনি সীমাবদ্ধ নহে,? জ্ঞেয় বিষয় জ্ঞাতার বাহির হইতে আসে এবং জ্ঞাতার বাহিরে চলিয়া যায় বলিয়া বোধ হয়। বিষয় যেমন দেশ কালে পরিচ্ছিন্ন, বিষয়ীও তেমনি দেশ-কালে পরিচ্ছিন্ন বলিয়া বোধ হয়। মানুষে মানুষে জ্ঞানের তারতম্য আছে, মানুষে দেবতায় আরো তারতম্য থাকিতে পারে, কিন্তু সকলের জ্ঞানই সসীম। সুতরাং নিজের জ্ঞাতৃত্ব বা দেবতার জ্ঞাতৃত্ব জানিলেই যে সম্যক্‌রূপে অনন্ত ব্রহ্মকে জানা হইল তাহা নহে। এরূপ ব্রহ্মজ্ঞানের অসম্যক্‌ত্ব ঋষি দ্বিতীয় খণ্ডে দেখাইয়াছেন। কিন্তু এই যে আমরা বিষয় ও বিষয়ীর, জ্ঞেয় ও জ্ঞাতার, ভেদ করি, সীমা করি, ইহাতেই এক অভেদ অসীম বস্তু প্রকাশিত হন। জ্ঞাতাকে ছাড়িয়া জ্ঞেয় অর্থহীন, সত্তাহীন, জ্ঞেয়কে ছাড়িয়া জ্ঞাতাও অর্থহীন, সত্তাহীন। বস্তুতঃ প্রত্যেক জ্ঞান-ক্রিয়ায় একটী অভেদ অসীম বস্তু প্রকাশিত হন, ভেদ ও সীমা তাঁহার অন্তর্গত, স্বগত, তিনি ভেদ ও সীমার অতীত। তিনিই ব্রহ্ম, তিনিই বিশ্ব, বিশ্বাত্মা, আমাদের আত্মার আত্মা, অন্তরাত্মা। প্রত্যেক জ্ঞান-ক্রিয়াতে বিষয়-বিষয়ী-সমন্বিত যে বস্তু প্রকাশিত হয়, তাহার বাহিরে, ভিন্ন দেশে, ভিন্ন কালে, যাহা আছে বলিয়া চিন্তাকরি, বিশ্বাস করি, তাহা এই বিশ্বাত্মার, এই অন্তরাত্মার, অন্তর্ভূত বলিয়াই ভাবিতে হয়, বিশ্বাস করিতে হয়, অন্য কোন প্রকারে ভাবা ও বিশ্বাস করা অসম্ভব। সসীম কেবল অসীমের আংশিক প্রকাশ রূপেই অর্থবান্ ও সত্তাবান্, অন্য কোন রূপে নহে। যাহাকে 'অংশ' বলি তাহা পূর্ণের সঙ্গে অচ্ছেদ্য,

পূর্ণ তাহাতে বর্ত্তমান। তৃতীয় ও চতুর্থ খণ্ডের আখ্যায়িকা যে একটী রূপক তাহা পাঠক সহজেই বুঝিতে পারিবেন। অগ্নি, বায়ু, ইন্দ্র অর্থাৎ মেঘ বা বজ্রের শক্তি, এবং আমরা প্রত্যেকে যাকে নিজ স্বাধীন শক্তি বলিয়া অহংকৃত ও ব্রহ্ম সম্বন্ধে মোহাচ্ছন্ন হই, সেই শক্তি বস্তুতঃ ব্রহ্মেরই শক্তি। হিমালয়সদৃশ গাম্ভীর্য্যপূর্ণ সৌন্দর্য্যপূর্ণ স্থানে আসীন জ্ঞানী ধ্যানী সাধকদের চিত্তে প্রাদুর্ভূতা উমা অথাৎ জীবের রক্ষাকর্ত্রী ব্রহ্মবিদ্যার প্রসাদেই আমরা ব্রহ্মের পরিচয় পাই, এই মহাসত্য শিক্ষা দেওয়াই এই আখ্যায়িকার উদ্দেশ্য। অগ্নি ও বায়ুর শক্তি ব্রহ্ম প্রত্যাহার করিলেন, তাঁহারা একটী তৃণমাত্রও দগ্ধ করিতে বা স্থানান্তরিত করিতে পারিলেন না, অথচ তাঁহারা বুঝিতে পারিলেন না যে তাঁহাদের শক্তি তাঁহাদের নিজায়ত্ত নহে। তাঁহাদের তাহা বুঝিবার চেষ্টা নাই, ব্রহ্ম-বিদ্যা অর্জ্জনের উপযোগী শ্রমশীলতা নাই। কিন্তু ইন্দ্রের সম্মুখ হইতে ব্রহ্ম তিরোহিত হইলেও তিনি জিজ্ঞাসু হইয়া সেই স্থানে প্রতীক্ষা করিতে লাগিলেন। তাঁহার জিজ্ঞাসা ও সহিষ্ণুতার ফলে 'হৈমবতী উমার' সঙ্গে তাঁহার সাক্ষাৎ হইল, তিনি ব্রহ্মের পরিচয় পাইয়া কৃতার্থ হইলেন। প্রত্যহ শত সহস্র স্থলে এরূপ ঘটনা ঘটিতেছে। প্রতি রাত্রিতে সুষুপ্তির অবস্থায় আমাদের সমস্ত জ্ঞান ও শক্তি প্রত্যাহৃত, লুক্কায়িত, হইয়া যায়। কোথায় যায়, কোথা হইতে ফিরিয়া আসে, কত অল্প লোক তাহার অনুসন্ধান করে? যাঁহারা করেন তাঁহারা নিজ আত্মাতে পরমাত্মার, অন্তরাত্মার, সাক্ষাৎ দর্শন পান।

কঠোপনিষদ্—ইহা কৃষ্ণ যজুর্বেদের 'কঠ' শাখার অন্তর্গত। ইহা একটি অপূর্ব্ব দীর্ঘ রূপক। বাজশ্রবস বিশ্বজিৎ যজ্ঞ করিয়াছিলেন। যজ্ঞের ফল লাভের ইচ্ছা তাঁহার অবশ্যই ছিল। কিন্তু ধর্ম্মানুষ্ঠানে যে শ্রদ্ধা, যে আস্তিক্যবুদ্ধি, থাকা আবশ্যক, তাঁহাতে তাহার

অভাব ছিল। তাহা বোঝা গেল যখন তিনি যজ্ঞের ঋত্বিকদিগকে এমন গো দান করিতে লাগিলেন যাহারা—

'পীতোদকা জগ্ধতৃণা দুগ্ধদোহা নিরিন্দ্রিয়াঃ'।

ইহা দেখিয়া তাঁহার অল্পবয়স্ক সাধুচিত্ত পুত্র নচিকেতার হৃদয়ে শ্রদ্ধার উদয় হইল। নিজেকে পিতার সম্পত্তি ও দানের উপযুক্ত বস্তু মনে করিয়া, পিতার মঙ্গলার্থে তিনি নিজেকে দিতে চাহিলেন। 'কস্মৈ মান্দাস্যসি ?' তিন বার এই প্রশ্ন জিজ্ঞাসা করাতে পিতা ক্রুদ্ধ হইয়া বলিলেন 'মৃত্যবে ত্বা দদামি'। সুস্থ গোদানে যাহার অনিচ্ছা, উপযুক্ত পুত্রকে সে কিরূপে দিবে ? কিন্তু নচিকেতা পিতাকে তাঁহার নিজের প্রতিজ্ঞাপালনে একান্ত অনুরোধ করিয়া যমালয়ে প্রেরিত হইলেন। সেখানে যমের অনুপস্থিতিবশতঃ তিন দিন অনভ্যর্থিত থাকিয়া যমের প্রত্যাগমনে তাঁহার নিকট তিনটী বরের প্রতিশ্রুতি পাইলেন। নচিকেতার প্রার্থিত প্রথম দুই বর, (১) পিতার ক্ষমালাভ, (২) যজ্ঞের অগ্নিচয়নের প্রণালী, তিনি সহজেই পাইলেন। তৃতীয় বর, আত্মার স্বরূপ-জ্ঞান, চাওয়াতে মৃত্যু নানা আপত্তি উত্থাপন করিলেন। বরপ্রার্থী এই বরলাভের উপযুক্ত কি না, তাহা পরীক্ষা করিবার জন্য তাহাকে তিনি অনেক প্রলোভন দেখাইলেন এবং এই বরের স্থানে অন্য বর চাহিতে বলিলেন। নচিকেতা যদি কেবল সাময়িক কৌতুহল বশতঃ এত বড় প্রশ্ন জিজ্ঞাসা করিতেন, ক্ষুদ্র সসীম বাহ্য বস্তুতে যদি তিনি তৃপ্ত থাকিতেন, তবে এই সকল প্রলোভনে তিনি ভুলিয়া যাইতেন, যেমন সংসারে অনেক লোকই ভুলিয়া যায়। কঠিন প্রশ্ন করিয়াও সেই প্রশ্নের উত্তর বুঝিবার ও অনুসরণ করিবার শক্তি ও সহিষ্ণুতা অনেকেরই নাই। কিন্তু নচিকেতা ভুলিলেন না। বিশেষতঃ দেবলোকে যাইয়া, যমরাজের ন্যায় উপযুক্ত গুরু লাভ করিয়া, ক্ষুদ্র বস্তু লইয়া ফিরিয়া

আসা তাঁহার কাছে বড়ই অবিবেচনার কাজ বলিয়া বোধ হইল। তিনি দৃঢ়রূপে বলিলেন এই বরের বদলে আর কোন বর তিনি চান না। কাজেই যম তাঁহাকে আত্মতত্ত্বের উপদেশ দিলেন। রূপকটার ভাব এই যে সাক্ষাৎ ব্রহ্মজ্ঞান লাভ করিবার পূর্ব্বে মানুষ যে যজ্ঞ বা ঈশ্বরোপাসনাদি করে, তাহা যদি কেবল সামাজিক আচার রূপে না করিয়া শ্রদ্ধার সহিত করে, তবে তাহাতে তাহার চিত্তশুদ্ধি ও হৃদয়ে ভক্তি সঞ্চারিত হওয়াতে সে ব্রহ্মজ্ঞান লাভের উপযুক্ত হয়। ব্রহ্মজ্ঞান লাভের একটা সুযোগ নিজের মৃত্যু বা আপন লোকের মৃত্যুর সম্মুখীন্ হওয়া। এরূপ স্থলে মৃত্যুই অমৃতত্বের শিক্ষা দেয়। রূপকের 'নচিকেতা'র অর্থ যজ্ঞাগ্নি, অর্থাৎ অগ্নিসাধ্য দেবপূজা, যাহা প্রাচীন কালে এদেশে জ্ঞান লাভের প্রাক্‌কালীন অনুষ্ঠেয় ধর্ম্মরূপে প্রচলিত ছিল। এখন তাহার আকার পরিবর্ত্তিত হইয়াছে। যাহা হউক্ কর্ম্মপ্রধান ধর্ম্ম যে আকারই ধারণ করুক, তাহা শ্রদ্ধা ও ভক্তিসমন্বিত হইলে সাক্ষাৎ জ্ঞানমূলক ধর্ম্মের দিকে লইয়া যায় এবং মৃত্যু বা অন্য গুরুর সাহায্যে ব্রহ্মজ্ঞান ও ব্রহ্মোপাসনায় পরিণত হয়। কঠোপনিষদে এই ব্রহ্মজ্ঞান যে প্রণালীতে ব্যাখ্যাত হইয়াছে তাহাতে কতিপয় ইঙ্গিত ছাড়া আর কিছু নাই। এই ইঙ্গিতগুলির মধ্যে প্রথমাধ্যায়ের দ্বিতীয়া বল্লীতে ১৮শ শ্রুতি একটী প্রধান। 'ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিৎ' 'জ্ঞানবান্ আত্মার জন্ম নাই, মরণ নাই'; এই বাক্যটী বোঝার উপর ব্রহ্মজ্ঞান নির্ভর করে। আত্মাতেই ব্রহ্মের সাক্ষাৎ প্রকাশ। এই প্রকাশ না দেখিলে ঈশ্বরাস্তিত্বের অন্য যত প্রমাণ আলোচনা করা যাক্ তাহাতে নিঃসংশয় বিশ্বাস জন্মে না, এবং জন্মিলেও সেই বিশ্বাস সাক্ষাৎ অনুভূতিতে পরিণত হয় না। আত্মার সঙ্গে কালের সম্বন্ধ বিচার করিলে দেখা যায় আত্মা কালপ্রবাহের অতীত; সুতরাং তাহার উৎপত্তিও নাই,

বিনাশও নাই। কালে তাহার আবির্ভাব আছে, তিরোভাবও আছে, কিন্তু তাহার পক্ষে জন্ম মরণ অর্থহীন। আত্মা যেমন কালপ্রবাহের অতীত, তেমনি দেশবিভাগেরও অতীত। দেশ ও দেশের বিভাগ অবিভক্ত আত্মার আশ্রিত; আত্মা অনন্ত. অখণ্ড। দেশস্থিত সমস্ত বস্তুই আত্মার আশ্রিত, সমস্তই অরূপের রূপ।

"একো বশী সর্ব্বভূতান্তরাত্মা
একং রূপং বহুধা যঃ করোতি"। (৫। ১২)

এই জাতীয় শ্রুতিতে কঠোপনিষদ্ পরিপূর্ণ, কিন্তু আত্মার সহিত দেশের সম্বন্ধ জ্ঞানবিশ্লেষণদ্বারা না বুঝিলে এই সত্যের স্পষ্ট ধারণা হয় না। এই বিষয়ে এই ভূমিকায় ইতিপূর্ব্বে কতক বলা হইয়াছে; পরে যথাস্থানে আরো বলা হইবে। আত্মার মূল একত্ব ও অখণ্ডত্ব এবং অবান্তর ভেদ বোঝাই ঔপনিষদ্ ব্রহ্মবাদ বোঝার মূল কথা।

প্রশ্নোপনিষদ্—এই উপনিষদে অনেক অবান্তর বিষয় আছে, বিশেষতঃ কতিপয় পারিভাষিক শব্দ আছে, যেসকল বোঝা কঠিন, কিন্তু না বুঝিলে বিশেষ ক্ষতি আছে বলিয়া বোধ হয় না। ইহার দুটী স্থান বিশেষরূপে বিবেচ্য। চতুর্থ প্রশ্নে জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তির আলোচনা করিয়া দেখান হইয়াছে যে সুষুপ্তিতে জীবাত্মা তাহার সমস্ত জ্ঞান লইয়া পরমাত্মাতে প্রতিষ্ঠিত থাকে। ইহার প্রমাণ এই ভূমিকায় ইতিপূর্ব্বেই দেওয়া হইয়াছে। জ্ঞাতৃত্ব ও জ্ঞেয়ত্ব, বিষয়ী ও বিষয়, পরস্পরসাপেক্ষ। জ্ঞাতৃছাড়া জ্ঞেয় থাকে, জ্ঞেয়ছাড়া জ্ঞাতৃ থাকে, ইহা অর্থহীন। সুতরাং সুষুপ্তিতে, যে অবস্থায় সসীম জ্ঞাতা ও জ্ঞেয়ের ব্যক্তভাব নাই, তাহাতে যদি ইহারা অনিদ্র অসীম পরমাত্মাতে না থাকিত, তবে জাগ্রতে ইহাদের পুনঃ প্রকাশ অসম্ভব হইত। সুতরাং ঋষি পিপ্পলাদ এস্থলে একটী খুব পাকা কথা বলিয়াছেন। কিন্তু তাঁহার

ষষ্ঠাধ্যায়ের লয়বাদ গ্রহণযোগ্য বোধ হয় না। উপনিষদের এক শ্রেণীর ঋষি যে তাহা খণ্ডন করিয়াছেন তাহা ইতিপূর্ব্বে বলা হইয়াছে এবং পরে তাহা বিশেষরূপে দেখান হইবে। এস্থলে সংক্ষেপে বক্তব্য এই যে যখন সুষুপ্তির অন্তে সসীম আত্মা ও তাহার ব্যক্তিগত সসীম জ্ঞান পুনঃ প্রকাশিত হয়, তখন ইহাই প্রমাণ হয় যে জীবাত্মার 'কলা' অর্থাৎ ভেদ কখনও বিনষ্ট হইতে পারে না, পরমাত্মাতে তাহা নিত্য রূপে বর্ত্তমান থাকে।

মুণ্ডকোপনিষদ্—'মুণ্ডক' অর্থ ক্ষুর। যেমন ক্ষুর নিঃশেষ রূপে কেশ ছেদন করে, তেমনি এই উপনিষদ্ নিঃশেষরূপে অবিদ্যা দূর করে, এই অর্থে ইহার নাম 'মুণ্ডক'। অধ্যাপক ম্যাক্সমুলার অনুমান করেন এই উপনিষদ্ অদ্বৈতবাদী কোন বৌদ্ধ শ্রমণের রচিত, তাহাতেই ইহার নাম 'মুণ্ডক' অর্থাৎ 'মুণ্ডিত-মস্তক', 'নেড়া'— বৌদ্ধশ্রমণের অবজ্ঞাসূচক নাম। এই অনুমানের যথেষ্ট প্রমাণ নাই। ইহাতে বৌদ্ধ-মতের অনুরূপ লয়বাদ আছে বটে, কিন্তু তাহা অন্যান্য উপনিষদেও আছে, তাহা এক শ্রেণীর উপনিষদ্ ঋষির গৃহীত মত। যাহা হউক, উপনিষদ্ খানা উৎকৃষ্ট ও শ্রুতিমধুর শ্লোকে পরিপূর্ণ। আমাদের সূচীর সাহায্যে ইহা পড়িলে ইহাতে উপদিষ্ট সত্যগুলি সহজেই বোঝা যাইবে, বিশেষ ব্যাখ্যার প্রয়োজন আছে বলিয়া বোধ হয় না। ২।১ টা কথা বিশেষ ভাবে বলা যাইতে পারে। প্রথমেই আছে ব্রহ্মার কথা। বেদান্তের ব্রহ্মা পুরাণের চতুর্ম্মুখ বিগ্রহবান্ ব্রহ্মা নহেন। দেশাতীত কালাতীত পরব্রহ্মের দেশে কালে প্রকাশকে উপনিষদ্ 'ব্রহ্মা', 'অপরব্রহ্ম', 'কার্য্যব্রহ্ম', 'হিরণ্যগর্ভ' প্রভৃতি নামে অভিহিত করেন। দেশ কাল ও দেশ-কালস্থিত অসংখ্য গুণ বা বিজ্ঞান অব্যক্ত ভাবে পরব্রহ্মে বর্ত্তমান, এই

অর্থে পরব্রহ্ম নির্গুণ। তিনি দেশে কালে অসংখ্য বিজ্ঞান-সমন্বিত রূপে ব্যক্ত, এই অর্থে তিনি সগুণ; এই অর্থেই তিনি ব্রহ্মা,—'বিশ্বস্য কর্ত্তা ভুবনস্য গোপ্তা'।

আর একটী কথা পন্থাদ্বয় ও গতিদ্বয়। এই বিষয় মুণ্ডকে সংক্ষেপে বলা হইয়াছে, বৃহত্তর গদ্য উপনিষদ্‌গুলিতে ইহার বিস্তৃত বর্ণনা আছে। কথাটা এই যে যাহারা কেবল কর্ম্মকাণ্ডের ধর্ম্ম লইয়াই জীবন যাপন করে, ব্রহ্মজ্ঞান লাভের চেষ্টা করে না, তাহারা দেহান্তে 'পিতৃযাণ' পথে পিতৃলোক বা দেবলোকে যায় এবং পুণ্যফল ক্ষয় হইলে পূর্ব্বজন্মের কর্ম্মফলানুসারে উচ্চ বা নীচ যোনিতে পুনর্জ্জন্ম গ্রহণ করে। যাহারা ব্রহ্মজ্ঞান ও ব্রহ্মোপাসনা সাধন করেন তাঁহারা 'দেবযান' পথে ব্রহ্মলোকে যান। সেই লোক পরব্রহ্মলোক কি অপরব্রহ্মলোক এই বিষয়ে মতভেদ আছে। যাঁহারা বলেন তাহা পরব্রহ্মলোক, তাঁহাদের মতে সেই লোকে চিরবাস অপেক্ষা উচ্চতর অবস্থা আর কিছু নাই। যাঁহারা বলেন সেই লোক অপরব্রহ্মলোক, তাঁহাদের মতে 'পরান্তকালে' অর্থাৎ কল্পান্তে অপরব্রহ্মের সঙ্গে তল্লোকবাসী জীবগণ পরব্রহ্মে লীন হন। প্রশ্নোপনিষদের পঞ্চম ও ষষ্ঠ প্রশ্ন এবং তৃতীয় মুণ্ডকের দ্বিতীয় খণ্ড পড়িলে পাঠক দেখিবেন 'প্রশ্ন' ও 'মুণ্ডক' এই বিষয়ে একমত। অন্য মত 'কৌষীতকি' ও 'ছান্দোগ্যে' পাইবেন। আমাদের "শাস্ত্রীয় ব্রহ্মবাদ ও ব্রহ্মসাধনের" বিংশাধ্যায়ে পন্থাদ্বয় ও গতিদ্বয়ের বিস্তৃত আলোচনা আছে।

মাণ্ডূক্য উপনিষদ্‌—মাণ্ডূক্য ঋষির নামে এই উপনিষদ্ পরিচিত। ইহাতে আত্মার চারিটী অবস্থা,—জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি ও চতুর্থ বা 'তুরীয়'—বর্ণিত হইয়াছে এবং ওঁকারের অ, উ, ম এই তিন মাত্রা এবং অমাত্র একীভূত ওঁকারের সহিত ইহাদের তুলনা করা

হইয়াছে। এই উপনিষদ্ অতি সংক্ষিপ্ত হইলেও বৈদান্তিক সাহিত্যে ইহার স্থান উচ্চ। আচার্য্য গৌড়পাদ ইহা ব্যাখ্যা করিয়া একটী কারিকা লিখিয়াছেন। তদনুশিষ্য শঙ্কর উপনিষদের সঙ্গে এই কারিকারও ভাষ্য লিখিয়াছেন। রাজা রামমোহন রায়ের সংস্কৃত ও বাঙ্গালা গ্রন্থাবলীতে এই উপনিষদের বিস্তৃত ব্যাখ্যা আছে। নির্ব্বিশেষ অদ্বৈতবাদ বুঝিবার পক্ষে এই সকল লেখা বিশেষ সহায়। ইতিপূর্ব্বে এই ভূমিকায়, বিশেষতঃ 'কেনোপনিষদ্' ব্যাখ্যায়, যাহা বলা হইয়াছে, তার পরে এই উপনিষদ্ ব্যাখ্যান আর অধিক কিছু বলার প্রয়োজন আছে বলিয়া বোধ হয় না। সংক্ষেপে কিছু বলিব। জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি, আত্মার এই তিন অবস্থা কোন্ আত্মার অবস্থা? পরমাত্মার না জীবাত্মার? "সর্ব্বং হি এতদ্ ব্রহ্ম", সুতরাং পরমাত্মার বাহিরে কিছুই নাই, তাঁহার জ্ঞানে আবির্ভাব, তিরোভাব, আসা-যাওয়া, নাই; তাঁহার জ্ঞান অপরিবর্ত্তনীয়। কিন্তু জাগ্রৎ অবস্থায় ক্রমাগত জ্ঞানের আবির্ভাব-তিরোভাব হয়, স্মৃতি-বিস্মৃতির পরিবর্ত্তন হয়। যাঁহার ভিতরে সমস্ত আছে তাঁহার পক্ষে এরূপ হওয়া অসম্ভব, অর্থহীন। কেবল সসীম জীবাত্মার পক্ষেই এই সকল ঘটনা সম্ভব। সুতরাং ব্রহ্মের আশ্রয়ে সসীম জীবাত্মার অস্তিত্ব নিঃসন্দিগ্ধ। অসীমের ভিতরে সসীমের স্থান কিরূপে হয় তা বুঝিতে পারি না, বুঝাইতে পারি না, বলিয়া সসীমকে অসৎ, মিথ্যা, বা ব্যাবহারিক বলা অত্যন্ত অযৌক্তিক। বুঝিতে পারি নাই বা কেমন করিয়া বলি? সসীম-অসীম পরস্পরে আপেক্ষিক শব্দ। অসীমছাড়া সসীম যেমন অর্থহীন, সসীমছাড়া অসীমও তেমনি অর্থহীন। যাহা হউক, জাগ্রৎ অপেক্ষা স্বপ্ন ও সুষুপ্তি সসীম জীবাত্মার প্রকৃত অস্তিত্বের আরো স্পষ্টতর প্রমাণ। স্বপ্নে যে বহির্জ্জগৎ একেবারে অজ্ঞাত হইয়া যায় ইহা উপনিষৎকারই স্বীকার

করিতেছেন। সুষুপ্তিতে 'বহিঃপ্রজ্ঞা', 'অন্তঃপ্রজ্ঞা', উভয়ই লুপ্ত হইয়া যায়। কাহার পক্ষে লুপ্ত হয়? সসীম জীবাত্মার অস্তিত্ব না থাকিলে এই লোপ অসম্ভব, অর্থহীন। এই লোপকে মাণ্ডুক্যকার 'একীভূত', 'প্রজ্ঞানঘন' বলিতেছেন। তাহা কিরূপে সম্ভব? যেখানে প্রজ্ঞা নাই সেখানে 'প্রজ্ঞানঘন'ও নাই। ছান্দোগ্যে (৮।১১।১২) ইন্দ্রবাক্যে, আমাদের আপত্তি সমর্থিত হইয়াছে। এরূপ শূন্যময় অবস্থাকে মাণ্ডুক্য 'সর্ব্বেশ্বর, সর্ব্বজ্ঞ, অন্তর্যামী' কিরূপে বলিতেছেন? তার পরে তিনি চতুর্থ অবস্থার যে বর্ণনা দিয়াছেন তাহা তো প্রায় সমস্তই অভাবাত্মক। এত অভাবাত্মক বর্ণনার পর 'একাত্মপ্রত্যয়-সার', 'শিব', 'বিজ্ঞেয়' এই সমস্ত বিশেষণই অর্থহীন। বস্তুতঃ চতুর্থ অবস্থা যাহা,—অসীমের অবস্থা, অসীমের স্বরূপ,—তাহাতে কোন অভাব কল্পিত হইতে পারে না, তাহাতে দেশ, কাল, গুণ, বিজ্ঞান, ব্যক্তিত্ব, সমস্তই নিঃশেষরূপে আছে, এই সিদ্ধান্তই সমীচীন। দেবর্ষি প্রজাপতি, ইন্দ্র ও সনৎকুমার, এবং রাজর্ষি প্রবাহণ ও চিত্র তাহাই বলিয়াছেন। এই বিশিষ্টাদ্বৈত, অর্থাৎ বিশেষযুক্ত অদ্বৈত, বহু-সমন্বিত এক, অসংখ্য ভেদ যাহার অন্তর্ভূত এমন অভেদ, এই মতই বিশুদ্ধ যুক্তিসম্মত মত বলিয়া বোধ হয়। কার্য্যতঃ এই মতই জ্ঞান, ভক্তি, কর্ম্ম, সর্ব্ববিধ সাধনের দৃঢ় ও নিরাপদ ভিত্তি। নির্ব্বিশেষ অদ্বৈতবাদের উপর কোনও সাধনই প্রতিষ্ঠিত হইতে পারে না।

টীকাকৃতো মঙ্গলাচরণম্

পরাত্মানং নমস্কৃত্য চিদানন্দং পরাৎপরম্।
ব্রহ্মবিদ্যা-সম্প্রদায়-প্রতিষ্ঠাতৃন্ নমাম্যহম্॥
ভাষ্যসিন্ধুং বিমথ্যৈব শঙ্করস্য মহাত্মনঃ।
উদ্ধৃতা বহুলায়াসাদ্ বিন্দুমাত্রামৃতোপমা॥
দণ্ডান্বয-সমাযুক্তা সরলা চ সুবোধিনী।
টীকা প্রচাষ্যতে লঘ্বী 'শঙ্করকৃপা'-নামিকা॥
মতভেদ-সমাকীর্ণং ত্যক্ত্বা সর্ব্বং বিচারণম্।
শব্দবাক্যার্থমাত্রাদ্ধি লভ্যা ব্যাখ্যা ইহোদ্ধৃতা॥
ভাষ্যকারেণ চানুক্তা বহ্বর্থা অত্র কীর্ত্তিতাঃ।
তস্মাদ্ যত্র মতানৈক্যং তচ্চ প্রায়ঃ প্রদর্শিতম্

অনুবাদ—চিদানন্দ পরাৎপর পরমাত্মাকে প্রণাম করিয়া ব্রহ্মবিদ্যা-সম্প্রদায়-প্রতিষ্ঠাতাদিগকে নমস্কার করি। মহাত্মা শঙ্করাচার্য্যের ভাষ্যসিন্ধু মন্থনপূর্ব্বক বহু আয়াসে অমৃততুল্য এক বিন্দু উদ্ধার করিয়া দণ্ডান্বয়যুক্তা, সরলা, সহজবোধ্যা ও সংক্ষিপ্তা 'শঙ্করকৃপা'-নাম্নী একটী টীকা রচনা ও প্রকাশ করিলাম। উপনিষদের শব্দ ও বাক্যের অর্থ আলোচনা

করিলে যে ব্যাখ্যা পাওয়া যায়, এই টীকায় কেবল তাহাই উদ্ধৃত হইয়াছে, মতভেদ-সমাকীর্ণ সমুদায় বিচার পরিত্যক্ত হইয়াছে। ভাষ্যকার যে সকল শব্দ ও বাক্যের অর্থ দেন নাই এমন অনেক শব্দও বাক্যের অর্থও ইহাতে দেওয়া হইয়াছে। যে যে স্থলে ব্যাখ্যা সম্বন্ধে তাঁহার সহিত আমার মতের অনৈক্য তাহাও প্রায়ই প্রদর্শিত হইল।

পঞ্চম সংস্করণের বিজ্ঞাপন

এই সংস্করণে টীকা ও বঙ্গানুবাদ স্থানে স্থানে সংশোধিত হইয়াছে। বৈদিক সাহিত্যে উপনিষদের স্থান, উপনিষদের শ্রেণীবিভাগ এবং প্রত্যেক উপনিষদের দার্শনিক তত্ত্বব্যাখ্যা-সম্বলিত একটী দীর্ঘভূমিকা এই সংস্করণে দেওয়া হইল। আশা করি ইহাতে উপনিষদ্ অধ্যয়ন পূর্ব্বাপেক্ষা সুগমতর হইবে।

২১০।৩।২, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্,
কলিকাতা, ২৭শে পৌষ, ১৩৭৩। } সম্পাদক

স্বর্গীয়া শ্রীমতী দেবী নগেন্দ্রবালার উদ্দেশে

গ্রন্থোৎসর্গ

যিনি অনন্ত-জীবন পথে পান্থনিবাস-রূপ আমার গৃহে আমার পত্নীরূপে কিছু দিন বাস করিয়াছিলেন,

যিনি গার্হস্থ্য জীবনের সমুদায় কর্ত্তব্য বিশ্বস্তরূপে সম্পাদন করিয়া বিধাতার আহ্বানে উচ্চতর লোকে গমন করিয়াছেন,

যিনি ইহ-জীবনেই উপনিষৎ-প্রতিপাদিত আত্মজ্ঞান লাভ করিয়াছিলেন এবং ব্রহ্মযোগের মধুর আস্বাদন অনুভব করিয়াছিলেন,

যিনি সংস্কৃত ভাষায় অনভিজ্ঞা হইয়াও সংস্কৃত শ্লোকের রসাস্বাদনে সমর্থা ছিলেন,

'কেনেষিতং পততি প্রেষিতং মনঃ' প্রভৃতি বচনগুলি যাঁহার অতীব প্রিয় ছিল,

যিনি অদ্য এখানে বর্ত্তমান থাকিলে এই পুস্তকের প্রচারে অত্যন্ত আনন্দ লাভ করিতেন,

যাঁহার স্মৃতিচিহ্ন স্বরূপ এই টীকা ও অনুবাদ রচিত হইয়াছে, তাঁহারই পবিত্র নামে এই গ্রন্থদ্বয় ভক্তিভাবে উৎসর্গীকৃত হইল।

অনুক্রমণিকা

বিষয়		পৃষ্ঠাঙ্ক	শ্রুতি-সংখ্যা
ব্রহ্ম চিরজাগ্রত ও সর্ব্বলোকাশ্রয়	...	...	৮
ব্রহ্ম বিশ্বরূপী ও বিশ্বাতীত	...	...	৯—১১
ব্রহ্মদর্শন সুখ ও শান্তির নিদান	...	...	১২,১৩
ব্রহ্ম জ্যোতির জ্যোতি	...	...	১৪,১৫
দ্বিতীয়ধ্যায়ে তৃতীয়া বল্লী	...	৭৬—৮৩	
সংসাররূপ অশ্বত্থ ও তৎকারণ	...	...	১
ব্রহ্ম উদ্যত বজ্রের ন্যায় ভয়ানক	..	...	২,৩
ব্রহ্মজ্ঞানাভাবে পুনর্জ্জন্ম	...	..	৪
ব্রহ্মজ্ঞানের তারতম্য	...	...	৫,৬
ব্রহ্মজ্ঞান অমৃতত্বের হেতু	...	...	৭—৯
যোগসাধন	...	...	১০,১১
অস্তীতি ও তত্ত্বভাব	...	...	১২,১৩
কামনামুক্তি ও ব্রহ্মলাভ	...	.	১৪—১৬
উপসংহার	...	...	১৭,১৮
প্রশ্নোপনিষদ্	..	৮০—১১৫	
প্রথম প্রশ্ন	...	৮৪—৯১	
ঋষি পিপ্পলাদ ও তাঁহার ছয় শিষ্য	...	...	১—৩
প্রাণ ও রয়ি	...	...	৪—৮
দ্বিতীয় প্রশ্ন	...	৯২—৯৭	
ইন্দ্রিয়সমূহের মধ্যে প্রাণের শ্রেষ্ঠত্ব-বিষয়ক উপাখ্যান		...	১—৪
প্রাণস্তুতি	...	...	৫—১৩
তৃতীয় প্রশ্ন	..	৯৮—১০৩	
প্রাণের পঞ্চ বিভাগ	...	...	১—১২

বাজসনেয়সংহিতোপনিষৎ

বা

ঈশোপনিষৎ

ঈশা বাস্যমিদং সর্ব্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যস্বিদ্ধনম্ ॥ ১ ॥
কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ।
এবং ত্বয়ি নান্যথেতোঽস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে ॥ ২ ॥

'জগত্যাম্' ব্রহ্মাণ্ডে 'যৎ কিঞ্চ' যৎ কিঞ্চিৎ 'জগৎ' চলৎ প্রপঞ্চভূতম্ অস্তি, 'ইদং সর্ব্বম্' 'ঈশা' ঈশ্বরেণ 'বাস্যম্' আচ্ছাদনীয়ম্,—সর্ব্বম্ ব্রহ্মময়ম্ ইতি জ্ঞাত্বা বিষয়বুদ্ধিঃ ত্যাজ্যা ইতি ভাবঃ। 'তেন ত্যক্তেন' বিষয়বুদ্ধি-ত্যাগেন [পরমাত্মানম্] 'ভুঞ্জীথাঃ'; কিঞ্চ 'তেন' ঈশ্বরেণ 'ত্যক্তেন' বিসৃষ্টেন, প্রদত্তেন বিষয়েণ 'ভুঞ্জীথাঃ' ভোগং নির্ব্বহেথাঃ। 'কস্যস্বিৎ' কস্যচিৎ 'ধনম্ মা গৃধঃ' ধনাকাঙ্ক্ষাম্ মাকার্ষী ॥ ১ ॥

[নরঃ] 'কর্ম্মাণি কুর্ব্বন্ এব' 'শতম্' শতসংখ্যকাঃ 'সমাঃ' সংবৎসরান্ 'ইহ' অত্র লোকে 'জিজীবিষেৎ' জীবিতুম্ ইচ্ছেৎ। 'এবম্' এবম্প্রকারেণ

১। জগতে যাহা কিছু প্রপঞ্চভূত চঞ্চল বিষয় আছে, সেই সমুদায়কে ঈশ্বরদ্বারা আচ্ছাদন করিতে হইবে, অর্থাৎ সমস্তই ঈশ্বরময় এরূপ জানিয়া বিষয়বুদ্ধি ত্যাগ করিতে হইবে। সেই ত্যাগদ্বারা অর্থাৎ বিষয়-বুদ্ধি ত্যাগ করিয়া পরমাত্মাকে সম্ভোগ কর; অথবা, ঈশ্বরপ্রদত্ত বিষয়-দ্বারা ভোগনির্ব্বাহ কর, কাহারো ধনে আকাঙ্ক্ষা করিও না।

২। মনুষ্য কর্ম্ম করিয়াই ইহ লোকে শত বৎসর জীবিত থাকিতে

অসূর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ।
তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনাঃ ॥ ৩ ॥
অনেজদেকং মনসো জবীয়ো নৈনদ্দেবা আপ্নুবন্ পূর্ব্বমর্ষৎ।
তদ্ধাবতোঽন্যানত্যেতি তিষ্ঠৎ তস্মিন্নপো মাতরিশ্বা দধাতি ॥৪॥

জিজীবিষতি 'ত্বয়ি নরে' 'কর্ম্ম ন লিপ্যতে' অশুভকর্ম্মণা ত্বং ন লিপ্যসে, ইত্যর্থঃ; 'ইতঃ' এতস্মাৎ প্রকারাৎ 'ন অন্যথা' ন প্রকারান্তরম্ 'অস্তি' ॥২॥

'অসূর্য্যাঃ' সূর্য্যবিহীনাঃ, জ্যোতির্বিহীনাঃ, অসুর্য্যাঃ ইতি পাঠে, অসুরাবাসভূতাঃ, 'নাম' প্রসিদ্ধাঃ 'অন্ধেন' অদর্শনাত্মকেন 'তমসা' অজ্ঞানেন 'আবৃতাঃ তে লোকাঃ' [সন্তি।] 'যে কে চ' 'আত্মহনঃ জনাঃ' অবিদ্বাংসঃ আত্মানম্ ঘ্নন্তি হিংসন্তি,—অবিদ্যাদোষেণ বিদ্যমানম্ আত্মানম্ তিরস্কুর্ব্বন্তি ইতি,—'তে' 'প্রেত্য' ইমং দেহং ত্যক্ত্বা 'তান্' [লোকান্] 'অভিগচ্ছন্তি' ॥ ৩ ॥

[ব্রহ্ম] 'একং' [তথা] 'অনেজৎ' অচলং [অপি] 'মনসঃ' 'জবীয়ঃ' বেগবত্তরম্,—মনসা অপ্রাপ্যম্, 'দেবাঃ' চক্ষুরাদীনি ইন্দ্রিয়াণি 'পূর্ব্বমর্ষৎ' পূর্ব্বম্ এব গতম্ 'এনৎ' এতৎ 'ন আপ্নুবন্' ন প্রাপ্তবন্তঃ। 'তৎ' 'তিষ্ঠৎ'

ইচ্ছা করিবে। হে মনুষ্য, এরূপ করিলে তোমাতে কর্ম্ম লিপ্ত হইবে না (অর্থাৎ তুমি অশুভ কর্ম্মে লিপ্ত হইবে না); ইহা ব্যতীত অন্য পথ নাই।

৩। আলোকবিহীন (বা অসুরাবাসভূত) অজ্ঞানরূপ অন্ধকারাবৃত লোকসমূহ আছে। যাহারা আত্মঘাতী, অর্থাৎ যাহারা অবিদ্যাবশতঃ আত্মাকে অস্বীকার করে, তাহারা এই দেহান্তে সেই সমুদায় লোকে গমন করে।

৪। ব্রহ্ম এক এবং অচল হইলেও মন হইতে বেগবান্; তিনি

তদেজতি তন্নৈজতি তদ্ দূরে তদ্বন্তিকে।
তদন্তরস্য সর্ব্বস্য তদু সর্ব্বস্যাস্য বাহ্যতঃ ॥ ৫ ॥
যস্তু সর্ব্বাণি ভূতানি আত্মন্যেবানুপশ্যতি।
সর্ব্বভূতেষু চাত্মানং ততো ন বিজুগুপ্সতে ॥ ৬ ॥

[স্থিতম্ অপি] 'ধাবতঃ' দ্রুতম্ গচ্ছতঃ 'অন্যান্' মনঃ-বাগিন্দ্রিয়-প্রভৃতীন্ 'অত্যেতি' অতীত্য গচ্ছতি ইব ; 'তস্মিন্' পরমাত্মনি সতি 'মাতরিশ্বা' মাতরি অন্তরীক্ষে শ্বসতি গচ্ছতি ইতি বায়ুঃ 'অপঃ' প্রাণিনাম্ চেষ্টালক্ষণানি কর্ম্মাণি 'দধাতি' বিভজতি, ধারয়তি বা ॥ ৪ ॥

'তৎ' ব্রহ্ম 'এজতি' চলতি 'তৎ ন এজতি'। 'তৎ দূরে তৎ' 'উ' অপি 'অন্তিকে' সমীপে। 'তৎ' 'অস্য সর্ব্বস্য' জগতঃ 'অন্তঃ' অভ্যন্তরে, 'তৎ উ অস্য সর্ব্বস্য বাহ্যতঃ' [অস্তি] ॥ ৫ ॥

'যঃ তু সর্ব্বাণি ভূতানি আত্মনি এব অনুপশ্যতি, সর্ব্বভূতেষু চ আত্মানম্' [অনুপশ্যতি সঃ] 'ততঃ' তস্মাৎ এব দর্শনাৎ [কঞ্চিদপি] 'ন বিজুগুপ্সতে' কস্যাপি ঘৃণাং ন করোতি ॥ ৬ ॥

অগ্রগামী, ইন্দ্রিয় সকল তাঁহাকে প্রাপ্ত হয় না, তিনি স্থির থাকিয়াও মন ও বাগিন্দ্রিয় প্রভৃতি দ্রুতগামী অন্য সকলকে অতিক্রম করিয়া যান, তিনি থাকাতেই বায়ু প্রাণীদিগের দেহ-চেষ্টাসকল বিধান করিতেছে।

৫। তিনি চলেন, তিনি চলেন না, তিনি দূরে আছেন, তিনি নিকটেও আছেন। তিনি এই সমুদায়ের অন্তরে আছেন, তিনি এই সমুদায়ের বাহিরেও আছেন।

৬। যিনি আত্মাতে সমুদায় বস্তু দেখেন, এবং সমুদায় বস্তুতে আত্মাকে দেখেন, তিনি সেই কারণে কাহাকেও ঘৃণা করেন না।

যস্মিন্ সর্ব্বাণি ভূতানি আত্মৈবাভূদ্বিজানতঃ।
তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপশ্যতঃ ॥ ৭ ॥
স পর্য্যগাচ্ছুক্রমকায়মব্রণ-
মস্নাবিরং শুদ্ধমপাপবিদ্ধম্।
কবির্ম্মনীষী পরিভূঃ স্বয়ম্ভূ র্যাথাতথ্যতোঽর্থান্
ব্যদধাচ্ছাশ্বতীভ্যঃ সমাভ্যঃ ॥ ৮ ॥

'যস্মিন্' [কালে] 'বিজানতঃ' জ্ঞানিনঃ 'আত্মা এব সর্ব্বাণি ভূতানি অভূৎ' তস্য একাত্মপ্রত্যয়ঃ প্রকাশতে, ইতি ভাবঃ, 'তত্র' তস্মিন্ কালে [এবং] 'একত্বম অনুপশ্যতঃ' একত্বদর্শনশীলস্য 'কঃ মোহঃ কঃ এবং শোকঃ [বর্ত্ততে ?] ॥ ৭ ॥

'সঃ' পরমাত্মা 'পরি' সমন্তাৎ 'অগাৎ' গতবান্—সর্ব্বব্যাপী ইত্যর্থঃ, 'শুক্রম্' জ্যোতির্ম্ময়ং, 'অকায়ম, অশরীরম্ 'অব্রণম্' অক্ষতম্, অস্নাবিরং স্নাবাঃ শিরাঃ যস্মিন্ ন বিদ্যন্তে, 'শুদ্ধম্ অপাপবিদ্ধম্' পাপবর্জ্জিতম্ [সঃ] 'কবিঃ' সর্ব্বদৃক্, 'মনীষী' মনসঃ ঈশিতা নিয়ন্তা, 'পরিভূঃ' সর্ব্বেষাম্ উপর্য্যুপরি ভবতি ইতি, 'স্বয়ম্ভূঃ'। [সঃ] 'যাথাতথ্যতঃ যথাভূতকর্ম্ম-সাধনতঃ 'শাশ্বতীভ্যঃ' নিত্যাভ্যঃ 'সমাভ্যঃ' সংবৎসরাখ্যেভ্যঃ প্রজাপতিভ্যঃ, সর্ব্বস্মিন কালে ইত্যর্থ, 'অর্থান্' পদার্থান্ 'ব্যদধাৎ' বিহিতবান্ ॥ ৮ ॥

৭। যখন জ্ঞানীর আত্মাই সমুদায় ভূত হয় (অর্থাৎ তাঁহার একাত্মপ্রত্যয় জন্মে, তখন এরূপ একত্বদর্শী ব্যক্তির মোহ ও শোকের সম্ভাবনা থাকে না।

৮। তিনি সর্ব্বব্যাপী, জ্যোতির্ম্ময়, অশরীরী, শিরা ও ব্রণরহিত, শুদ্ধ, অপাপবিদ্ধ। তিনি সর্ব্বদর্শী, মনের নিয়ন্তা, সকলের শ্রেষ্ঠ ও স্বয়ম্ভূঃ, তিনি নিত্য সংবৎসরনামক প্রজাপতিদিগের হস্তে—অর্থাৎ সর্ব্ব-

অন্ধং তমঃ প্রবিশন্তি যেঽবিদ্যামুপাসতে।
ততো ভূয় ইব তে তমো য উ বিদ্যায়াং রতাঃ ॥ ৯ ॥
অন্যদেবাহুর্বিদ্যয়াঽন্যদাহুরবিদ্যয়া
ইতি শুশ্রুম ধীরাণাং যে নস্তদ্বিচচক্ষিরে ॥ ১০॥
বিদ্যাঞ্চাবিদ্যাঞ্চ যস্তদ্বেদোভয়ং সহ।
অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে ॥১১॥

'যে অবিদ্যাম্' বিদ্যায়াঃ অন্যা অবিদ্যা, তাম্, কর্ম্মমাত্রম্ ইত্যর্থঃ, 'উপাসতে' তৎপরাঃ সন্তঃ অনুতিষ্ঠন্তি, [তে] 'অন্ধং' অদর্শনাত্মকং 'তমঃ' অজ্ঞানরূপং 'প্রবিশন্তি'। 'যে উ বিদ্যায়াং রতাঃ, তে' 'ততঃ' তস্মাৎ 'ভূয়ঃ ইব' বহুতরমেব [তমঃ প্রবিশন্তি] ॥ ৯ ॥

'বিদ্যয়া অন্যৎ পৃথক্ এব ফলম্' [ইতি পণ্ডিতাঃ] 'আহুঃ' বদন্তি, 'অবিদ্যয়া' কর্ম্মণা 'অন্যৎ এব' [ফলম্ ইত্যাদি]। 'যে' 'নঃ' অস্মভ্যম্ 'তৎ' কর্ম্ম চ জ্ঞানঞ্চ 'বিচচক্ষিরে' ব্যাখ্যাতবন্তঃ [তেষাং] 'ধীরাণাং' ধীমতাং [বচনম্] 'ইতি' এবং [বয়ং] 'শুশ্রুমঃ' শ্রুতবন্তঃ ॥ ১০ ॥

'যঃ' বিদ্যাং চ অবিদ্যাং চ তৎ উভয়ং' 'সহ' একেনৈব পুরুষেণ উভয়ম্

কালে—প্রাণীদিগের ভোগের জন্য যথোপযুক্ত বস্তুসকল বিধান করিতেছেন।

৯। যাহারা অবিদ্যার অর্থাৎ কেবল কর্ম্মের অনুসরণ করে, তাহারা অজ্ঞানরূপ গভীর অন্ধকারে প্রবেশ করে। আর যাহারা কেবল জ্ঞানে রত, তাহারা তদপেক্ষাও গভীরতর অন্ধকারে প্রবেশ করে।

১০। জ্ঞানীরা জ্ঞান ও কর্ম্মের পৃথক্ পৃথক্ ফল কহিয়াছেন। যাহারা আমাদিগের নিকট ইহা অর্থাৎ জ্ঞান ও কর্ম্মতত্ত্ব ব্যাখ্যা করিয়াছেন, সেই জ্ঞানীদিগের মুখ হইতে আমরা এরূপ শুনিয়াছি।

১১। যিনি জ্ঞান ও কর্ম্ম উভয়কে একত্র অর্থাৎ একই পুরুষের অনু-

অন্ধং তমঃ প্রবিশন্তি যেঽসম্ভূতিমুপাসতে।
ততো ভূয় ইব তে তমো য উ সম্ভূত্যাং রতাঃ ॥১২॥
অন্যদেবাহুঃ সম্ভবাদন্যদাহুরসম্ভবাৎ।
ইতি শুশ্রুম ধীরাণাং যে নস্তদ্বিচচক্ষিরে ॥ ১৩ ॥

অনুষ্ঠেয়ম্ ইতি 'বেদ' জানাতি, [সঃ] 'অবিদ্যয়া' কর্ম্মণা 'মৃত্যু' স্বাভাবিকং কর্ম্ম জ্ঞানঞ্চ 'তীর্ত্বা' অতিক্রম্য 'বিদ্যযা' 'অমৃতম্' অমৃতত্বম্ 'অশ্নুতে, প্রাপ্নোতি ॥ ১১ ॥

'যে' 'অসম্ভূতিম্' অকারণাত্মিকাম্ প্রকৃতিম্ 'উপাসতে', [তে] 'অন্ধং তমঃ প্রবিশন্তি'। 'যে উ' সম্ভূত্যাং' কারণাত্মকে ব্রহ্মণি 'রতাঃ, তে ততঃ ভূয়ঃ ইব তমঃ [প্রবিশন্তি] ॥ ১২ ॥

'সম্ভবাৎ' কারণাত্মকব্রহ্মোপাসনাৎ 'অন্যৎ' পৃথক্ 'এব' [ফলম্ উৎপদ্যতে ইতি পণ্ডিতাঃ] 'আহুঃ' বদন্তি, 'অসম্ভবাৎ' প্রকৃতেঃ উপাসনাৎ 'অন্যৎ' পৃথক ফলম্ 'আহুঃ'। স্পষ্টমন্যৎ দশমশ্লোকবৎ ॥ ১৩ ॥

ষ্ঠেয় বলিয়া জানেন, তিনি কর্ম্মদ্বারা মৃত্যু (অর্থাৎ প্রাকৃত জীবন) হইতে মুক্ত হইয়া জ্ঞানদ্বারা অমৃতত্ব (অর্থাৎ আধ্যাত্মিক জীবন) লাভ করেন।

১২। যাহারা কেবল অসম্ভূতি অর্থাৎ প্রকৃতির উপাসনা করে, তাহারা গভীর অন্ধকারে প্রবেশ করে। আর যাহারা কেবল সম্ভূতি অর্থাৎ কারণাত্মক ব্রহ্মে অনুরক্ত, তাহারা তদপেক্ষাও গভীরতর অন্ধকারে প্রবেশ করে।

১৩। জ্ঞানীরা সম্ভূতি ও অসম্ভূতির উপাসনার পৃথক্ পৃথক্ ফল কহিয়াছেন। যাঁহারা আমাদিগের নিকট ইহা অর্থাৎ এই উভয়বিধ উপাসনাতত্ত্ব ব্যাখ্যা করিয়াছেন, সেই জ্ঞানীদিগের মুখ হইতে আমরা এরূপ শুনিয়াছি।

সম্ভূতিঞ্চ বিনাশঞ্চ যস্তদ্বেদোভয়ং সহ।
বিনাশেন মৃত্যুং তীর্ত্বা সম্ভূত্যামৃতমশ্নুতে ॥১৪॥
হিরণ্ময়েন পাত্রেণ সত্যস্যাপিহিতং মুখম্।
তত্ত্বং পূষন্নপাবৃণু সত্যধর্ম্মায় দৃষ্টয়ে ॥ ১৫ ॥
পূষন্নেকর্ষে যম সূর্য্য প্রাজাপত্য ব্যূহ রশ্মীন্ সমূহ
তেজো যত্তে রূপং কল্যাণতমং তত্তে পশ্যামি
যোঽসাবসৌ পুরুষঃ সোঽহমস্মি ॥ ১৬ ॥

'যঃ সম্ভূতিং চ' 'বিনাশং' প্রকৃতিং 'চ, তৎ' 'উভয়ং' 'সহ' একেনৈব পুরুষেণ উভয়ম্ অনুসরণীযম্ ইতি 'বেদ' জানাতি, [সঃ] 'বিনাশেন' প্রকৃতেরুপাসনযা 'মৃত্যুং' 'তীর্ত্বা' অতিক্রম্য 'সম্ভূত্যা' সম্ভূতেরুপাসনযা 'অমৃতম্ অশ্নুতে' ॥ ১৪ ॥

হে 'পূষন্' জগতঃ পোষক সূর্য্য, 'তব' 'হিরণ্ময়েন' জ্যোতির্ম্ময়েণ 'পাত্রেণ' 'সত্যস্য' আদিত্যমণ্ডলস্থস্য ব্রহ্মণঃ 'মুখম্' অপিহিতম্' আচ্ছাদিতম্, 'সত্যধর্ম্মায়' যথাভূতস্য ধর্ম্মস্য অনুষ্ঠাত্রে মহ্যম্ 'দৃষ্টয়ে' তব সত্যাত্মনঃ উপলব্ধযে 'ত্বং তৎ' 'অপাবৃণু' অপগতাবরণং কুরু, প্রকাশয় ॥১৫॥

হে 'পূষন্' সূর্য্য, হে 'একর্ষে' একঃ এব গচ্ছতি ইতি, হে 'যম' সর্ব্বস্য সংযমনাৎ, হে 'সূর্য্য' রশ্মীনাং রসানাং চ স্বীকরণাৎ গ্রহণাৎ, হে প্রাজাপত্য' প্রজাপতেরপত্য, 'রশ্মীন্' 'ব্যূহ' বিগময , 'তেজঃ' 'সমূহ' একীকুরু, উপসংহর, 'তে' তব যৎ কল্যাণতমম্' অত্যন্তশোভনং 'রূপং তৎ' 'তে' তব প্রসাদাৎ 'পশ্যামি'। 'যঃ অসৌ' আদিত্যমণ্ডলস্থিতঃ পুরুষঃ 'সঃ অহম্ অস্মি' ॥ ১৬ ॥

১৪। যিনি সম্ভূতি ও বিনাশ (অর্থাৎ প্রকৃতি) উভয়কে একত্র অর্থাৎ একই পুরুষের অনুসরণীয় বলিয়া জানেন, তিনি প্রকৃতির উপাসনাদ্বারা মৃত্যু অতিক্রম করিয়া সম্ভূতির উপাসনাদ্বারা অমৃতত্ব প্রাপ্ত হন।

১৫। হে জগতের পোষক সূর্য্য, তোমার জ্যোতির্ম্ময় পাত্রদ্বারা সত্যের (অর্থাৎ সূর্য্যমণ্ডলস্থিত ব্রহ্মের) মুখ আচ্ছাদিত রহিয়াছে। সত্যধর্ম্মানুষ্ঠায়ীর অর্থাৎ আমার দৃষ্টির জন্য তাহা আবরণশূন্য কর।

১৬। হে জগতের পোষক, হে একাকী গমনশীল, হে সকল প্রাণীর

বায়ুরনিলমমৃতমথেদং ভস্মান্তং শরীরম্।
ওঁ ক্রতো স্মর কৃতং স্মর ক্রতো স্মর কৃতং স্মর ॥ ১৭ ॥
অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্ বিশ্বানি দেব বয়ুনানি বিদ্বান্।
যুয়োধ্যস্মজ্জুহুরাণমেনো ভূয়িষ্ঠাং তে নম উক্তিং বিধেম ॥১৮॥

'অথ' ইদানীং 'মম' [মরিষ্যতঃ] 'বায়ুঃ' প্রাণঃ [সর্ব্বাত্মকং] 'অনিলম্ অমৃতং' [প্রতিপদ্যতাম্]; 'ইদং শরীরং ভস্মান্তং' [ভূয়াৎ]। 'ওঁ' ইতি ব্রহ্মস্মরণং, হে 'ক্রতো' মনঃ, 'কৃতং' এতাবন্তং কালম্ অনুষ্ঠিতং কর্ম্ম 'স্মর'। পুনর্ব্বচনমাদরার্থম্ ॥ ১৭ ॥

হে 'অগ্নে', 'অস্মান্' 'রায়ে' ধনায় কর্ম্মফলভোগায় 'সুপথা' শোভনেন মার্গেণ 'নয়' গময়, হে 'দেব,' [ত্বম] 'বিশ্বানি' সর্ব্বাণি 'বয়ুনানি' কর্ম্মাণি 'বিদ্বান্' জানন্ 'অস্মৎ' অস্মত্তঃ 'জুহুরাণং' কুটিলং 'এনঃ' পাপং 'যুযোধি' বিয়োজয়, বিনাশয়। 'তে' তুভ্যং 'ভূয়িষ্ঠাং' বহুতরাং 'নমঃ উক্তিং' নমস্কারবচনং 'বিধেম' কুর্য্যাম ॥ ১৮ ॥

সংযমকর্ত্তা, হে প্রজাপতিতনয়, হে সূর্য্য, তোমার রশ্মিসমূহকে সংযত কর, তোমার তেজ সংবরণ কর। তোমার যে অতিশোভন রূপ, তাহা আমি তোমার প্রসাদে দেখি। ঐ যে সূর্য্যমণ্ডলস্থিত পুরুষ, তিনি আমি।

১৭। এখন [মৃত্যুকালপ্রাপ্ত] আমার প্রাণবায়ু [সর্ব্বব্যাপী] বায়ুরূপ অমৃতে মিশ্রিত হউক্ এবং এই শরীর ভস্মসাৎ হউক্! ও (ব্রহ্ম-স্মরণ) হে মন, নিজকৃত কার্য্য স্মরণ কর, স্মরণ কর, স্মরণ কর।

১৮। হে অগ্নি, আমাদিগকে ধনের অর্থাৎ কর্ম্মফল ভোগের নিমিত্ত সুপথে লইয়া যাও; হে দেব! তুমি সমুদায় কর্ম্ম জ্ঞাত আছ। আমা-দিগের মন হইতে কুটিল পাপ দূর কর। তোমাকে বার বার নমস্কার করি।

ইতি ঈশোপনিষৎ সমাপ্তা।

সামবেদীয় তলবকারোপনিষৎ

বা

কেনোপনিষৎ

প্রথমঃ খণ্ডঃ

কেনেষিতং পততি প্রেষিতং মনঃ

কেন প্রাণঃ প্রথমঃ প্রৈতি যুক্তঃ।

কেনেষিতাং বাচমিমাং বদন্তি

চক্ষুঃ শ্রোত্রং ক উ দেবো যুনক্তি ॥ ১ ॥

শ্রোত্রস্য শ্রোত্রং মনসো মনো যদ্বাচো হ বাচং স উ প্রাণস্য প্রাণশ্চক্ষুষশ্চক্ষুরতিমুচ্য ধীরাঃ প্রেত্যাস্মাল্লোকাদমৃতা ভবন্তি ॥ ২ ॥

'কেন' 'ঈষিতং' চালিতং নিয়মিতং সৎ 'প্রেষিতম্' প্রেরিতম 'মনঃ' 'পততি' স্ববিষয়ং প্রতি গচ্ছতি? 'কেন' 'প্রথমঃ' শরীরেষু প্রধানতয়া বর্ত্তমানঃ' 'প্রাণঃ' 'যুক্তঃ' নিযুক্তঃ, প্রেরিতঃ সন্ 'প্রৈতি' স্বব্যাপারং প্রতি প্রবর্ত্তে? 'কেন ঈষিতাম্ ইমাং বাচং [লোকাঃ] বদন্তি'? চক্ষুঃ শ্রোত্রং কঃ উ দেবঃ' 'যুনক্তি' যুঙ্‌ক্তে, প্রেরয়তি? ॥ ১ ॥

'যৎ' 'শ্রোত্রস্য শ্রোত্রম্' শ্রোত্রসামর্থ্যনিমিত্তম্, 'মনসঃ মনঃ, বাচঃ হ

১। প্রেরিত মন কাঁহা-কর্ত্তৃক চালিত হইয়া নিজ বিষয়ের প্রতি গমন করে? শরীরের অভ্যন্তরে প্রধানরূপে বর্ত্তমান প্রাণ কাঁহা-কর্ত্তৃক নিযুক্ত হইয়া নিজ বিষয়ের প্রতি গমন করে? কাঁহার চালনায় লোক এই সকল বাক্য উচ্চারণ করে, এবং কোন্ দেবতাই বা চক্ষু ও কর্ণকে নিজ নিজ বিষয়ে নিযুক্ত করেন?

২। যিনি শ্রোত্রের শ্রোত্র, মনের মন, বাক্যের বাক্য অর্থাৎ এই

ন তত্র চক্ষুর্গচ্ছতি ন বাগ্ গচ্ছতি নো মনো
ন বিদ্মো ন বিজানীমো যথৈতদনুশিষ্যাৎ।
অন্যদেব তদ্বিদিতাদথো অবিদিতাদধি
ইতি শুশ্রুম পূর্ব্বেষাং যে নস্তদ্ ব্যাচচক্ষিরে॥ ৩॥

বাচম্,' তৎ ব্রহ্মৈব মনআদীনাং প্রবর্ত্তকম্ ইতি; 'সঃ' পরমাত্মা 'উ প্রাণস্য প্রাণঃ, চক্ষুষঃ চক্ষুঃ।' [এবং বিদিত্বা শ্রোত্রাদেঃ আত্মভাবম্] 'অতিমুচ্য' পরিত্যজ্য 'ধীরাঃ' ধীমন্তঃ 'অস্মাৎ লোকাৎ' 'প্রেত্য' গত্বা 'অমৃতাঃ' অমরাঃ ভবন্তি'॥ ২॥

'তত্র' তস্মিন্ ব্রহ্মণি 'চক্ষুঃ ন গচ্ছতি, বাক্ ন গচ্ছতিঃ, মনঃ ন গচ্ছতি,' ন তৎ চক্ষুরাদি গোচরম্, ইত্যর্থঃ, [বয়ং তৎ] 'ন বিদ্মঃ' ন জানীমঃ, 'যথা' 'এতৎ' ব্রহ্ম 'অনুশিষ্যাৎ' শিষ্যায় উপদিশেৎ [তদপি ন বিজানীমঃ]। 'তৎ' ব্রহ্ম 'বিদিতাৎ' জ্ঞাতাৎ বস্তুনঃ 'অথো' অথ, তথা, 'অবিদিতাৎ' অজ্ঞাতাৎ বস্তুনঃ 'অধি' উপরি, অন্যৎ, পৃথক্ এব। 'যে' 'নঃ' অস্মভ্যম্ 'তৎ' ব্রহ্মতত্ত্বম্ 'ব্যাচচক্ষিরে' বিস্পষ্টং কথিতঃবন্তঃ, [তেষাং] 'পূর্ব্বেষাম্' পূর্ব্বাচার্য্যাণাম্' [বচনম্] 'ইতি' [বয়ং] 'শুশ্রুমঃ' শ্রুতবন্তঃ স্মঃ॥ ৩॥

সমুদায়ের শক্তির কারণ, তিনিই মন আদির প্রবর্ত্তক; তিনিই প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু; এই জ্ঞানদ্বারা শ্রোত্রাদির আত্মত্ব-ধারণা পরিত্যাগ করিয়া জ্ঞানিগণ ইহলোক হইতে অপসৃত হইয়া অমর হন।

৩। *তিনি অর্থাৎ ব্রহ্ম চক্ষুর গম্য নহেন, বাক্যের গম্য নহেন,* মনেরও গম্য নহেন, আমরা তাঁহাকে জানি না, কিরূপে তাঁহার উপদেশ দিতে হয় তাহাও জানি না। তিনি জ্ঞাত ও অজ্ঞাত সমুদায় বস্তু হইতে শ্রেষ্ঠ ও ভিন্ন। যে সকল পূর্ব্ব পূর্ব্ব আচার্য্যেরা আমাদের নিকট ব্রহ্মতত্ত্ব ব্যাখ্যা করিয়াছেন, তাঁহাদের নিকট আমরা এরূপ শুনিয়াছি।

যদ্বাচানভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে॥ ৪ ॥
যন্মনসা ন মনুতে যেনাহুর্ম্মনো মতম্।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে॥ ৫ ॥
যচ্চক্ষুষা ন পশ্যতি যেন চক্ষূংষি পশ্যতি।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে॥ ৬॥

'যৎ বাচা' 'অনভ্যুদিতম্' অপ্রকাশিতম্, 'যেন বাক্' 'অভ্যুদ্যতে' প্রযুজ্যতে, 'তৎ এব ত্বম্ ব্রহ্ম' 'বিদ্ধি' বিজানীহি; 'যৎ' 'ইদম্' দেশ-কালাদিপরিচ্ছিন্নম্ পদার্থম্ [লোকাঃ] উপাসতে, ন ইদম্ [ব্রহ্ম]॥ ৪ ॥

'যৎ' [লোকঃ] 'মনসা ন' 'মনুতে' সঙ্কল্পয়তি, নিশ্চিনোতি, 'যেন' মনঃ' 'মতং' বিষয়ীকৃতম্ (ইতি ব্রহ্মবিদঃ) 'আহুঃ' বদন্তি, 'তৎ এব' ইত্যাদি পূর্ব্ববৎ॥ ৫ ॥

'যৎ' (লোকাঃ) 'চক্ষুষা ন পশ্যতি,' 'যেন' চৈতন্যাত্মজ্যোতিষা সহায়-ভূতেন [লোকঃ] 'চক্ষূংসি' চক্ষুর্গোচরবিষয়াণি 'পশ্যতি' 'তৎ এব' ইত্যাদি পূর্ব্ববৎ॥ ৬॥

৪। যিনি বাক্যদ্বারা প্রকাশিত হন না, যাঁহা-কর্ত্তৃক বাক্য প্রকাশিত অর্থাৎ উচ্চারিত হয়, তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান, লোকে এই যে পরিমিত বস্তুর উপাসনা করে, তাহা ব্রহ্ম নহে।

৫। লোকে যাঁহাকে মনের দ্বারা মনন করিতে পারে না, কিন্তু যিনি মনকে জানেন বলিয়া ব্রহ্মবিদেরা বলেন, তুমি তাঁহাকেই ব্রহ্ম বলিয়া জান; লোকে এই যে পরিমিত বস্তুর উপাসনা করে, তাহা ব্রহ্ম নহে।

৬। যাঁহাকে লোকে চক্ষুদ্বারা দেখিতে পায় না, যাঁহার শক্তিতে লোকে চক্ষুর্গোচর বস্তু সমূহকে দেখিতে পায়, তাঁহাকেই তুমি ব্রহ্ম

যচ্ছ্রোত্রেণ ন শৃণোতি যেন শ্রোত্রমিদং শ্রুতম্।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে ॥ ৭ ॥
যৎ প্রাণেন ন প্রাণিতি যেন প্রাণঃ প্রণীয়তে।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধিং নেদং যদিদমুপাসতে ॥ ৮ ॥

দ্বিতীয়ঃ খণ্ডঃ

যদি মন্যসে সুবেদেতি দভ্রমেবাপি নূনং ত্বং বেত্থ ব্রহ্মণো রূপম্।
যদস্য ত্বং যদস্য দেবেষ্বথ নু মীমাংস্যমেব তে মন্যে বিদিতম্ ॥ ১॥

'যৎ' [লোকঃ] 'শ্রোত্রেণ' কর্ণেন 'ন শৃণোতি, যেন ইদং শ্রোত্রং' 'শ্রুতং' বিষয়ীকৃতম্ 'তৎ এব' ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৭ ॥

'যৎ' [লোকঃ] 'প্রাণেন' নাসিকাপুটান্তবাবস্থিতেন ঘ্রাণেন 'ন প্রাণিতি' ন বিষয়ীকরোতি, 'যেন' 'প্রাণঃ' ঘ্রাণঃ 'প্রণীয়তে' স্ববিষয়ং প্রতি গচ্ছতি, 'তৎ' এব ইত্যাদি পূর্ব্ববৎ ॥ ৮ ॥

'যদি মন্যসে সুবেদ ইতি' অহং ব্রহ্ম স্বাত্মনি প্রত্যক্ষীকৃত্য সুষ্ঠু বেদ

বলিয়া জান, লোকে এই যে পরিমিত বস্তুব উপাসনা করে, তাহা ব্রহ্ম নহে।

৭। যাঁহাকে লোকে কর্ণদ্বারা শুনিতে পায না, যিনি কর্ণকে শ্রবণ করেন অর্থাৎ জানেন, তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান; লোকে এই যে পরিমিত বস্তুব উপাসনা করে, তাহা ব্রহ্ম নহে।

৮। যাঁহাকে লোকে ঘ্রাণেন্দ্রিয়দ্বারা আঘ্রাণ করে না, কিন্তু যাহাব শক্তিতে ঘ্রাণেন্দ্রিয় নিজ বিষয়ের প্রতি গমন করে, তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান; লোকে এই যে পবিমিত বস্তুব উপাসনা করে, তাহা ব্রহ্ম নহে।

১। যদি তুমি মনে কর যে তুমি ব্রহ্মকে নিজ আত্মায় প্রত্যক্ষ করিয়া

নাহং মন্যে সুবেদেতি নো ন বেদেতি বেদ চ।
যো নস্তদ্বেদ তদ্বেদ নো ন বেদেতি বেদ চ ॥ ২ ॥
যস্যামতং তস্য মতং মতং যস্য ন বেদ সঃ।
অবিজ্ঞাতং বিজানতাং বিজ্ঞাতমবিজানতাম্ ॥ ৩ ॥

ইতি, [তদা] ‘ত্বং’ ‘নূনং’ নিশ্চিতম্ ‘ব্রহ্মণঃ রূপম্’ ‘দভ্রম্’ অল্পম্ ‘এব অপি’ ‘বেত্থ’ জানীসে। [ত্বম্] ‘দেবেষু অস্য [ব্রহ্মণঃ] যৎ’ [বেত্থ তৎ অপি ন্যূনম্ অল্পম্ এব বেত্থ]। ‘অথ নু’ তস্মাৎ [ব্রহ্ম তে] ‘মীমাংস্যম্’ বিচার্য্যম্ ‘এব’। [এবম্ উক্তঃ শিষ্যঃ ব্রহ্ম বিচার্য্য তদনুভবং চ কৃত্বা আচার্য্য-সকাশম্ উপগম্য উবাচ, -অহম্] ‘মন্যে’ [ইদানীং ময়া ব্রহ্ম] ‘বিদিতম্’ ॥ ১ ॥

‘অহম্ [ব্রহ্ম] ‘সুবেদ’ সুষ্ঠু বেদ ‘ইতি ন মন্যে’, ‘ন বেদ ইতি বেদ চ ইতি’ ‘নো’ ন [মন্যে]। ‘নঃ’ অস্মাকম্ মধ্যে ‘নো ন বেদ বেদ চ’ ইতি ‘তৎ’ [বচনম্] ‘যঃ বেদ’ [সঃ] ‘তৎ’ ব্রহ্ম ‘বেদ’ ॥ ২ ॥

[ব্রহ্ম] ‘যস্য অমতম্’ ময়া ব্রহ্ম অবিদিতম্ ইতি যস্য নিশ্চয়ঃ, ‘তস্য’ [তৎ] ‘মতম্’ ‘জ্ঞাতম্’, [ব্রহ্ম] ‘যস্য মতম্’ ময়া ব্রহ্ম বিদিতম্ ইতি যস্য

উত্তমরূপে জানিয়াছ, তবে তুমি ব্রহ্মের স্বরূপ নিশ্চয়ই অতি অল্প জানিয়াছ। তুমি দেবতাদিগের মধ্যে তাঁহার স্বরূপ যতটুকু জানিয়াছ তাহাও অল্প, অতএব ব্রহ্ম তোমার বিচার্য্য। [এই কথা শুনিয়া শিষ্য ব্রহ্মকে বিচার ও অনুভব করণানন্তর আচার্য্যসমীপে আসিয়া বলিলেন] ‘আমার বোধ হয় এখন আমি ব্রহ্মকে জানিয়াছি’।

২। আমি মনে করি না যে আমি ব্রহ্মকে সুন্দররূপে জানিয়াছি, আমি যে তাঁহাকে জানি না এমন নহে, জানি যে এমনও নহে। ‘আমি যে তাঁহাকে জানি না এমন নহে, জানি যে এমনও নহে’—এই বাক্যের অর্থ আমাদিগের মধ্যে যিনি জানিয়াছেন, তিনিই তাঁহাকে জানেন।

৩। যিনি মনে করেন আমি ব্রহ্মকে জানিতে পারি নাই, তিনি

প্রতিবোধবিদিতং মতমমৃতত্বং হি বিন্দতে।
আত্মনা বিন্দতে বীর্য্যং বিদ্যয়া বিন্দতেঽমৃতম্ ॥ ৪ ॥

ইহ চেদবেদীদথ সত্যমস্তি
ন চেদিহাবেদীন্মহতী বিনষ্টিঃ।
ভূতেষু ভূতেষু বিচিন্ত্য ধীরাঃ
প্রেত্যাস্মাল্লোকাদমৃতা ভবন্তি ॥ ৫ ॥

নিশ্চয়ঃ, সঃ [তৎ] 'ন বেদ' ন জানাতি। [ব্রহ্ম] 'বিজানতাং' সম্যক্ বিদিতবতাম্ 'অবিজ্ঞাতম্' ন অস্মাভিঃ ব্রহ্ম সম্যক্ বিদিতম্ ইতি নিশ্চয়ঃ, 'অবিজানতাম্' অসম্যগ্ দর্শিনাম [তৎ] 'বিজ্ঞাতম্' অস্মাভিঃ ব্রহ্ম সম্যক বিদিতম্ ইতি নিশ্চয়ঃ ॥ ৩ ॥

[যদা ব্রহ্ম] 'প্রতিবোধবিদিতম্' বোধং বোধং প্রতি বিদিতম্—সর্ব্বপ্রত্যয়দর্শিরূপেণ জ্ঞাতম্ [তদা তৎ] 'মতম্' সম্যক দৃষ্টম্, [তস্মাৎ দর্শনাৎ] 'অমৃতত্বম্' 'হি' 'বিন্দতে' প্রাপ্যতে। 'আত্মনা' আত্মস্বরূপজ্ঞানেন 'বীর্য্যম্' সামর্থ্যম্ 'বিন্দতে', 'বিদ্যয়া' ব্রহ্মজ্ঞানেন 'অমৃতম্' অমরত্বম্ 'বিন্দতে' ॥ ৪ ॥

'মনুষ্যঃ' 'ইহ' অত্র লোকে [ব্রহ্ম] 'চেৎ' যদি 'অবেদীৎ' বিদিতবান্

তাঁহাকে জানিয়াছেন, এবং যিনি মনে করেন আমি ব্রহ্মকে জানিয়াছি, তিনি ব্রহ্মকে জানেন না। উত্তম জ্ঞানবান্ ব্যক্তিদের নিকট ব্রহ্ম অবিজ্ঞাত, অর্থাৎ তাঁহাদের বিশ্বাস যে তাঁহারা ব্রহ্মকে উত্তমরূপে জানিতে পারেন নাই, কিন্তু অসম্যগ্দর্শীদিগের নিকট তিনি বিজ্ঞাত, অর্থাৎ এরূপ ব্যক্তিরা মনে করেন যে তাঁহারা ব্রহ্মকে উত্তমরূপে জানিয়াছেন।

৪। ব্রহ্মকে সর্ব্বপ্রত্যয়দর্শীরূপে জানিলেই প্রকৃতরূপে জানা হয়; এরূপ জ্ঞানে অমৃতত্ব লাভ হয়। আত্মস্বরূপ-জ্ঞানে শক্তি লাভ হয়, এবং ব্রহ্মজ্ঞানে অমরত্ব লাভ হয়।

৫। যদি মনুষ্য ব্রহ্মকে ইহলোকে জানিতে পারে তবেই জন্ম সফল

তৃতীয়ঃ খণ্ডঃ

ব্রহ্ম হ দেবেভ্যো বিজিগ্যে তস্য হ ব্রহ্মণো বিজয়ে দেবা অমহীয়ন্ত। ত ঐক্ষন্তাস্মাকমেবায়ং বিজয়োঽস্মাকমেবায়ং মহিমেতি ॥ ১ ॥

তদ্ধৈষাং বিজজ্ঞৌ তেভ্যো হ প্রাদুর্ব্বভূব তন্ন ব্যজানন্ত কিমিদং যক্ষমিতি ॥ ২ ॥

'অথ' তদা 'সত্যং' জন্মসাফল্যম্ 'অস্তি', 'ন চেৎ ইহ [তৎ] 'অবেদীৎ' [তদা] 'মহতী' 'বিনষ্টিঃ' বিনাশঃ [ভবতি]। [তস্মাৎ] 'ধীরাঃ' ধীমন্তঃ 'ভূতেষু ভূতেষু' সর্ব্বভূতেষু [পরমাত্মানম্] 'বিচিন্ত্য' বিজ্ঞায়, সাক্ষাৎ কৃত্বা, 'অস্মাৎ লোকাৎ' 'প্রেত্য' উপরম্য 'অমৃতাঃ' অমরাঃ 'ভবন্তি' ॥ ৫ ॥

'ব্রহ্ম' 'হ' কিল 'দেবেভ্যঃ' [নিমিত্তং] 'বিজিগ্যে' জয়ং লব্ধবৎ—দেবাসুরাণাং সংগ্রামে অসুরান্ জিত্বা দেবেভ্যঃ জয়ং তৎফলঞ্চ প্রাযচ্ছৎ; 'তস্য হ ব্রহ্মণঃ বিজয়ে দেবাঃ' 'অমহীয়ন্ত' মহিমানম্ প্রাপ্তবন্তঃ। 'তে' দেবাঃ 'ঐক্ষন্ত' ঈক্ষিতবন্তঃ 'অয়ম্ বিজয়ঃ অস্মাকম্ এব, অয়ম্ মহিমা চ অস্মাকম্ এব ইতি' ॥ ১ ॥

'তৎ', ব্রহ্ম 'হ' 'এযাম্, [মিথ্যেক্ষণম্] বিজিজ্ঞৌ 'বিজ্ঞাতবৎ, 'তেভ্যঃ'

হয়, ইহলোকে তাঁহাকে জানিতে না পারিলে মহান্ বিনাশ অর্থাৎ পুনঃ পুনঃ জন্ম জরা মৃত্যু ভোগ করিতে হয়। অতএব জ্ঞানিগণ সমুদয় বস্তুতে পরমাত্মাকে উপলব্ধি করিয়া ইহলোক হইতে উপরত হইয়া অমর হন।

১। ব্রহ্মই দেবতাদিগের জন্য জয় করিলেন অর্থাৎ দেবাসুর সংগ্রামে অসুরদিগকে পরাজয় করিয়া দেবতাদিগকে জয় ও তৎফল প্রদান করিলেন। সেই ব্রহ্মেরই বিজয়ে দেবতারা মহিমান্বিত হইলেন, কিন্তু তাঁহারা মনে করিলেন 'এই বিজয় আমাদেরই, এই মহিমা আমাদেরই।'

২। তিনি অর্থাৎ ব্রহ্ম ইহা জানিতে পারিলেন এবং তাঁহাদিগের

তেঽগ্নিমব্রুবন্ জাতবেদ এতদ্বিজানীহি কিমেতদ্ যক্ষমিতি। তথেতি ॥ ৩ ॥

তদভ্যদ্রবৎ তমভ্যবদৎ কোঽসীতি। অগ্নির্ব্বা অহমস্মীত্যব্রবীজ্জাতবেদা বা অহমস্মীতি ॥ ৪ ॥

তস্মিংস্ত্বয়ি কিং বীর্য্যমিতি। অপীদং সর্ব্বং দহেয়ং যদিদং পৃথিব্যামিতি ॥ ৫ ॥

দেবেভ্যঃ 'হ' 'প্রাদুর্ব্বভূব' আত্মানম্ প্রকাশয়ামাস। 'তৎ' ব্রহ্ম 'কিম্ ইদম 'যক্ষম্' পূজ্যম, মহদ্ভূতম্, 'ইতি' [তে] 'ন ব্যজানন্ত' ন বিজ্ঞাতবন্তঃ ॥ ২ ॥

'তে অগ্নিম্' 'অব্রুবন্' উক্তবন্তঃ, হে 'জাতবেদঃ' সর্ব্বজ্ঞকল্প, [ত্বম্] 'এতৎ' অস্মদ্‌গোচরস্থম্ 'বিজানীহি' বিশেষতঃ বুধ্যস্ব 'কিম্ এতৎ যক্ষম ইতি'। [অগ্নিঃ উবাচ] 'তথা' তথাস্তু 'ইতি' ॥ ৩ ॥

[অগ্নিঃ] 'তৎ' যক্ষম্ 'অভ্যদ্রবৎ' প্রতিগতবান্, 'তম্' অগ্নিম্ [তৎ যক্ষম্] 'অভ্যবদৎ' প্রত্যভাসত [ত্বম্] 'কঃ অসি' 'ইতি'। [অগ্নিঃ] 'অব্রবীৎ অহম্ অগ্নিঃ বৈ অস্মি অহম্ 'জাতবেদা বৈ অস্মি' ইতি ॥ ৪ ॥

[ব্রহ্ম উবাচ] 'তস্মিন্' এবং প্রসিদ্ধ-গুণ-নামবতি 'ত্বয়ি কিম্ বীর্য্যম্'

সম্মুখে প্রকাশিত হইলেন, কিন্তু এই পূজ্যস্বরূপ কে, ইহা তাঁহারা জানিতে পারিলেন না।

৩। তাঁহারা অগ্নিকে বলিলেন,—'হে জাতবেদ, এই পূজনীয়স্বরূপ কে, তাহা তুমি জানিয়া আইস'; অগ্নি বলিলেন 'তাহাই হউক্'।

৪। অগ্নি তাঁহার নিকট গমন করিলেন, তখন তিনি বলিলেন, 'তুমি কে?' অগ্নি বলিলেন 'আমি অগ্নি' আমি জাতবেদা'।

৫। ব্রহ্ম বলিলেন 'এমন (অর্থাৎ প্রসিদ্ধ গুণ ও নামযুক্ত) যে তুমি

তস্মৈ তৃণং নিদধাবেতদ্দহেতি। তদুপপ্রেয়ায় সর্ব্বজবেন তন্ন শশাক দগ্ধুং স তত এব নিববৃতে নৈতদশকং বিজ্ঞাতুং যদেতদ্ যক্ষমিতি ॥ ৬ ॥

অথ বায়ুমব্রুবন্ বায়বেতদ্বিজানীহি কিমেতদ্ যক্ষমিতি তথেতি ॥ ৭ ॥

[অস্তি] 'ইতি', [অগ্নিঃ অব্রবীৎ] 'পৃথিব্যাম্ ইদম্ যৎ [অস্তি তৎ] সর্ব্বম্ অপি' 'দহেয়ম্' ভস্মীকুর্য্যাম্' ॥ ৫ ॥

'এতৎ দহ ইতি' [উক্তা ব্রহ্ম] 'তস্মৈ' অগ্নয়ে [একং] 'তৃণং' 'নিদধৌ' দত্তবান্, [অগ্নিঃ] 'তৎ' [তৃণম্] 'উপপ্রেয়ায়' তৃণসমীপং গত্বা 'সর্ব্বজবেন' সর্ব্বোৎসাহকৃতেন 'তৎ দগ্ধুং ন' 'শশাক' শক্তবান্, 'সঃ' 'ততঃ' যক্ষাৎ 'এব' 'নিববৃতে' প্রতিগতবান্ [অব্রবীৎ চ] 'যৎ এতৎ' যক্ষম্ 'ইতি এতং বিজ্ঞাতুম্' [অহং] 'ন' 'অশকম্' শক্তবান্ অস্মি ॥ ৬ ॥

'অথ' অনন্তরং [দেবাঃ] 'বায়ুম্ অব্রুবন্ [হে] বায়ো এতৎ' ইত্যাদি পূর্ব্ববৎ' ॥ ৭ ॥

তোমাতে কি শক্তি আছে?' অগ্নি উত্তর করিলেন 'পৃথিবীতে যাহা কিছু আছে, আমি তৎসমস্ত দগ্ধ করিতে পারি।
ইন্দ্রস্ত্বং প্রাণ তেজসা রুদ্রোঽসি পরিরক্ষিতা।
ত্বমন্তরিক্ষে চরসি সূর্য্যস্ত্বং জ্যোতিষাম্পতিঃ ॥ ৯ ॥

ত্বম্ এব প্রজাপতিঃ, [ত্বম্ এব] গর্ভে চরসি,' [ত্বম্ এব] 'প্রতিজায়সে' পিতুঃ মাতুঃ চ প্রতিরূপঃ সন্ জায়সে। হে 'প্রাণ, যঃ' 'প্রাণৈঃ' চক্ষুরাদিভিঃ ইন্দ্রিয়ৈঃ সহ 'প্রতিতিষ্ঠসি,' 'ইমাঃ প্রজাঃ' 'তু' পাদপূরণে, 'তুভ্যং' ত্বদর্থং [চক্ষুরাদিদ্বারৈঃ] 'বলিং' দৃশ্যাদি-ভোগ্য-পদার্থনিচয়ং 'হরন্তি' আহরন্তি ॥৭॥

[ত্বম্] 'দেবানাম্' 'বহ্নিতমঃ' হবিষাং শ্রেষ্ঠতমঃ বাহকঃ, [তথা] 'পিতৄণাম্ প্রথমা' 'স্বধা' নান্দীমুখে শ্রাদ্ধে পিতৃভ্যঃ যৎ অন্নং দীয়তে তৎ দেবপ্রদানম্ অপেক্ষ্য প্রথমং ভবতি, তস্য অপি পিতৃভ্যঃ প্রাপয়িতা ত্বম্ এব ইত্যর্থঃ। [ত্বং] 'ঋষীণাং চরিতং সত্যং' ঋষীণাং সত্যাচরণং, তস্য কারণম্ ইত্যর্থঃ। অথবা ঋষীণাং চক্ষুরাদীনাং চরিতং চেষ্টিতং সত্যম্ অবিতথং 'দেহধারণাদি-উপকার-লক্ষণম্' ইতি ভাষ্যকারঃ। [ত্বম্] 'আঙ্গিরসাম্' অঙ্গিরসভূতানাং ঋষীণাম্ 'অথর্ব্বা অসি' ॥ ৮ ॥

৭। তুমিই প্রজাপতি, তুমিই গর্ভমধ্যে বিচরণ কর, এবং পিতা মাতার প্রতিরূপ হইয়া জন্মগ্রহণ কর। হে প্রাণ, যে চক্ষুরাদি-ইন্দ্রিয়গণ সহ বাস করিতেছ, তোমার জন্যই এই প্রাণিসমূহ চক্ষুরাদি-যোগে বলি অর্থাৎ দৃশ্যাদি ভোগ্য বস্তু আহরণ করে।

৮। তুমি দেবতাদিগের শ্রেষ্ঠতম হবি-বাহক, তুমি পিতৃদিগের প্রথম স্বধা অর্থাৎ স্বধা-বাহক। তুমি ঋষিদিগের সত্যাচরণ স্বরূপ অর্থাৎ সত্যাচরণের কারণ, এবং আঙ্গিরস ঋষিদিগের মধ্যে তুমিই অথর্ব্বা।

যদা ত্বমভিবর্ষস্যথেমাঃ প্রাণ তে প্রজাঃ।
আনন্দরূপাস্তিষ্ঠন্তি কামায়ান্নং ভবিষ্যতীতি ॥ ১০ ॥
ব্রাত্যস্ত্বং প্রাণৈকঋষিরত্তা বিশ্বস্য সৎপতিঃ।
বয়মাদ্যস্য দাতারঃ পিতা ত্বং মাতরিশ্বনঃ ॥ ১১ ॥

হে 'প্রাণ, ত্বং' 'তেজসা' বীর্য্যেণ 'ইন্দ্রঃ,' [ত্বম্] 'পরিরক্ষিতা রুদ্র-[অসি]। 'ত্বম্ অন্তরীক্ষে চরসি, ত্বং জ্যোতিষাম্ পতিঃ [সূর্য্যঃ]' ॥ ৯ ॥
হে 'প্রাণ, যদা [পর্জ্জন্যঃ ভূত্বা বারি] অভিবর্ষসি, অথ তে ইমাঃ প্রজাঃ' 'কামায়' ইচ্ছাতঃ 'অন্নং' ভবিষ্যতি ইতি [মত্বা] আনন্দরূপাঃ [সত্যঃ] তিষ্ঠন্তি'। অথবা 'প্রাণতে' ইতি পাঠে, 'ইমাঃ প্রজাঃ' 'প্রাণতে' প্রাণচেষ্টাং কুর্ব্বন্তি ॥ ১০ ॥

হে 'প্রাণ, ত্বম্' 'ব্রাত্যঃ' প্রথমজত্বাৎ অন্যস্য সংস্কর্ত্তুঃ অভাবাৎ অসংস্কৃতঃ স্বভাবতঃ এব শুদ্ধঃ ইত্যভিপ্রায়ঃ। 'একর্ষিঃ' অথর্ব্বণাং প্রসিদ্ধঃ একর্ষিঃ নাম অগ্নিঃ, 'বিশ্বস্য' সর্ব্বস্য ভক্ষ্যদ্রব্যস্য 'অত্তা' ভক্ষকঃ, [তথা] 'সৎপতিঃ'। 'বয়ং' [তব] 'আদ্যস্য' ভক্ষ্যদ্রব্যস্য 'দাতারঃ, ত্বং' 'মাতরিশ্বনঃ, বায়োঃ 'পিতা,' অথবা পাঠান্তরে, হে 'মাতরিশ্বন্,' [ত্বং] 'নঃ' অস্মাকম 'পিতা' ॥ ১১ ॥

৯। হে প্রাণ, বলে তুমি ইন্দ্র, রক্ষকরূপে রুদ্র। তুমি অন্তরীক্ষে বিচরণ কর, তুমি সমুদায় জ্যোতিষ্কমণ্ডলীর পতিস্বরূপ সূর্য্য।

১০। যখন তুমি মেঘ হইয়া বারি বর্ষণ কর, তখন তোমার সৃষ্ট এই প্রাণিসমূহ 'ইচ্ছানুরূপ অন্ন হইবে' এই ভাবিয়া আনন্দিত হয়।

১১। হে প্রাণ, তুমি ব্রাত্য অর্থাৎ অসংস্কৃত,—প্রথমজাত বলিয়া অন্য সংস্কার-কর্ত্তার অভাবে অসংস্কৃত, অর্থাৎ স্বভাবতঃই শুদ্ধ,—তুমি একর্ষি অর্থাৎ অথর্ব্বদিগের একর্ষি নামক অগ্নি, সমুদায় ভক্ষ্য দ্রব্যের ভক্ষক, এবং সৎপতি। আমরা তোমার ভক্ষ্যদ্রব্যের দাতা। তুমি বায়ুর পিতা (অথবা, পাঠান্তরে,) হে বায়ো, তুমি আমাদের পিতা।

যা তে তনূর্ব্বাচি প্রতিষ্ঠিতা যা শ্রোত্রে যা চ চক্ষুষি।
যা চ মনসি সন্ততা শিবাং তাং কুরু মোৎক্রমীঃ॥ ১২॥
প্রাণস্যেদং বশে সর্ব্বং ত্রিদিবে যৎ প্রতিষ্ঠিতম্।
মাতেব পুত্রান্ রক্ষস্ব শ্রীশ্চ প্রজ্ঞাঞ্চ বিধেহি ন ইতি॥১৩॥

'যা' 'তে' তব 'তনূঃ বাচি প্রতিষ্ঠিতা, যা শ্রোত্রে, যা চ চক্ষুষি [প্রতিষ্ঠিতা] যা চ মনসি' 'সন্ততা' সমনুগতা, ব্যাপ্তা, 'তাং' [তনুং]. 'শিবাং' শান্তাং 'কুরু, মা উৎক্রমীঃ' ॥ ১২ ॥

'ইদং সর্ব্বং, যৎ' [চ] 'ত্রিদিবে' তৃতীয়স্যাং দিবি, স্বর্গে ইত্যর্থঃ 'প্রতিষ্ঠিতং', [তৎ সর্ব্বং] 'প্রাণস্য বশে' [অস্তি]। [হে প্রাণ, ত্বম অস্মান্] 'মাতা পুত্রান্ ইব রক্ষস্ব', 'নঃ' অস্মভ্যং 'শ্রীঃ' শ্রিয়ঃ 'চ প্রজ্ঞাং চ' 'বিধেহি' বিধৎস্ব 'ইতি' ॥ ১৩ ॥

১২। তোমার যে তনু বাক্যে, শ্রোত্রে ও চক্ষুতে প্রতিষ্ঠিত রহিয়াছে, যাহা মনে ব্যাপ্ত রহিয়াছে, সেই তনুকে শান্ত কর, তুমি উৎক্রান্ত হইও না।

১৩। এই সমস্ত, এবং যাহা স্বর্গে প্রতিষ্ঠিত আছে, সেই সমস্তই প্রাণের বশে আছে। হে প্রাণ, মাতা যেমন পুত্রদিগকে রক্ষা করেন, তেমনি তুমি আমাদিগকে রক্ষা কর। আমাদিগকে শ্রী ও প্রজ্ঞা প্রদান কর।

ইতি দ্বিতীয়ঃ প্রশ্নঃ।

তৃতীয়ঃ প্রশ্নঃ

—ঃ০ঃ—

অথ হৈনং কৌসল্যশ্চাশ্বলায়নঃ পপ্রচ্ছ। ভগবন্ কুত এষ প্রাণো জায়তে কথমায়াত্যস্মিঞ্ছরীর আত্মানং বা প্রবিভজ্য কথং প্রাতিষ্ঠতে কেনোৎক্রমতে কথং বাহ্যমভিধত্তে কথমধ্যাত্মমিতি। ১।

তস্মৈ স হোবাচাতিপ্রশ্নান্ পৃচ্ছসি ব্রহ্মিষ্ঠোঽসীতি তস্মাত্তেঽহং ব্রবীমি ॥ ২ ॥

'অথ হ এনম্ আশ্বলায়নঃ কৌসল্যঃ চ পপ্রচ্ছ, ভগবন্, কুতঃ এষঃ প্রাণঃ জায়তে? কথম্ অস্মিন্ শরীরে আয়াতি? কথং বা আত্মানম্ প্রবিভজ্য' 'প্রাতিষ্ঠতে' প্রতিতিষ্ঠতি? 'কেন' [বৃত্তি-বিশেষেণ অস্মাৎ শরীরাৎ] 'উৎক্রমতে' উৎক্রামতি, বহির্গচ্ছতি? 'কথম্' 'বাহ্যম্' ভূতানি দেবতাশ্চ, 'কথম্' 'অধ্যাত্মম্' 'অন্তর্ভূতান্ জীবাত্মনঃ 'অভিধত্তে' ধারয়তি? 'ইতি' ॥ ১ ॥

'তস্মৈ সঃ হ উবাচ',—'অতিপ্রশ্নান্' বিষমান্ প্রশ্নান্ 'পৃচ্ছসি'। 'ব্রহ্মিষ্ঠ অসি, ইতি তস্মাৎ তে অহম্ ব্রবীমি' ॥ ২ ॥

১। তৎপর অশ্বল-পুত্র কৌসল্য তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "ভগবন্, এই প্রাণ কোথা হইতে জন্মে? এই শরীরে কিরূপে আসে? আপনাকে বিভাগ করিয়া কিরূপেই বা থাকে? কোন্ বৃত্তিবিশেষ-দ্বারা এই শরীর হইতে উৎক্রামণ করে? কিরূপে বাহ্য বস্তু অর্থাৎ ভূত ও দেবতাদিগকে এবং আধ্যাত্মিক বস্তু অর্থাৎ জীবাত্মাদিগকে ধারণ করে?"

২। তিনি তাঁহাকে বলিলেন, "তুমি কঠিন কঠিন প্রশ্ন জিজ্ঞাসা করিতেছ? তুমি ব্রহ্মিষ্ঠ, স্নতরাং আমি তোমাকে বলিতেছি"।

আত্মন এষ প্রাণো জায়তে। যথৈষা পুরুষে ছায়ৈতস্মিন্নেত-দাততং মনোকৃতেনায়াত্যস্মিঞ্ছরীরে। ৩।

যথা সম্রাড়েবাধিকৃতান্ বিনিযুঙ্‌ক্তে। এতান্ গ্রামানেতা-গ্রামানধিতিষ্ঠস্বেত্যেবমেবৈষ প্রাণ ইতরান্ প্রাণান্ পৃথক পৃথগেব সন্নিধত্তে। ৪।

পায়ূপস্থেঽপানং চক্ষুঃশ্রোত্রে মুখনাসিকাভ্যাং প্রাণঃ স্বয়ং প্রাতিষ্ঠতে মধ্যে তু সমানঃ। এষ হ্যেতদ্ধুতমন্নং সমং নয়তি তস্মাদেতাঃ সপ্তার্চ্চিষো ভবন্তি। ৫।

'আত্মনঃ এষঃ প্রাণঃ জায়তে। যথা পুরুষে এষা ছায়া, [তথা] এতস্মিন্ [আত্মনি] 'এতৎ' এষঃ প্রাণঃ 'আততম্' বিস্তৃতম্, আশ্রিতম্। [এষঃ] 'মনোকৃতেন' মনঃকৃতেন, মনসঃ সঙ্কল্পেন, সন্ধিঃ আর্ষঃ, 'অস্মিন্ শরীরে আয়াতি' ॥ ৩ ॥

'যথা সম্রাট্ এব' 'অধিকৃতান্' ভৃত্যান্, কর্ম্মচারিণঃ, 'এতান্ গ্রামান্, এতান্ গ্রামান্ অধিতিষ্ঠস্ব ইতি' 'বিনিযুঙ্‌ক্তে' আজ্ঞাপয়তি, 'এবম্ এব এষঃ প্রাণঃ ইতরান্ প্রাণান্ পৃথক্ পৃথক্ এব' 'সন্নিধত্তে' সন্নিবেশয়তি ॥৪॥

'পায়ূপস্থে' পায়ৌ মলদ্বারে, উপস্থে জননেন্দ্রিয়ে, 'অপানং' [সন্নিবেশয়তি] ; 'প্রাণঃ স্বয়ম মুখনাসিকাভ্যাং [নির্গচ্ছন্] চক্ষুঃ শ্রোত্রে প্রাতিষ্ঠতে'।

৩। প্রাণ আত্মা হইতে জন্মে। যেমন মনুষ্যের এই ছায়া, তেমনি ইহাতে অর্থাৎ আত্মাতে ইহা বিস্তৃত অর্থাৎ আশ্রিত রহিয়াছে। মনের সঙ্কল্পবশতঃ ইহা এই শরীরে আসে।

৪। যেমন সম্রাট্ কর্ম্মচারিদিগকে 'এই সকল গ্রাম শাসন কর, এই সকল গ্রাম শাসন কর' এই বলিয়া আদেশ করেন, তেমনি এই প্রাণ অন্যান্য প্রাণসমূহকে পৃথক্ পৃথক্ সন্নিবেশিত করেন।

৫। মলদ্বারে ও জননেন্দ্রিয়ে অপানকে সন্নিবেশিত করিয়াছেন ;

হৃদি হ্যেষ আত্মা। অত্রৈতদেকশতং নাড়ীনাং তাসাং শতং শতমেকৈকস্যাং দ্বাসপ্ততির্দ্বাসপ্ততিঃ প্রতিশাখানাড়ী সহস্রাণি ভবন্ত্যাসু ব্যানশ্চরতি। ৬।

'মধ্যে তু সমানঃ' [অবস্থিতঃ]। 'এষঃ হি এতৎ', 'হুতম্' জঠরাগ্নৌ প্রক্ষিপ্তম্ 'অন্নং' 'সমং নয়তি', সমভাগেন শরীরাংশেষু বহতি, 'তস্মাৎ' অশিত-পীতেন্ধনাৎ অগ্নেঃ ঔদার্য্যাৎ 'এতাঃ' 'সপ্তার্চ্চিষঃ' সপ্তসংখ্যকাঃ দীপ্তয়ঃ, "দর্শনদ্বয়ং শ্রবণদ্বয়ং প্রাণদ্বয়ং মুখঞ্চৈকমিতি সপ্তার্চ্চিষঃ" ইতি আনন্দগিরিঃ, 'ভবন্তি' ॥ ৫ ॥

'হৃদি হি এষঃ আত্মা' [অস্তি]। 'অত্র' অস্মিন্ হৃদয়ে 'নাড়ীনাং এতৎ' 'একশতং' একোত্তর শতং [অস্তি তাসাং, নাড়ীনাম্] 'এক-একস্যাং' [শতং শতং শাখাভূতম্ অস্তি, তাসাং চ] 'প্রতিশাখানাড়ী' এক-একস্যাং শাখা-নাড়ীং প্রতি 'দ্বাসপ্ততিঃ' দ্বাসপ্ততিঃ সহস্রাণি, [নাড্যঃ] 'ভবন্তি, আসু' [নাড়ীষু] 'ব্যানঃ' ব্যাপনাৎ, সর্ব্বদেহং সংব্যাপ্য বর্ত্ততে ইতি, 'চরতি' ॥৬॥

প্রাণ স্বয়ং মুখ ও নাসিকাদ্বারা নির্গত হইয়া চক্ষু ও কর্ণে বাস করেন। মধ্যে সমান অবস্থিত। ইনিই জঠরাগ্নিতে হুত অর্থাৎ প্রক্ষিপ্ত অন্ন সমান করেন অর্থাৎ ভিন্ন ভিন্ন শরীরাংশে সমানভাবে বহন করেন, তাহা হইতেই অর্থাৎ উদরস্থ অন্নরূপ ইন্ধন হেতুক উদরাগ্নির উত্তাপ বশতঃ সপ্ত দীপ্তি হয়। (সপ্তদীপ্তি—চক্ষুর্দ্বয়, কর্ণদ্বয়, ঘ্রাণদ্বয় ও মুখ)।

৬। হৃদয়েই এই আত্মা আছেন। এখানে অর্থাৎ হৃদয়ে এই একোত্তর শত নাড়ী আছে, সেই নাড়ীসমূহের এক একটীতে এক শত করিয়া শাখা-নাড়ী আছে, আবার তাহাদের মধ্যে এক একটী শাখা-নাড়ী প্রতি দ্বাসপ্ততি সহস্রবার করিয়া নাড়ী আছে; এই সকল নাড়ীতে ব্যান অর্থাৎ যিনি সমুদায় দেহে ব্যাপ্ত হইয়া থাকেন তিনি বিচরণ করেন

অথৈকয়োর্দ্ধ উদানঃ পুণ্যেন পুণ্যং লোকং নয়তি পাপেন পাপমুভাভ্যামেব মনুষ্যলোকম্। ৭।

আদিত্যো হ বৈ বাহ্যঃ প্রাণ উদয়ত্যেষ হ্যেনং চাক্ষুষং প্রাণমনুগৃহ্নানঃ। পৃথিব্যাং যা দেবতা সৈষা পুরুষস্যাপানমবষ্টভ্যান্তরা যদাকাশঃ স সমানো বায়ুর্ব্যানঃ॥ ৮॥

'অথ একয়া' [ঊর্দ্ধগয়া সুষুম্নাখ্যয়া নাড্যা] 'ঊর্দ্ধঃ' ঊর্দ্ধগতঃ সন্ 'উদানঃ' কণ্ঠস্থঃ বায়ুঃ 'পুণ্যেন' পুণ্যকর্ম্মণা 'পুণ্যং লোকং নয়তি পাপেন পাপং' [লোকম্] 'উভাভ্যাম' পুণ্যপাপাভ্যাম্ 'এব মনুষ্যলোকং' [নয়তি]॥৭॥

'আদিত্য হ বৈ বাহ্যঃ প্রাণঃ, এষঃ হি এনং' 'চাক্ষুষং' চক্ষুষি ভবং 'প্রাণম্' 'অনুগৃহ্নানঃ' রূপোপলব্ধৌ চক্ষুষঃ আলোকং কুর্ব্বন 'উদযতি'। 'পৃথিব্যাং যা দেবতা' পৃথিব্যভিমানিনী দেবতা [অস্তি] 'সা এষা পুরুষস্য অপানম্' 'অবষ্টভ্য' আক্রম্য, বশীকৃত্য, [অধঃ এব অপকর্ষণেন অনুগ্রহং কুর্ব্বতী বর্ত্ততে]। 'অন্তরা' মধ্যে 'যৎ' যঃ 'আকাশঃ সঃ' 'সমানঃ' সমানম্

৭। তন্মধ্যে একটি নাড়ী অর্থাৎ ঊর্দ্ধগামী 'সুষুম্না' নাড়ীদ্বারা উদান ঊর্দ্ধগত হইয়া জীবকে পুণ্যকর্ম্মদ্বারা পুণ্যলোকে, পাপ কর্ম্মদ্বারা পাপ-লোকে, এবং পাপপুণ্য উভয়বিধ কর্ম্মদ্বারাই মনুষ্যলোকে লইয়া যান।

৮। আদিত্যই বাহ্য প্রাণ। ইনি এই চক্ষুঃস্থিত প্রাণকে সাহায্য করতঃ অর্থাৎ রূপোপলব্ধির জন্য চক্ষুতে আলোক প্রদান করতঃ উদিত হইতেছেন। পৃথিবীতে যে দেবতা আছেন অর্থাৎ যে দেবতা 'আমি পৃথিবী' এরূপ মনে করেন, তিনি মনুষ্যের অপানকে ধারণ করিয়া আছেন অর্থাৎ অপানকে অধোদিকে আকর্ষণ করিয়া সাহায্য করিতেছেন'। মধ্যে যে আকাশ, তিনি সমান অর্থাৎ সমানকে সাহায্য করতঃ বর্ত্তমান, আছেন। (আকাশ ও সমান উভয়েই মধ্যবর্ত্তী,

তেজো হ বা উদানস্তস্মাদুপশান্ততেজাঃ। পুনর্ভবমিন্দ্রিয়ৈর্মনসি সম্পদ্যমানৈঃ ॥ ৯ ॥

যচ্চিত্তস্তেনৈষ প্রাণমায়াতি প্রাণস্তেজসা যুক্তঃ। সহাত্মনা যথাসঙ্কল্পিতং লোকং নয়তি ॥ ১০ ॥

অনুগৃহ্ণানঃ বর্ত্ততে ইত্যর্থঃ। মধ্যবর্ত্তিত্বসামান্যাৎ আকাশ-সমানয়োঃ একত্বম্। 'বায়ুর্ব্যানঃ' বায়ুঃ ব্যানম্ অনুগৃহ্ণানঃ বর্ত্ততে ইত্যভিপ্রায়ঃ। ব্যাপ্তি-সামান্যাৎ বায়ুব্যানয়োঃ একত্বম্ ॥ ৮ ॥

'তেজঃ' বাহ্যতেজঃ 'হ বৈ উদানঃ' সঃ স্বেন প্রকাশেন উদানবায়ুম্ অনুগৃহ্ণানঃ বর্ত্ততে ইত্যর্থঃ, 'তস্মাৎ' উপশান্ততেজাঃ' ক্ষীণায়ুঃ পুরুষঃ 'মনসি' 'সম্পদ্যমানৈঃ' প্রবিশদ্ভিঃ 'ইন্দ্রিয়ৈঃ' [সহ] পুনর্ভবং শরীরান্তরম্ [প্রতিপদ্যতে] ॥ ৯ ॥

[এষঃ জীবঃ মরণকালে] 'যচ্চিত্তঃ' যাদৃক্-চিত্তঃ [ভবতি]'তেন' [চিত্তেন] 'এব' [সহ] 'প্রাণম্' মুখ্যপ্রাণবৃত্তিম্ 'আয়াতি' ক্ষীণেন্দ্রিয়বৃত্তিঃ সন্ মুখ্যযা প্রাণবৃত্ত্যা এব অবতিষ্ঠতে ইত্যর্থঃ। 'প্রাণঃ' 'তেজসা' উদানবৃত্ত্যা [সহ]

এই সাদৃশ্যেই উভয়ের একত্ব।) বায়ু ব্যান অর্থাৎ ব্যানকে সাহায্য করতঃ বর্ত্তমান আছেন। (ব্যাপ্তি বিষয়ে সাদৃশ্য থাকাতেই বায়ু ও ব্যানের একত্ব)।

৯। তেজ অর্থাৎ বাহ্য তেজই উদান, অর্থাৎ বাহ্য তেজ উদান বায়ুকে সাহায্য করতঃ বর্ত্তমান আছেন। সেই জন্য যে মনুষ্যের তেজ উপশান্ত হইয়াছে, অর্থাৎ আয়ু ক্ষীণ হইয়াছে, সে মনোমধ্যে প্রবিষ্ট ইন্দ্রিয়গণ সহ শরীরান্তর প্রাপ্ত হয়।

১০। মরণকালে এই জীবের চিত্ত যেরূপ থাকে, সেরূপ চিত্তের সহিত তিনি প্রাণকে প্রাপ্ত হন অর্থাৎ ক্ষীণেন্দ্রিয়বৃত্তি হইয়া কেবল প্রধান প্রাণবৃত্তির সহিত অবস্থিতি করেন। প্রাণ তেজের অর্থাৎ উদানবৃত্তির

য এবং বিদ্বান্ প্রাণং বেদ।

ন হাস্য প্রজা হীয়তেঽমৃতো ভবতি তদেষ শ্লোকঃ॥ ১১॥

উৎপত্তিমায়তিং স্থানং বিভুত্বঞ্চৈব পঞ্চধা।

অধ্যাত্মঞ্চৈব প্রাণস্য বিজ্ঞায়ামৃতমশ্নুতে

বিজ্ঞায়ামৃতমশ্নুতে ইতি॥ ১২॥

'যুক্তঃ' [সন্] 'আত্মনা' জীবাত্মনা [সহ পুণ্যপাপকর্ম্মবশাৎ] 'যথাসঙ্কল্পিতং' যথাভিপ্রেতং 'লোকং নয়তি'॥ ১০॥

'যঃ বিদ্বান্ প্রাণম্ এবং বেদ, ন হ অস্য' 'প্রজাঃ' পুত্রপৌত্রাদয়ঃ 'হীয়তে' হীয়ন্তে, ছিদ্যন্তে, [সঃ] 'অমৃতঃ ভবতি'। 'তৎ' এতস্মিন্ অর্থে [সংক্ষেপাভিধায়কঃ] 'এষঃ' 'শ্লোকঃ' মন্ত্রঃ [উক্তঃ ভবতি]॥ ১১॥

'প্রাণস্য উৎপত্তিম্' 'আয়তিম্' আগমনম্, 'স্থানং' স্থিতিম্, 'বিভুত্বং' কর্ত্তৃত্বং 'চ এব পঞ্চধা' [বিভাগম্], 'অধ্যাত্মম্' অভ্যন্তরত্বং 'চ এব বিজ্ঞায়' [লোকঃ] 'অমৃতম্' অমরত্বম্ 'অশ্নুতে'॥ ১২॥

সহিত যুক্ত হইয়া আত্মার অর্থাৎ জীবাত্মার সহিত পুণ্যপাপ কর্ম্ম বশতঃ যথা-সঙ্কল্পিত লোকে লইয়া যান।

১১। যে জ্ঞানী ব্যক্তি প্রাণকে এই রূপে জানেন, তাঁহার সন্তান বিনষ্ট হয় না, এবং তিনি অমর হন। এই উদ্দেশ্যে [সংক্ষেপাভিধায়ক] এই শ্লোক কথিত হইতেছে।

১২। প্রাণের উৎপত্তি, আগমন, স্থিতি, কর্ত্তৃত্ব, পঞ্চ প্রকার বিভাগ ও অভ্যন্তরত্ব জানিয়া লোকে অমরত্ব প্রাপ্ত হয়।

ইতি তৃতীয়ঃ প্রশ্নঃ।

চতুর্থঃ প্রশ্নঃ

— ০ঃ#ঃ০ —

অথ হৈনং সৌর্য্যায়ণী গার্গ্যঃ পপ্রচ্ছঃ। ভগবন্নেতস্মিন্ পুরুষে কানি স্বপন্তি কান্যস্মিন্ জাগ্রতি কতর এষ দেবঃ স্বপ্নান্ পশ্যতি কস্যৈতৎ সুখং ভবতি কস্মিন্ নু সর্ব্বে সম্প্রতিষ্ঠিতা ভবন্তীতি ॥ ১ ॥

তস্মৈ স হোবাচ। যথা গার্গ্য মরীচয়োহর্কস্যাস্তং গচ্ছতঃ সর্ব্বা এতস্মিংস্তেজোমণ্ডল একীভবন্তি। তাঃ পুনঃ পুনরুদয়তঃ

'অথ হ এনং' 'সৌর্য্যায়ণী' সৌর্য্যায়ণিঃ 'গার্গ্যঃ পপ্রচ্ছ,— ভগবন্, এতস্মিন্' 'পুরুষে' জীবদেহে 'কানি' [করণানি] 'স্বপন্তি' স্বাপং কুর্ব্বন্তি,—স্বব্যাপারাৎ উপরমন্তে ? 'কানি অস্মিন্' 'জাগ্রতি' স্বব্যাপারান্ কুর্ব্বন্তি ? 'কতরঃ এষঃ দেবঃ স্বপ্নান্ পশ্যতি ? 'কস্য' 'এতৎ' জাগ্রৎ-স্বপ্নাদিষু অনুভূতং 'সুখম্ ভবতি ? কস্মিন্ নু সর্ব্বে সম্প্রতিষ্ঠিতাঃ ভবন্তি ইতি' ॥ ১ ॥

'তস্মৈ সঃ হ উবাচ—[হে] গার্গ্য, যথা অস্তং গচ্ছতঃ অর্কস্য সর্ব্বাঃ' 'মরিচয়ঃ' রশ্ময়ঃ 'এতস্মিন্ তেজোমণ্ডলে' সূর্য্যে 'একীভবন্তি,' [তস্য অর্কস্য

১। তৎপর সৌর্য্যপুত্র গার্গ্য তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "ভগবন্, এই পুরুষে অর্থাৎ জীবদেহে কোন্ কোন্ ইন্দ্রিয় নিদ্রিত হয় অর্থাৎ নিজ নিজ কার্য্য হইতে উপরত হয় ? ইহাতে কোন্ কোন্ ইন্দ্রিয় জাগরিত থাকে অর্থাৎ নিজ নিজ কার্য্য করে ? কোন্ শক্তি স্বপ্ন দেখে ? এই (অর্থাৎ জাগ্রৎ-স্বপ্নাদিতে অনুভূত) সুখ কাহার হয় অর্থাৎ কে অনুভব করে ? কাহাতে সকলে সম্প্রতিষ্ঠিত থাকে" ?

২। তিনি তাঁহাকে বলিলেন, "হে গার্গ্য, যেমন সূর্য্য অস্তমিত

প্রচরন্ত্যেবং হ বৈ তৎ সর্ব্বং পরে দেবে মনস্যেকীভবন্তীতি। তেন তর্হ্যেষ পুরুষো ন শৃণোতি ন পশ্যতি ন জিঘ্রতি ন রসয়তে ন স্পৃশতে নাভিবদতে নাদত্তে নানন্দয়তে ন বিসৃজতে নেয়ায়তে স্বপিতীত্যাচক্ষতে ॥ ২ ॥

প্রাণাগ্নয় এবৈতস্মিন্ পুরে জাগ্রতি। গার্হপত্যো হ বা এষোঽপানো ব্যানোঽন্বাহার্য্যপচনো যদ্ গার্হপত্যাৎ প্রণীয়তে প্রণয়নাদাহবনীয়ঃ প্রাণঃ ॥ ৩ ॥

এব] 'পুনঃ উদযতঃ তাঃ' [পুনঃ] 'প্রচরন্তি' বিকীর্যান্তে, 'এবং হ বৈ তৎ সর্ব্বং' [বিষয়েন্দ্রিয়াণিজাতং] 'পরে' 'দেবে' দ্যোতনবতি 'মনসি একীভবন্তি'। 'তেন' [হেতুনা] 'তর্হি' তদা 'এষঃ পুরুষঃ ন শৃণোতি, ন পশ্যতি, ন 'জিঘ্রতি' আঘ্রাণং করোতি, 'ন' 'রসয়তে' আস্বাদতে, 'ন স্পৃশতে, ন অভিবদতে', 'ন' 'আদত্তে' গৃহ্ণাতি, 'ন আনন্দয়তে, ন বিসৃজতে, ন' 'ইয়ায়তে' গচ্ছতি, [তদা সঃ] 'স্বপিতি' [লোকাঃ] 'ইতি, 'আচক্ষতে' কথয়ন্তি ॥ ২ ॥

[তদা] 'এতস্মিন্' 'পুরে' পুর-রূপিণি দেহে 'প্রাণাগ্নয়ঃ' গৃহরক্ষিতাঃ অগ্নয়ঃ ইব প্রাণাদ্যাঃ পঞ্চ বাযবঃ 'এব জাগ্রতি'। [তেষাং মধ্যে] এষঃ

হইলে সমুদয় সূর্য্যরশ্মি এই তেজোমণ্ডলে অর্থাৎ সূর্য্যে একীভূত হয়, এবং পুনরায় সূর্য্য উদিত হইলে সেই রশ্মিসমূহ পুনর্ব্বার বিকীর্ণ হয়, তেমনই তৎসমস্ত অর্থাৎ বিষয় ও ইন্দ্রিয় প্রভৃতি তাহাদিগের অপেক্ষা শ্রেষ্ঠ শক্তি মনে একীভূত হয়। সেই জন্য তখন এই পুরুষ শ্রবণ, দর্শন, আঘ্রাণ, আস্বাদন, স্পর্শ, অভিবাদন, গ্রহণ, আনন্দানুভব, মলত্যাগ, গমন, কিছুই করেন না, তখন 'ইনি নিদ্রিত,' লোকে এই কথা বলে।

৩। তখন এই শরীররূপ পুরীর মধ্যে কেবল প্রাণাগ্নিসমূহ অর্থাৎ গৃহরক্ষিত অগ্নিসমূহের ন্যায় প্রাণাদি পঞ্চ বায়ু জাগরিত থাকে।

তদুচ্ছ্বাসনিশ্বাসাবেতাবাহুতী সমং নয়তীতি স সমানঃ। মনো হ বাব যজমান ইষ্টফলমেবোদানঃ স এনং যজমান-মহরহর্ব্রহ্ম গময়তি ॥ ৪ ॥

অপানঃ হ বৈ' 'গার্হপত্যঃ' তন্নামা যজ্ঞীয় প্রধানঃ অগ্নিঃ, 'ব্যানঃ' 'অন্বাহার্য্যপচনঃ' দক্ষিণাগ্নিঃ। ব্যানঃ দক্ষিণ-সুষির-দ্বারেণ হৃদয়াৎ নির্গচ্ছতি, ইতি দক্ষিণদিক্‌সম্বন্ধাৎ দ্বয়োঃ সাম্যম্। 'যৎ' যস্মাৎ 'প্রণয়নাৎ' প্রণীয়তে অস্মাৎ ইতি প্রণয়নঃ, তস্মাৎ 'গার্হপত্যাৎ' প্রণীয়তে 'আহবনীয়ঃ' [অগ্নিঃ] [অতঃ] প্রাণঃ [আহবনীয়ঃ]! যথা আহবনীয়াগ্নিঃ গার্হপত্যাৎ প্রণীয়তে, তথা প্রাণঃ অপি সুষুপ্তৌ অপানাৎ প্রণীয়তে, ইতি সাম্যম্ ॥ ৩॥

'যৎ' যস্মাৎ [সমানঃ অগ্নিহোত্রযাগস্য] 'আহুতী' [ইব] 'এতৌ উচ্ছ্বাস-নিশ্বাসৌ' [শরীরস্থিতিভাবায়] 'সমং নয়তি ইতি সমানঃ' 'সঃ' হোতা ইত্যর্থঃ। 'মনঃ হ বৈ এব যজমানঃ' [কর্ত্তৃত্বাৎ ফলভোক্তৃত্বাৎ চ,] 'উদানঃ

তন্মধ্যে এই অপানই গার্হপত্য (যজ্ঞীয় প্রধান অগ্নি), ব্যান অন্বাহার্য্যপচন অর্থাৎ দক্ষিণাগ্নি। (ব্যান দক্ষিণ ছিদ্র দ্বারা হৃদয় হইতে নির্গত হন, এইরূপ দক্ষিণদিকের সহিত উভয়ের সম্বন্ধ থাকাতে দুয়ের সমত্ব)। যে হেতু প্রণয়ন অর্থাৎ যাহা হইতে অন্যান্য অগ্নি প্রণীত হয় সেই গার্হপত্য হইতে আহবনীয় প্রণীত হয়, অতএব প্রাণ আহবনীয, অর্থাৎ যেরূপ আহবনীয় অগ্নি গার্হপত্য অগ্নি হইতে প্রণীত হইয়া থাকে, সুষুপ্তিকালে প্রাণও সেই রূপ অপান হইতে প্রণীত হইয়া থাকে।

৪। যে হেতু সমান অগ্নিহোত্র যজ্ঞের প্রধান আহুতিদ্বয় স্বরূপ এই উচ্ছ্বাস ও নিশ্বাসকে শরীর-রক্ষার্থ সমভাবে বহন করেন, সেই জন্য সমান তিনি অর্থাৎ হোতা। মনই যজমান (যে হেতু তিনি কর্ত্তা ও ফলভোক্তা)। উদানই যজ্ঞফল, যে হেতু তিনি মন নামক যজমানকে প্রতিদিন

অত্রৈষ দেবঃ স্বপ্নে মহিমানমনুভবতি। যদ্ দৃষ্টং দৃষ্টমনুপশ্যতি শ্রুতং শ্রুতমেবার্থমনুশৃণোতি দেশদিগন্তরৈশ্চ প্রত্যনুভূতং পুনঃ পুনঃ প্রত্যনুভবতি দৃষ্টঞ্চাদৃষ্টঞ্চ শ্রুতঞ্চাশ্রুতঞ্চানুভূতঞ্চাননুভূতঞ্চ সচ্চাসচ্চ সর্ব্বং পশ্যতি সর্ব্বঃ পশ্যতি ॥ ৫ ॥

স যদা তেজসাহভিভূতো ভবতি। অত্রৈষ দেবঃ স্বপ্নান্ ন পশ্যত্যথ তদৈতস্মিঞ্ছরীরে এতৎ সুখং ভবতি ॥ ৬ ॥

এব 'ইষ্টফলং' যাগফলং, [যতঃ] 'সঃ এনম্ [মনঃ-আখ্যং যজমানম্] অহঃ-অহঃ [সুষুপ্তৌ] 'ব্রহ্ম গময়তি'। প্রপঞ্চোপশমাৎ পরমানন্দময়ত্বাৎ চ অত্র মতে সুষুপ্তেঃ ব্রহ্মভাবঃ ॥ ৪ ॥

'অত্র' উপরতেষু শ্রোত্রাদিষু 'এষঃ দেবঃ [মনঃ] স্বপ্নে' 'মহিমানং' বিষয়-বৈচিত্র্যলক্ষণাম্ বিভূতিম্ 'অনুভবতি'। 'সৎ [পূর্ব্বং] দৃষ্টং [ইব] অনু পশ্যতি, শ্রুতম্ অর্থম্ শ্রুতম্ এব অনুশৃণোতি 'দেশদিগন্তরৈঃ' নানাদেশেষু দিক্ষু চ 'প্রত্যনুভূতং পুনঃ পুনঃ প্রত্যনুভবতি; দৃষ্টং চ অদৃষ্টং চ, শ্রুতং চ অশ্রুতং চ, অনুভূতং চ অননুভূতং চ, সৎ চ অসৎ চ, [এতৎ] সর্ব্বং [মনঃ] পশ্যতি' 'সর্ব্বঃ' সর্ব্বরূপঃ সন্ মনোদেবঃ 'পশ্যতি' ॥ ৫ ॥

'সঃ যদা তেজসা অভিভূতঃ ভবতি, অত্র [সুষুপ্তৌ] এষঃ দেবঃ স্বপ্নান্

সুষুপ্তিকালে ব্রহ্ম প্রাপ্তি করান। (সুষুপ্তিকালে প্রপঞ্চ উপশান্ত হয় ও পরমানন্দ অনুভূত হয়, এই জন্য এই মতে ইহার ব্রহ্মভাব)।

৫। এই অবস্থায় এই দেবতা অর্থাৎ মন স্বপ্নে মহিমা অর্থাৎ বিষয়-বৈচিত্র্যরূপ বিভূতি অনুভব করেন। যাহা পূর্ব্বে দৃষ্ট হইয়াছে তাহা দৃষ্ট বলিয়া দেখেন, শ্রুত বিষয় শ্রুত বলিয়া শুনেন এবং নানা দেশ ও দিকে অনুভূত বস্তু পুনঃ পুনঃ অনুভব করেন;—দৃষ্ট ও অদৃষ্ট, শ্রুত ও অশ্রুত, অনুভূত ও অননুভূত, সৎ ও অসৎ, এই সমস্ত মন দর্শন করেন, মনই সর্ব্বরূপ হইয়া দর্শন করেন।

স যথা সোম্য বয়াংসি বাসো বৃক্ষং সম্প্রতিষ্ঠন্তে। এবং হ বৈ তৎ সর্ব্বং পর আত্মনি সম্প্রতিষ্ঠতে ॥ ৭ ॥

পৃথিবী চ পৃথিবীমাত্রা চাপশ্চাপোমাত্রা চ তেজশ্চ তেজোমাত্রা চ বায়ুশ্চ বায়ুমাত্রা চাকাশশ্চাকাশমাত্রা চ চক্ষুশ্চ দ্রষ্টব্যঞ্চ শ্রোত্রঞ্চ শ্রোতব্যঞ্চ ঘ্রাণঞ্চ ঘ্রাতব্যঞ্চ রসশ্চ রসয়িতব্যঞ্চ ত্বক্ চ স্পর্শয়িতব্যঞ্চ বাক্ চ বক্তব্যঞ্চ হস্তৌ চাদাতব্যঞ্চোপস্থশ্চানন্দ-

ন পশ্যতি অথ তদা এতস্মিন্ শরীরে এতৎ [সুষুপ্তি-লব্ধং] সুখম্ ভবতি' ॥৬॥

হে 'সোম্য,' 'সঃ' তদ্বিষয়কঃ দৃষ্টান্তঃ—'যথা' 'বয়াংসি' পক্ষিণঃ 'বাসো বৃক্ষম্' বাসার্থং বৃক্ষং 'সম্প্রতিষ্ঠন্তে, এবং হ বৈ তৎ [বক্ষ্যমাণং] সর্ব্বং পরে আত্মনি সম্প্রতিষ্ঠতে' ॥ ৭ ॥

'পৃথিবী চ' 'পৃথিবীমাত্রা' পৃথিব্যাঃ মূলোপকরণং 'চ' আপঃ চ আপোমাত্রা চ, তেজঃ চ তেজো-মাত্রা চ, বায়ুঃ চ বায়ুমাত্রা চ, আকাশঃ চ আকাশমাত্রা চ, চক্ষুঃ চ দ্রষ্টব্যং চ, শ্রোত্রং চ শ্রোতব্যং চ, ঘ্রাণং চ ঘ্রাতব্যং চ, রসঃ চ রসয়িতব্যং চ, ত্বক্ চ স্পর্শয়িতব্যং চ, বাক্ চ বক্তব্যং চ, হস্তৌ চ আদাতব্যং চ, উপস্থঃ চ আনন্দয়িতব্যং চ, পায়ুঃ চ

৬। তিনি যখন তেজে অভিভূত হন, তখন অর্থাৎ সুষুপ্তিকালে, সেই দেব স্বপ্ন দেখেন না, তখন এই শরীরে এই সুখ অর্থাৎ সুষুপ্তিলব্ধ সুখ হয়।

৭। হে সোম্য, সেই বিষয়ক দৃষ্টান্ত এই—যেমন পক্ষিগণ বাসার্থ বৃক্ষ আশ্রয় করে, তেমনি যে সকল বস্তুর নাম করা হইতেছে সেই সমস্তই পরমাত্মাতে প্রতিষ্ঠিত হয়।

৮। পৃথিবী ও পৃথিবীমাত্রা অর্থাৎ পৃথিবীর মূলোপকরণ, জল ও জলমাত্রা, তেজ ও তেজোমাত্রা, বায়ু ও বায়ুমাত্রা, আকাশ ও আকাশমাত্রা, চক্ষু ও দ্রষ্টব্য, শ্রোত্র ও শ্রোতব্য, ঘ্রাণ ও ঘ্রাতব্য, আস্বাদেন্দ্রিয় ও

য়িতব্যঞ্চ পায়ুশ্চ বিসর্জ্জয়িতব্যঞ্চ পাদৌ চ গন্তব্যঞ্চ মনশ্চ মন্ত-ব্যঞ্চ বুদ্ধিশ্চ বোদ্ধব্যঞ্চাহঙ্কারশ্চাহঙ্কর্ত্তব্যঞ্চ চিত্তঞ্চ চেতয়িত-ব্যঞ্চ তেজশ্চ বিদ্যোতয়িতব্যঞ্চ প্রাণশ্চ বিধারয়িতব্যঞ্চ ॥ ৮ ॥

এষ হি দ্রষ্টা স্প্রষ্টা শ্রোতা ঘ্রাতা রসয়িতা মন্তা বোদ্ধা কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষঃ। স পরেঽক্ষরে আত্মনি সম্প্রতিষ্ঠতে ॥ ৯ ॥

বিসর্জ্জয়িতব্যং চ, পাদৌ চ গন্তব্যং চ, মনঃ চ মন্তব্যং চ, বুদ্ধিঃ চ বোদ্ধব্যং চ,' 'অহংকারঃ' অভিমানলক্ষণম্ অন্তঃকরণং 'চ' 'অহঙ্কর্ত্তব্যম্ অহঙ্কার-বিষয়ঃ চ, চিত্তং চ চেতয়িতব্যং চ, তেজঃ চ' 'বিদ্যোতয়িতব্যম্' প্রকাশয়িতব্যং চ, 'প্রাণঃ চ' 'বিধারয়িতব্যম্' প্রাণেন সংগ্রন্থনীয়ং চ,— সর্ব্বং কার্য্যকারণজাতং সংহতং নামরূপাত্মকম্ এতাবৎ, এতৎ সর্ব্বং সুষুপ্তৌ পরমাত্মনি সম্প্রতিষ্ঠতে, ইতি শেষঃ ॥ ৮ ॥

'এষঃ হি দ্রষ্টা, স্প্রষ্টা, শ্রোতা, ঘ্রাতা, রসয়িতা, মন্তা, বোদ্ধা, কর্ত্তা,' 'বিজ্ঞানাত্মা' বিজ্ঞাতৃ-স্বভাবঃ 'পুরুষঃ সঃ পরে অক্ষরে আত্মনি সম্প্রতিষ্ঠতে' ॥ ৯ ॥

আস্বাদয়িতব্য, ত্বক্ ও স্পর্শয়িতব্য, বাক্ ও বক্তব্য, হস্ত ও গ্রহীতব্য, উপস্থ ও আনন্দয়িতব্য, পায়ূ ও বিসর্জ্জয়িতব্য, পদ ও গন্তব্য, মন ও মন্তব্য, বুদ্ধি ও বোদ্ধব্য, অহংবোধ ও তদ্বিষয়, চিত্ত ও চেতয়িতব্য অর্থাৎ চিন্তার বিষয়, আলোক ও প্রকাশয়িতব্য, প্রাণ ও প্রাণদ্বারা সংগ্রন্থনীয় [সমুদয় কার্য্য-কারণ নাম-রূপাত্মক বস্তু, এই সমস্ত সুষুপ্তিকালে আত্মাতে সম্প্রতিষ্টিত থাকে]।

৯। এই যে দ্রষ্টা, স্প্রষ্টা, শ্রোতা, ঘ্রাতা, রসয়িতা, মন্তা, বোদ্ধা, কর্ত্তা ও বিজ্ঞানাত্মা অর্থাৎ বিজ্ঞাতৃ-স্বভাব পুরুষ, তিনি অক্ষর পরমাত্মাতে প্রতিষ্ঠিত থাকেন।

পরমেবাক্ষরং প্রতিপদ্যতে স যো হ বৈ তদচ্ছায়মশরীর-
মলোহিতং শুভ্রমক্ষরং বেদয়তে যস্তু সৌম্য। স সর্ব্বজ্ঞঃ
সর্ব্বো ভবতি তদেষ শ্লোকঃ ॥ ১০ ॥

বিজ্ঞানাত্মা সহ দেবৈশ্চ সর্ব্বৈঃ
প্রাণা ভূতানি সম্প্রতিষ্ঠন্তি যত্র।
তদক্ষরং বেদয়তে যস্তু সোম্য
স সর্ব্বজ্ঞঃ সর্ব্বমেবাবিবেশেতি ॥ ১১ ॥

হে 'সোম্য, যঃ হ বৈ তৎ' 'অচ্ছায়ং' তমোবর্জ্জিতম্, 'অশরীরম্,' 'অলোহিতং' লোহিতাদি-সর্ব্ব-গুণ-বর্জ্জিতং, 'শুভ্রম্' উজ্জ্বলম, 'অক্ষরম্ বেদয়তে, সঃ পরম্ অক্ষরম্' 'প্রতিপদ্যতে' প্রাপ্নোতি। 'সঃ সর্ব্বজ্ঞঃ' 'সর্ব্বঃ' সর্ব্বাত্মকম্ ব্রহ্ম এব 'ভবতি'। 'তৎ' তস্মিন্ বিষয়ে 'এষঃ শ্লোকঃ' [উক্তঃ ভবতি] ॥ ১০ ॥

হে 'সোম্য,' 'যত্র' যস্মিন্ অক্ষরে 'বিজ্ঞানাত্মা, প্রাণাঃ, ভূতানি [চ] সর্ব্বৈঃ' 'দেবৈঃ' অগ্ন্যাদিভিঃ, চক্ষুরাদিভিঃ ইন্দ্রিয়ৈঃ বা 'সহ' 'সম্প্রতিষ্ঠন্তি' 'তৎ অক্ষরম্ যঃ তু' 'বেদয়তে' 'সঃ সর্ব্বজ্ঞঃ [সন্] সর্ব্বম্ এব' 'আবিবেশ' আবিশাত 'ইতি' ॥ ১১ ॥

হে সৌম্য, যিনি সেই তমোবর্জ্জিত, অশরীর, অলোহিত অর্থাৎ লোহিতাদি-সর্ব্বগুণ-বর্জ্জিত, উজ্জ্বল অক্ষরকে জানেন, তিনি পরম অক্ষরকে প্রাপ্ত হন। তিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্বরূপ ব্রহ্মই হন। সেই বিষয়ে এই শ্লোক উক্ত হইতেছে।

১১। হে সৌম্য, যাঁহাতে বিজ্ঞানাত্মা, প্রাণসমূহ ও ভূতসমূহ দেবগণের সহিত প্রতিষ্ঠিত রহিয়াছে, সেই অক্ষরকে যিনি জানেন, তিনি সর্ব্বজ্ঞ হইয়া সমুদায়ের মধ্যেই প্রবেশ করেন।

ইতি চতুর্থঃ প্রশ্নঃ।

পঞ্চমঃ প্রশ্নঃ

অথ হৈনং শৈব্যঃ সত্যকামঃ পপ্রচ্ছ। স যো হ বৈ তদ্ ভগবন্ মনুষ্যেষু প্রায়ণান্তমোঙ্কারমভিধ্যায়ীত। কতমং বাব স তেন লোকং জয়তীতি ॥ ১ ॥

তস্মৈ স হোবাচ। এতদ্ বৈ সত্যকাম পরাঞ্চপরঞ্চ ব্রহ্ম যদোঙ্কারঃ। তস্মাদ্ বিদ্বানেতেনৈবায়তনেনৈকতরমন্বেতি ॥২॥

স যদ্যেকমাত্রমভিধ্যায়ীত স তেনৈব সংবেদিস্তূর্ণমেব

'অথ হ এনং শৈবঃ সত্যকামঃ পপ্রচ্ছ—ভগবন্, মনুষ্যেষু সঃ যঃ হ বৈ' 'প্রায়ণান্তম্' মরণান্তম্ যাবজ্জীবনম্ 'তৎ ওঁকারম্ অভিধ্যায়ীত, সঃ বৈ এব তেন কতমং লোকং জয়তি ? ইতি' ॥ ১ ॥

হে 'সত্যকাম', 'যৎ' যস্মাৎ 'ওঁকারঃ এতৎ বৈ পরং চ অপরং চ ব্রহ্ম, তস্মাৎ বিদ্বান্ এতেন' 'আয়তনেন অবলম্বনেন এব একতরম্ 'অন্বেতি' অনুগচ্ছতি ॥ ২ ॥

'সঃ যদি' 'একমাত্রম্' অকারম্ ইত্যর্থঃ 'অভিধ্যায়ীত, সঃ তেন এব'

১। তৎপরে শিবি-পুত্র সত্যকাম তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "ভগবন্, মনুষ্যদিগের মধ্যে যিনি মরণকাল পর্য্যন্ত ওঁকারের ধ্যান করেন তিনি তদ্দ্বারা কোন্ লোক প্রাপ্ত হন ?"।

২। তাঁহাকে তিনি বলিলেন, "হে সত্যকাম, এই যে ওঁকার, ইহাই পর ও অপর ব্রহ্ম, সুতরাং এই উপায়দ্বারাই জ্ঞানী ব্যক্তি এই দুয়ের এককে প্রাপ্ত হন।

জগত্যামভিসম্পদ্যতে। তমৃচো 'মনুষ্যলোকমুপনয়ন্তে স তত্র তপসা ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া সম্পন্নো মহিমানমনুভবতি ॥ ৩ ॥

অথ যদি দ্বিমাত্রেণ মনসি সম্পদ্যতে সোঽন্তরিক্ষং যজুর্ভি-রুন্নীয়তে স সোমলোকম্। স সোমলোকে বিভূতিমনুভুয় পুনরাবর্ত্ততে ॥ ৪ ॥

যঃ পুনরেতং ত্রিমাত্রেণৈবোমিত্যেতেনৈবাক্ষরেণ পরং পুরুষ-

'সংবেদিতঃ' সম্বোধিতঃ, লব্ধজ্ঞানঃ সন্ 'তূর্ণং' শীঘ্রম্ 'এব' 'জগত্যাম্' পৃথিব্যাং 'অভিসম্পদ্যতে' জন্ম প্রাপ্নোতি। 'তম্ ঋচঃ মনুষ্যলোকম্' 'উপনয়ন্তে' আনয়ন্তি। 'সঃ তত্র তপসা ব্রহ্মচর্য্যেণ শ্রদ্ধয়া [চ] সম্পন্নঃ মহিমানম্ অনুভবতি' ॥ ৩ ॥

'অথ যদি' [সঃ] 'দ্বিমাত্রেণ' দ্বিমাত্রম্ —দ্বিতীয়মাত্রারূপম্ উকারম্ 'মনসি' 'সম্পদ্যতে' অভিধ্যায়ীত, [তদা] 'সঃ অন্তরিক্ষং' 'সম্পদ্যতে' গচ্ছতি। 'সঃ' যজুভিঃ', যজুর্ম্মন্ত্রৈঃ 'সোমলোকম্ উন্নীয়তে'। সঃ সোমলোকে' বিভূতিম্' মহিমানম্ 'অনুভূয়' [মনুষ্যলোকে] পুনঃ আবর্ত্ততে ॥ ৪ ॥

'পুনঃ, যঃ ওঁ ইতি এতেন ত্রিমাত্রেণ অক্ষরেণ এব এতম্ পরম্

৩। যদি তিনি কেবল এক মাত্রা অর্থাৎ অকার মাত্র ধ্যান করেন, তবে তিনি তদ্দ্বারাই সম্বোধিত হইয়া শীঘ্রই পৃথিবীতে পুনরায় জন্ম গ্রহণ করেন। তাঁহাকে ঋঙ্মন্ত্র সমূহ মনুষ্যলোকে আনয়ন করে, তিনি সেখানে তপস্যা, ব্রহ্মচর্য্য ও শ্রদ্ধা-সম্পন্ন হইয়া মহিমা অনুভব করেন।

৪। যদি তিনি দ্বিতীয় মাত্রা অথাৎ উকার মনে অভিধ্যান করেন, তবে তিনি অন্তরীক্ষে গমন করেন। তিনি যজুর্মন্ত্র সমূহদ্বারা সোম-লোকে উন্নীত হন। সোমলোকে মহিমা অনুভব করিয়া তিনি মনুষ্য-লোকে ফিরিয়া আসেন।

মভিধ্যায়ীত স তেজসি সূর্য্যে সম্পন্নঃ। যথা পাদোদরস্ত্বচা বিনির্ম্মুচ্যত এবং হ বৈ স পাপ্মনা বিনির্ম্মুক্তঃ স সামভিরুন্নীয়তে ব্রহ্মলোকং স এতস্মাজ্জীবঘনাৎ পরাৎপরং পুরিশয়ং পুরুষমীক্ষতে তদেতৌ শ্লোকৌ ভবতঃ ॥ ৫ ॥

তিস্রো মাত্রা মৃত্যুমত্যঃ প্রযুক্তা
অন্যোন্যসক্তা অনবিপ্রযুক্তাঃ।

পুরুষম্ অভিধ্যায়ীত, সঃ' 'তেজসি' তেজোময়ে 'সূর্য্যে' সূর্য্যলোকে 'সম্পন্নঃ' 'উপনীতঃ' [ভবতি]। 'যথা' 'পাদোদরঃ' সর্পঃ 'ত্বচা বিনির্ম্মুচ্যতে, এবং হ বৈ সঃ পাপ্মনা বিনির্ম্মুক্তঃ [ভবতি]'। 'সঃ' 'সামভিঃ' সামমন্ত্রৈঃ 'ব্রহ্মলোকং' হিরণ্যগর্ভস্য সত্যাখ্যং লোকম্ 'উন্নীয়তে'। 'এতস্মাৎ' 'জীবঘনাৎ' সর্ব্বজীবাধার-হিরণ্যগর্ভাৎ, তৎপদাৎ ইত্যর্থঃ, 'সঃ পরাৎ পরং' 'পুরিশয়ং' সর্ব্বশরীরানুপ্রবিষ্টম্ 'পুরুষম্' 'ঈক্ষতে' পশ্যতি। 'তং' তত্র বিষয়ে 'এতৌ শ্লোকৌ' [উক্তৌ] 'ভবতঃ' ॥ ৫ ॥

'তিস্রঃ মাত্রাঃ' ওঁকারস্য অকার-ওকার-মকারাঃ ইতি [একৈকস্যাং ব্রহ্মদৃষ্টিং বিনা] 'মৃত্যুমত্যঃ' তদুপাসকানাং মৃত্যুগোচরাঃ, এতৈঃ মৃত্যুঃ

৫। পুনশ্চ, যিনি ওঁ এই ত্রিমাত্রাযুক্ত অক্ষরদ্বারা এই পরম পুরুষের ধ্যান করেন, তিনি তেজোময় সূর্য্যে অর্থাৎ সূর্য্যলোকে উপনীত হন। যেমন সর্প ত্বক্ হইতে মুক্ত হয়, তেমনি তিনি পাপ হইতে মুক্ত হন। তিনি সামমন্ত্রদ্বারা ব্রহ্মলোকে অর্থাৎ হিরণ্যগর্ভের সত্যলোকে উন্নীত হন। সেই জীবঘন অর্থাৎ সর্ব্বজীবাধার হিরণ্যগর্ভ হইতে অর্থাৎ হিরণ্যগর্ভপদ হইতে তিনি পরাৎপর পুরিশয় অর্থাৎ সর্ব্বশরীরানুপ্রবিষ্ট পুরুষকে দর্শন করেন। সেই বিষয়ে এই শ্লোকদ্বয় উক্ত হইতেছে।

৬। তিন মাত্রা অর্থাৎ ওঁকারের অকার, উকার, মকার এই মাত্রা-

ক্রিয়াসু বাহ্যাভ্যন্তরমধ্যমাসু
সম্যক্ প্রযুক্তাসু ন কম্পতে জ্ঞঃ ॥ ৬ ॥
ঋগ্‌ভিরেতং যজুর্ভিরন্তরিক্ষং
সামভির্যত্তৎ কবয়ো বেদয়ন্তে।
তমোঙ্কারেণৈবায়তনেনান্বেতি বিদ্বান্
যত্তচ্ছান্তমজরমমৃতমভয়ং পরঞ্চেতি ॥ ৭ ॥

অনতিক্রমণীয়ঃ ইত্যর্থঃ। [কিন্তু এতাঃ এব] 'সম্যক্' 'প্রযুক্তাসু' সম্পাদিতাসু 'বাহ্যাভ্যন্তর-মধ্যমাসু' জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্ত-স্থান-পুরুষাভি-ধ্যান-লক্ষণাসু 'ক্রিযাসু' 'অন্যোন্যসক্তাঃ' পরস্পর-সম্বদ্ধাঃ 'অনবিপ্রযুক্তা' সংশ্লিষ্টাঃ সত্যঃ 'প্রযুক্তাঃ' [চেৎ] 'জ্ঞঃ' ওঁকারস্য তত্ত্বাভিজ্ঞঃ উপাসকঃ 'ন কম্পতে' ন বিচলতি ॥ ৬ ॥

[সঃ বিদ্বান্] 'ঋগ্‌ভিঃ এতং [লোকং], যজুর্ভিঃ অন্তরিক্ষং' [প্রাপ্নোতি], 'সামভিঃ যৎ' [লোকং] 'কবয়ঃ' বিদ্বাংসঃ [এব] 'বেদয়ন্তে' জানন্তি [তং ব্রহ্মলোকং প্রাপ্নোতি]। 'তং [ব্রহ্মলোকং] বিদ্বান্ ওঁকারেণ' 'আয়তনেন' সাধনেন 'এব' 'অন্বেতি' অনুগচ্ছতি। 'যৎ শান্তম্, অজরম্, অমৃতম্, অভ-য়ম্, পরং চ ইতি, তৎ' [তেন এব সাধনেন বিদ্বান্ অনুগচ্ছতি] ॥ ৭ ॥

ত্রয় [স্বতন্ত্ররূপে এবং ব্রহ্মদৃষ্টি ব্যতীত] মৃত্যুগোচর অর্থাৎ তদুপাসকগণ তদ্দ্বারা মৃত্যু অতিক্রম করিতে পারেন না। কিন্তু এই মাত্রাত্রয় সম্যক্‌রূপে সম্পাদিত বাহ্য, অভ্যন্তর ও মধ্যম অর্থাৎ জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তির অধিষ্ঠাতা পুরুষের অভিধ্যানরূপ ক্রিয়াসমূহে পরস্পর-সম্বদ্ধ ও সংশ্লিষ্ট হইয়া প্রযুক্ত হইলে জ্ঞানী ব্যক্তি বিচলিত হন না।

৭। তিনি ঋঙ্‌মন্ত্র দ্বারা এই লোক প্রাপ্ত হন, যজুর্মন্ত্রদ্বারা অন্তরিক্ষ প্রাপ্ত হন, এবং সামমন্ত্রদ্বারা সেই লোক প্রাপ্ত হন যাহা জ্ঞানীগণ জানেন। জ্ঞানী ব্যক্তি সেই ব্রহ্মলোক ওঁকারযুক্ত সাধনদ্বারাই লাভ করেন। যিনি শান্ত, অজর, অমর, অভয় ও শ্রেষ্ঠ তাঁহাকে জ্ঞানী [সেই সাধনদ্বারাই লাভ করেন]।

ইতি পঞ্চমঃ প্রশ্নঃ।

ষষ্ঠঃ প্রশ্নঃ

—:*:—

অথ হৈনং সুকেশা ভারদ্বাজঃ পপ্রচ্ছ। ভগবন্ হিরণ্যনাভঃ কৌসল্যো রাজপুত্রো মামুপেত্যৈতং প্রশ্নমপৃচ্ছত। ষোড়শকলং ভারদ্বাজ পুরুষং বেত্থ তমহং কুমারমব্রুবং নাহমিমং বেদ যদ্যহ-মিমমবেদিষং কথং তে নাবক্ষ্যমিতি সমূলো বা এষ পরিশুষ্যতি যোঽনৃতমভিবদতি তস্মান্নার্হাম্যনৃতং বক্তুং স তূষ্ণীং রথমারুহ্য প্রবব্রাজ। তং ত্বা পৃচ্ছামি ক্বাসৌ পুরুষ ইতি ॥ ১ ॥

'অথ হ এনং ভারদ্বাজঃ সুকেশা পপ্রচ্ছ,—ভগবন্', 'কৌসল্যঃ' কোসলায়াং ভবঃ 'হিরণ্যনাভঃ [নাম] রাজপুত্রঃ মাম্ উপেত্য এতম্ প্রশ্নম্ অপৃচ্ছত,—[হে] ভারদ্বাজ, [কিং ত্বং] 'ষোড়শকলং' ষোড়শ-সংখ্যকাঃ কলাঃ অবয়বাঃ—পঞ্চ প্রাণাঃ, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি, অহঙ্কারঃ চ ইতি যস্মিন্ পুরুষে সন্তি সঃ ষোড়শকলঃ, তম্ 'পুরুষং' 'বেত্থ' জানাসি? 'তং কুমারম্ অহম্ অব্রুবম্—অহম্ ইমং ন বেদ, যদি অহম্ ইমম্' 'অবেদিষম্' বিদিতবান্ অস্মি [তদা] 'কথং তে ন' 'অবক্ষ্যম্' উক্তবান্ অস্মি 'ইতি'? 'যঃ অনৃতম্ অভিবদতি, এষঃ বৈ সমূলঃ পরিশুষ্যতি, তস্মাৎ

১। তৎপরে ভরদ্বাজ-পুত্র সুকেশা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "ভগবন্, কোসলবাসী হিরণ্যনাভ নামক রাজপুত্র আমার নিকট আসিয়া এই প্রশ্ন জিজ্ঞাসা করিলেন,—'হে ভরদ্বাজ-পুত্র, তুমি ষোড়শকল পুরুষকে জান কি?' আমি সেই কুমারকে বলিলাম, 'আমি তাঁহাকে জানি না, যদি আমি তাঁহাকে জানিতাম, তবে তোমাকে বলিব না কেন? যে মিথ্যা কথা কহে সে সমূলে শুষ্ক হয়। সুতরাং আমি কখনই মিথ্যা বলিব না।'

তস্মৈ স হোবাচ। ইহৈবান্তঃশরীরে সোম্য স পুরুষো যস্মিন্নেতাঃ ষোড়শ কলাঃ প্রভবন্তীতি ॥ ২ ॥

স ঈক্ষাঞ্চক্রে কস্মিন্নহমুৎক্রান্ত উৎক্রান্তো ভবিষ্যামি কস্মিন্ বা প্রতিষ্ঠিতে প্রতিষ্ঠাস্যামীতি ॥ ৩ ॥

স প্রাণমসৃজত প্রাণাচ্ছ্রদ্ধাং খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবীন্দ্রিয়ম্ মনোঽন্নমন্নাদ্বীর্য্যং তপো মন্ত্রাঃ কর্ম্মলোকা লোকেষু চ নাম চ ॥ ৪ ॥

অন্যতম্ বক্তুং ন অর্হামি।' [এবমুক্তঃ] 'সঃ তূষ্ণীং রথম্ আরুহ্য' 'প্রবব্রাজ' প্রগতবান্। 'তম্ পুরুষং' 'ত্বা' ত্বাম্ 'পৃচ্ছামি'; 'ক্ব' কুত্র 'অসৌ পুরুষঃ' [বর্ত্ততে] 'ইতি'? ॥ ১ ॥

'তস্মৈ সঃ হ উবাচ, [হে] সোম্য, ইহ এব' 'অন্তঃ-শরীরে' হৃদয়ে 'সঃ পুরুষঃ [অস্তি] যস্মিন্ এতাঃ ষোড়শ কলাঃ' 'প্রভবন্তি' উৎপদ্যন্তে ॥ ২ ॥

'সঃ ঈক্ষাং চক্রে' চিন্তয়ামাস, 'কস্মিন্ উৎক্রান্তে অহম্ উৎক্রান্তঃ ভবিষ্যামি, কস্মিন্ বা প্রতিষ্ঠিতে প্রতিষ্ঠাস্যামি ইতি' ॥ ৩ ॥

[অতঃ] 'সঃ' 'প্রাণং' সর্ব্বপ্রাণং হিরণ্যগর্ভম্ 'অসৃজত', 'প্রাণাৎ' শ্রদ্ধাং

এই কথা শুনিয়া তিনি নীরবে রথারোহণ-পূর্ব্বক চলিয়া গেলেন। আপনাকে তাঁহার অর্থাৎ সেই পুরুষের বিষয় জিজ্ঞাসা করিতেছি, সেই পুরুষ কোথায়?"

২। তিনি তাঁহাকে বলিলেন, "হে সৌম্য, যাঁহাতে এই ষোড়শ কলা উৎপন্ন হয়, সেই পুরুষ এখানেই অন্তঃশরীরে অর্থাৎ হৃদয়ে বর্ত্তমান আছেন।

৩। তিনি চিন্তা করিলেন, 'দেহ হইতে কে উৎক্রান্ত হইলে আমি উৎক্রান্ত হই, আর কে প্রতিষ্ঠিত থাকিলে আমি প্রতিষ্ঠিত থাকি?'

৪। তৎপরে তিনি প্রাণ অর্থাৎ সর্ব্বপ্রাণরূপী হিরণ্যগর্ভকে সৃষ্টি করিলেন

স যথেমা নদ্যঃ স্যন্দমানাঃ সমুদ্রায়ণাঃ সমুদ্রং প্রাপ্যাস্তং গচ্ছন্তি ভিদ্যেতে তাসাং নামরূপে সমুদ্র ইত্যেবং প্রোচ্যতে। এবমেবাস্য পরিদ্রষ্টুরিমাঃ ষোড়শ কলাঃ পুরুষায়ণাঃ পুরুষং প্রাপ্যাস্তং গচ্ছন্তি ভিদ্যেতে তাসাং নামরূপে পুরুষ ইত্যেবং প্রোচ্যতে স এষোঽকলোঽমৃতো ভবতি তদেষ শ্লোকঃ ॥ ৫ ॥

প্রাণিনাং শুভ-কর্ম্ম-প্রবৃত্তি-হেতুভূতাম্ 'অসৃজত'; [ততঃ] 'খং, বায়ুঃ, জ্যোতিঃ, আপঃ, পৃথিবী,' 'ইন্দ্রিয়ম্' ইন্দ্রিয়াণি, 'মনঃ' [চ সমুৎপন্নম্; অথ] 'অন্নম্' [অসৃজত,] অন্নাৎ বীর্য্যং, তপঃ, মন্ত্রাঃ, কর্ম্ম, লোকাঃ, লোকেষু চ নাম চ' [উৎপন্নম্] ॥ ৪ ॥

'সঃ' তদ্বিষয়কঃ দৃষ্টান্তঃ,—'যথা ইমাঃ' 'স্যন্দমানাঃ' প্রবহমাণাঃ, 'সমুদ্রায়ণাঃ' সমুদ্রং গমনশীলাঃ 'নদ্যঃ সমুদ্রম্ প্রাপ্য' [তস্মিন্] 'অস্তং গচ্ছন্তি' বিলীনাঃ ভবন্তি, 'তাসাং নামরূপে' 'ভিদ্যেতে' নশ্যতঃ, [তদা] 'সমুদ্রঃ ইতি এবম্ প্রোচ্যতে, এবম্ এব অস্য, 'পরিদ্রষ্টুঃ' পরিদর্শনকর্ত্তুঃ জীবাত্মনঃ 'পুরুষায়ণাঃ' পরম পুরুষং প্রতি গমনশীলাঃ 'ইমাঃ ষোড়শকলাঃ [তম্] পুরুষম্ প্রাপ্য [তস্মিন্] অস্তং গচ্ছন্তি, তাসাং নামরূপে ভিদ্যেতে, [তদা] পুরুষঃ

প্রাণ হইতে সর্ব্বপ্রাণীর শুভকর্ম্মে প্রবৃত্তির হেতু শ্রদ্ধা সৃষ্টি করিলেন, তাহা হইতে আকাশ, বায়ু, জ্যোতি, জল, পৃথিবী, ইন্দ্রিয়, ও মন উৎপন্ন হইল। তিনি তৎপর অন্ন সৃষ্টি করিলেন; অন্ন হইতে বীর্য্য, তপস্যা, মন্ত্র, কর্ম্ম ও লোকসমূহ এবং লোকসমূহে নাম উৎপন্ন হইল।

৫। সেই বিষয়ে দৃষ্টান্ত এই,—যেমন প্রবহমাণা ও সমুদ্রাভিমুখিনী নদীসমূহ সমুদ্রকে প্রাপ্ত হইয়া তাহাতে অস্ত যায় অর্থাৎ বিলীন হয় এবং তাহাদের নাম ও রূপ বিনষ্ট হয়, তখন কেবল সমুদ্রই বলা যায়, তদ্রূপ এই জীবরূপ পরিদ্রষ্টার পরম পুরুষের প্রতি গমনশীল এই ষোড়শ কলা সেই পুরুষকে প্রাপ্ত হইয়া তাঁহাতে বিলীন হয়, তাহাদের নাম ও রূপ বিনষ্ট হয়,

অরা ইব রথনাভৌ কলা যস্মিন্ প্রতিষ্ঠিতাঃ।
তং বেদ্যং পুরুষং বেদ যথা মা বো মৃত্যুঃ পরিব্যথা ইতি ॥৬॥
তান্ হোবাচৈতাবদেবাহমেতৎ পরং ব্রহ্ম বেদ।
নাতঃ পরমস্তীতি ॥ ৭ ॥
তে তমর্চ্চয়ন্তস্ত্বং হি নঃ পিতা যোহস্মাকমবিদ্যায়াঃ পরং

ইতি এবম্ প্রোচ্যতে ; স এষঃ অকলঃ অমৃতঃ [চ] ভবতি। তৎ এষঃ শ্লোকঃ' ॥ ৫ ॥

'যস্মিন্ রথনাভৌ অরাঃ ইব কলাঃ প্রতিষ্ঠিতাঃ তং বেদ্যং পুরুষম্' 'বেদ' জানীয়াৎ 'যথা, [হে শিষ্যা',] মৃত্যুঃ' 'বঃ' যুষ্মান 'মা পরিব্যথাঃ' পরিব্যথয়তু 'ইতি' ॥ ৬ ॥

[ঋষিঃ পিপ্পলাদঃ] 'তান্ হ উবাচ, অহম্ এতৎ পরম্ ব্রহ্ম এতাবৎ এব' 'বেদ' জানামি, 'অতঃপরম্' প্রকৃষ্টতরং কিঞ্চিদপি 'ন অস্তি ইতি' ॥ ৭ ॥

'তে তম্' 'অর্চ্চয়ন্তঃ' পূজাং কৃতবন্তঃ [ঊচুঃ,] 'ত্বং হি' 'নঃ' অস্মাকম্ পিতা যঃ' 'অস্মাকম্' অস্মান্ 'অবিদ্যায়াঃ পরং পারং তারয়সি ইতি'। 'নমঃ'

তখন কেবল পুরুষমাত্রই বলা যায়, এবং তিনি কলারহিত ও অমর হন। সে বিষয়ে এই শ্লোক উক্ত হইতেছে।

৬। রথচক্রের নাভিতে অরসমূহ যেরূপ আশ্রিত থাকে, সেই রূপ কলাসমূহ যাঁহাতে আশ্রিত রহিয়াছে, সেই জ্ঞাতব্য পুরুষকে জ্ঞাত হও, যাহাতে [হে শিষ্যগণ,] মৃত্যু তোমাদিগকে ব্যথা দিতে না পারে।

৭। পিপ্পলাদ ঋষি তাঁহাদিগকে বলিলেন, "এই পরব্রহ্মকে আমি এই পর্য্যন্ত জানি। ইহা অপেক্ষা শ্রেষ্ঠতর আর কিছু নাই"।

৮। তাঁহারা তাঁহাকে প্রণামাদি দ্বারা পূজা করিয়া বলিলেন, "আপনি

পারং তারয়সীতি। নমঃ পরমঋষিভ্যো নমঃ পরম-ঋষিভ্যঃ ॥ ৮ ॥

'পরমঋষিভ্যঃ' ব্রহ্মবিদ্যা-সম্প্রদায়-কর্তৃভ্যঃ, 'নমঃ পরমঋষিভ্যঃ'। দ্বিরুক্তিঃ গ্রন্থসমাপ্তিবোধনার্থা ॥ ৮ ॥

আমাদিগকে অবিদ্যার পরপারে উত্তীর্ণ করিলেন, আপনি আমাদের পিতা। [ব্রহ্মবিদ্যার সম্প্রদায়-কর্ত্তা] পরম-ঋষিদিগকে নমস্কার, পরম-ঋষিদিগকে নমস্কার ॥ ৮ ॥

ইতি ষষ্ঠঃ প্রশ্নঃ।

ইতি প্রশ্নোপনিষৎ সমাপ্তা।

মুণ্ডকোপনিষৎ

(অথর্ব্ববেদীয়া)

প্রথম-মুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ

—ঃ০ঃ—

ব্রহ্মা দেবানাম্ প্রথমঃ সম্বভূব
বিশ্বস্য কর্ত্তা ভুবনস্য গোপ্তা।
স ব্রহ্মবিদ্যাং সর্ব্ববিদ্যাপ্রতিষ্ঠা-
মথর্ব্বায় জ্যেষ্ঠপুত্রায় প্রাহ ॥ ১ ॥
অথর্ব্বণে যাং প্রবদেত ব্রহ্মা-
থর্ব্বা তাং পুরোবাচাঙ্গিরে ব্রহ্মবিদ্যাম্।

'বিশ্বস্য কর্ত্তা, ভুবনস্য' 'গোপ্তা' পালয়িতা 'ব্রহ্মা দেবানাম্ [মধ্যে] প্রথমঃ' [সন্] 'সম্বভূব' প্রাদুর্ব্বভূব। 'সঃ [স্বস্য] জ্যেষ্ঠপুত্রায় অথর্ব্বায় 'সর্ব্ববিদ্যাপ্রতিষ্ঠাং' সর্ব্ববিদ্যানাম্ আশ্রয়ম্ 'ব্রহ্মবিদ্যাম্ প্রাহ' ॥ ১ ॥

'ব্রহ্মা অথর্ব্বণে যাম্' 'প্রবদেত' অবদং 'অথর্ব্বা তাম্ ব্রহ্মবিদ্যাম্' 'পুরা' পূর্ব্বম্ 'অঙ্গিরে' অঙ্গির্-নাম্নে মুনয়ে 'উবাচ'। 'সঃ' 'ভারদ্বাজায়' ভরদ্বাজ-গোত্রায় 'সত্যবাহায়' সত্যবাহনাম্নে 'প্রাহ'; 'ভারদ্বাজঃ' [সত্যবাহঃ]

১। বিশ্বের কর্ত্তা ও ভুবনের পালয়িতা ব্রহ্মা দেবতাদিগের মধ্যে প্রথমে প্রাদুর্ভূত হইয়াছিলেন। তিনি তাঁহার জ্যেষ্ঠপুত্র অথর্ব্বাকে সর্ব্ববিদ্যার আশ্রয় ব্রহ্মবিদ্যা কহিয়াছিলেন।

২। ব্রহ্মা অথর্ব্বাকে যাহা বলিয়াছিলেন, অথর্ব্বা পূর্ব্বকালে সেই ব্রহ্মবিদ্যা অঙ্গির্কে বলিয়াছিলেন। তিনি ভরদ্বাজ-গোত্রীয় সত্যবাহকে

স ভারদ্বাজায় সত্যবাহায় প্রাহ
ভারদ্বাজোঽঙ্গিরসে পরাবরাম্ ॥ ২ ॥

শৌনকো হ বৈ মহাশালোঽঙ্গিরসং বিধিবদুপসন্নঃ পপ্রচ্ছ। কস্মিন্নু ভগবো বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতীতি ॥৩॥

তস্মৈ স হোবাচ। দ্বে বিদ্যে বেদিতব্য ইতি হ স্ম যদ্ ব্রহ্মবিদো বদন্তি পরা চৈবাপরা চ ॥ ৪ ॥

তত্রাপরা ঋগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্ববেদঃ শিক্ষা

'পরাবরাম্' পরস্মাৎ পরস্মাৎ অবরেণ প্রাপ্তা ইতি পরাবরা, তাম্ পরাবরাম্; পরাবর-সর্ব্ববিদ্যা-বিষয়-ব্যাপ্তাং বা। '[ব্রহ্মবিদ্যাম্] অঙ্গিরসে [উবাচ]' ॥২॥

'মহাশালঃ' মহাগৃহস্থঃ 'শৌনকঃ অঙ্গিরসম্' 'বিধিবৎ' যথাশাস্ত্রম্ 'উপসন্নঃ' উপগতঃ সন্ 'পপ্রচ্ছ',—'ভগবঃ,' হে ভগবন্, 'কস্মিন্ নু বিজ্ঞাতে ইদং সর্ব্বং বিজ্ঞাতম্ ভবতি ? ইতি' ॥ ৩ ॥

'তস্মৈ সঃ হ উবাচ। দ্বে বিদ্যে বেদিতব্যে' 'ইতি' ইদং 'হ স্ম' কিল 'ব্রহ্মবিদঃ বদন্তি, যৎ পরা চ এব অপরা চ' ॥ ৪ ॥

'তত্র' তয়োঃ পরাপরয়োঃ বিদ্যয়োঃ মধ্যে 'ঋগ্বেদঃ, যজুর্ব্বেদঃ,

বলিয়াছিলেন; ভারদ্বাজ সত্যবাহ পরম্পরায় শ্রেষ্ঠ হইতে অশ্রেষ্ঠকর্ত্তৃক প্রাপ্ত অথবা শ্রেষ্ঠ অশ্রেষ্ঠ সমুদায় বিদ্যার বিষয়ে ব্যাপ্ত এই ব্রহ্মবিদ্যা অঙ্গিরসকে বলিয়াছিলেন।

৩। মহাগৃহস্থ শৌনক অঙ্গিরসের সমীপে যথাবিধি উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন;—"হে ভগবন্, কি জানিলে এই সমস্ত জানা হয়" ?

৪। তিনি তাঁহাকে বলিলেন,—"ব্রহ্মবিদেরা বলেন, দুই বিদ্যা জ্ঞাতব্য, পরা বিদ্যা ও অপরা বিদ্যা।

৫। ইহাদের মধ্যে ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, শিক্ষা অর্থাৎ

কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দো জ্যোতিষমিতি অথ পরা যয়া তদক্ষরমধিগম্যতে ॥ ৫ ॥

যত্তদদ্রেশ্যমগ্রাহ্যমগোত্রমবর্ণমচক্ষুঃশ্রোত্রং তদপাণিপাদং নিত্যম্। বিভুং সর্ব্বগতং সুসূক্ষ্মং তদব্যয়ং যদ্ভূতযোনিং পরিপশ্যন্তি ধীরাঃ ॥ ৬ ॥

যথোর্ণনাভিঃ সৃজতে গৃহ্নতে চ
যথা পৃথিব্যামোষধয়ঃ সম্ভবন্তি।

সামবেদঃ, অথর্ব্ববেদঃ,' 'শিক্ষা' উচ্চারণাদি-বোধকং বেদাঙ্গম্, 'কল্পঃ' বৈদিকক্রিয়াকলাপবোধকং বেদাঙ্গম্, 'ব্যাকরণং,' 'নিরুক্তম্' বেদব্যাখ্যা-প্রকারবোধকং বেদাঙ্গম্, 'ছন্দঃ জ্যোতিষম্ ইতি অপরা [বিদ্যা]'। 'অথ' পক্ষান্তরে 'যয়া তৎ অক্ষরম্' 'অধিগম্যতে' জ্ঞায়তে, [সা এব] 'পরা [বিদ্যা]' ॥ ৫ ॥

'যৎ তৎ' 'অদ্রেশ্যম্' অদৃশ্যম্, 'অগ্রাহ্যং,' কর্ম্মেন্দ্রিয়াবিষয়ম্, 'অগোত্রম্' অমূলং, কারণান্তর-নিরপেক্ষম্ 'অবর্ণম্, অচক্ষুঃশ্রোত্রম, তৎ অপাণিপাদং, নিত্যং,' 'বিভুং' সর্ব্বব্যাপিনং, 'সর্ব্বগতং, সুসূক্ষ্মং, তৎ অব্যয়ং, তৎ ভূত-যোনিং ধীরাঃ পরিপশ্যন্তি' ॥ ৬ ॥

'যথা ঊর্ণনাভিঃ' [স্বশরীরাৎ তন্তূন্] সৃজতে' সৃজতি, বহিঃ প্রসারয়তি

উচ্চারণাদিবোধক বেদাঙ্গ, কল্প অর্থাৎ বৈদিকক্রিয়াকলাপবোধক বেদাঙ্গ, ব্যাকরণ, নিরুক্ত অর্থাৎ বেদব্যাখ্যার নিয়মাদিবোধক বেদাঙ্গ, ছন্দঃ ও জ্যোতিষ, ইহারা অপরা বিদ্যা; পক্ষান্তরে যদ্দ্বারা সেই অক্ষর পুরুষকে জানা যায়, তাহাই পরা বিদ্যা।

৬। যিনি অদৃশ্য, অগ্রাহ্য অর্থাৎ কর্ম্মেন্দ্রিয়ের অবিষয়, অগোত্র অর্থাৎ অমূল, কারণান্তর-নিরপেক্ষ, অবর্ণ, অচক্ষুঃ ও অশ্রোত্র; সেই হস্তপদ-রহিত, নিত্য, সর্ব্বব্যাপী, সর্ব্বগত, সুসূক্ষ্ম ও অব্যয় ভূতযোনিকে জ্ঞানিগণ দর্শন করেন।

যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি
তথাঽক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বম্ ॥ ৭ ॥
তপসা চীয়তে ব্রহ্ম ততোঽন্নমভিজায়তে।
অন্নাৎ প্রাণো মনঃ সত্যং লোকাঃ কর্ম্মসু চামৃতম্ ॥৮॥
যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিদ্ যস্য জ্ঞানময়ং তপঃ।

[পুনঃ তান্ এব] 'গৃহ্নতে' গৃহ্নাতি, [চ] 'যথা পৃথিব্যাম্ ওষধয়ঃ সম্ভবন্তি,' 'যথা' 'সতঃ' জীবতঃ 'পুরুষাৎ কেশলোমানি [জায়ন্তে] তথা' 'ইহ' সংসারমণ্ডলে 'অক্ষরাৎ' 'বিশ্বং' সমস্তং জগৎ 'সম্ভবতি' ॥ ৭ ॥

'তপসা' জ্ঞানেন, উৎপত্তিবিধিজ্ঞতয়া 'ব্রহ্ম' 'চীয়তে' প্রবৃদ্ধঃ ভবতি, —ইদং জগৎ উৎপিপাদয়িষৎ, 'ততঃ' উপচিতাৎ ব্রহ্মণঃ 'অন্নং'জগদুৎপত্তিবীজম্ 'অভিজায়তে' উৎপদ্যতে। 'অন্নাৎ' 'প্রাণঃ' হিরণ্যগর্ভঃ' 'মনঃ' 'সত্যম্' আকাশাদি ভূতপঞ্চকম্, 'লোকাঃ' ভূরাদয়ঃ, [তথা] 'কর্ম্মসু' কর্ম্মজম্ 'অমৃতম্' অবিনশ্বরং ফলম্ [অভিজায়তে] ॥ ৮ ॥

'যঃ' 'সর্ব্বজ্ঞঃ' সামান্যেন সর্ব্বং জানাতি ইতি, 'সর্ব্ববিৎ' বিশেষেণ সর্ব্বং

৭। যেমন ঊর্ণনাভ নিজ শরীর হইতে তন্তু বাহির করে এবং পুনরায় গ্রহণ করে, যেমন পৃথিবীতে ওষধি জন্মে, যেমন জীবিত পুরুষ হইতে কেশ লোম জন্মে, তেমনি এখানে অর্থাৎ সংসার-মণ্ডলে অক্ষর পুরুষ হইতে সমুদায় উৎপন্ন হয়।

৮। তপস্যা অর্থাৎ উৎপত্তিবিধিজ্ঞতা দ্বারা ব্রহ্ম প্রবৃদ্ধ হইলেন অর্থাৎ এই জগৎ উৎপাদন করিতে ইচ্ছুক হইলেন, তাঁহা হইতে অর্থাৎ উপচিত ব্রহ্ম হইতে অন্ন অর্থাৎ জগদুৎপত্তির বীজ জন্মিল। অন্ন হইতে প্রাণ অর্থাৎ হিরণ্যগর্ভ, মন, সত্য অর্থাৎ আকাশাদি পঞ্চভূত, ভূরাদি লোকসমূহ এবং কর্ম্মজ অবিনশ্বর ফল উৎপন্ন হইল।

৯। যিনি সর্ব্বজ্ঞ অর্থাৎ সাধারণতঃ সমুদায় জানেন, সর্ব্ববিৎ অর্থাৎ

তস্মাদেতদ্ ব্রহ্ম নাম রূপমন্নঞ্চ জায়তে ॥ ৯ ॥

বেত্তি ইতি, 'যস্য তপঃ জ্ঞানময়ং তস্মাৎ' 'এতৎ ব্রহ্ম' হিরণ্যগর্ভঃ নাম, 'রূপম্, অন্নং চ জায়তে' ॥ ৯ ॥

বিশেষরূপে সমুদায় জানেন, যাঁহার তপ জ্ঞানময়, তাঁহা হইতে এই [হিরণ্যগর্ভাখ্য] ব্রহ্ম, নাম, রূপ এবং অন্ন জন্মিয়াছে।

ইতি প্রথমমুণ্ডকে প্রথমঃ খণ্ডঃ।

প্রথম-মুণ্ডকে দ্বিতীয়ঃ খণ্ডঃ

তদেতৎ সত্যম্,—

মন্ত্রেষু কর্ম্মাণি কবয়ো যান্যপশ্যং-

স্তানি ত্রেতায়াং বহুধা সন্ততানি।

তান্যাচরথ নিয়তং সত্যকামা

এষ বঃ পন্থাঃ সুকৃতস্য লোকে ॥ ১ ॥

যদা লেলায়তে হ্যর্চ্চিঃ সমিদ্ধে হব্যবাহনে।

তদাজ্যভাগাবন্তরেণাহুতীঃ প্রতিপাদয়েচ্ছ্রদ্ধয়া হুতম্ ॥২॥

'তৎ এতৎ সত্যম্'; 'মন্ত্রেষু' বেদমন্ত্রেষু 'কবয়ঃ' মেধাবিনঃ 'যানি কর্ম্মাণি' 'অপশ্যন্' দৃষ্টবন্তঃ, 'তানি' 'ত্রেতায়াং [যুগে] অথবা হোতা অধ্বর্য্যুঃ উদ্গাতা চ, এতৎ-ত্রিবিধ-ঋত্বিজাং কার্য্যস্থানে—যজ্ঞে ইত্যর্থঃ 'বহুধা' 'সন্ততানি' বিস্তৃতানি ; [যূয়ং] 'সত্যকামাঃ' [সন্তঃ] 'নিয়তং তানি' 'আচরথ' আচরত, কুরুত। 'সুকৃতস্য' স্বয়ং কৃতস্য কর্ম্মণঃ 'লোকে' ফলপ্রাপ্তৌ 'এষঃ' 'বঃ' যুষ্মাকম্ 'পন্থাঃ' ॥ ১ ॥

'সমিদ্ধে' সম্যক্ ইদ্ধে, প্রজ্বলিতে 'হব্যবাহনে' অগ্নৌ [সতি] 'যদা' 'অর্চ্চিঃ' অগ্নিশিখা 'লেলায়তে' চলতি, 'তদা' 'আজ্যভাগৌ' আজ্যভাগয়োঃ

১। ইহা সত্য,—বেদমন্ত্রে জ্ঞানিগণ যে সকল কর্ম্ম দেখিয়াছিলেন, সে সকল ত্রেতাতে অর্থাৎ ত্রেতাযুগে, অথবা হোতা অধ্বর্য্যু ও উদ্গাতা, এই ত্রিবিধ ঋত্বিক্‌গণের কার্য্যস্থান যজ্ঞে, নানাপ্রকারে বিস্তৃত অর্থাৎ প্রবৃত্ত হইয়াছে। তোমরা সত্যকাম হইয়া সেই সমস্ত আচরণ কর, ইহাই তোমাদের নিজ কৃত কর্ম্মের ফল প্রাপ্তির পথ।

২। অগ্নি প্রজ্বলিত হইলে যখন অগ্নিশিখা কম্পিত হইতে থাকে,

যস্যাগ্নিহোত্রমদর্শমপৌর্ণমাস-
মচাতুর্মাস্যমনাগ্রয়ণমতিথিবর্জ্জিতঞ্চ।
অহুতমবৈশ্বদেবমবিধিনা হুত-
মাসপ্তমাংস্তস্য লোকান্ হিনস্তি ॥ ৩ ॥
কালী করালী চ মনোজবা চ
সুলোহিতা যা চ সুধূম্রবর্ণা।

যাগসাধন-ঘৃতাদেঃ ভাগয়োঃ 'অন্তরেণ' মধ্যে 'শ্রদ্ধয়া হুতম্' শ্রদ্ধয়া অর্পিতেন উপহাররূপেণ 'আহুতীঃ' 'প্রতিপাদয়েৎ' প্রক্ষিপেৎ। এষঃ এব সুকৃতস্য ফলপ্রাপ্তৌ পন্থাঃ ইতি সম্বন্ধঃ 'পূর্ব্বশ্লোকেন ॥ ২ ॥

'যস্য' অগ্নিহোত্রং' তদাখ্যঃ যাগঃ 'অদর্শং' দর্শাখ্যেন অমাবস্যাযাগেন বর্জ্জিতম্, 'অপৌর্ণমাসং' পৌর্ণমাসকর্ম্মবর্জ্জিতম্, 'অচাতুর্ম্মাস্যং' চাতুর্ম্মাস্য-কর্ম্মবর্জ্জিতম্, 'অনাগ্রয়ণং' শরদাদিষু নূতনান্নেন কর্ত্তব্যম্ আগ্রয়ণম্, তদ্‌বর্জ্জিতম্, 'অতিথি-বর্জ্জিতম্' অক্রিয়মাণাতিথিপূজনম্' 'অহুতম্' অকালে অনুষ্ঠিতম্, 'অবৈশ্বদেবম্' বৈশ্বদেবকর্ম্মবর্জ্জিতম্, [তথা] 'অবিধিনা হুতম্' অযথাশাস্ত্রম্ অনুষ্ঠিতম্ 'তস্য' 'আসপ্তমান্' সপ্তমপর্য্যন্তান্ লোকান্ [ইদম্ অসম্যক্ অনুষ্ঠিতম্ অগ্নিহোত্রম] 'হিনস্তি' নাশয়তি ॥ ৩ ॥

তখন যাগসাধন ঘৃতাদির দুই অংশের মধ্যস্থলে শ্রদ্ধার সহিত অর্পিত উপহারস্বরূপ আহুতিসমূহ প্রদান করিবে। [এরূপ যাগসাধনই কর্ম্মফল প্রাপ্তির পথ,—পূর্ব্বশ্লোকের সহিত এই সম্বন্ধ]।

৩। যাহার অগ্নিহোত্র নামক যজ্ঞ, দর্শযাগ (অমাবস্যাতে কর্ত্তব্য কর্ম্ম) পৌর্ণমাস যাগ, চাতুর্ম্মাস্য কর্ম্ম-বর্জ্জিত, শরদাদি ঋতুতে নবান্ন দ্বারা কর্ত্তব্য আগ্রয়ণ যাগ, এবং অতিথি-বর্জ্জিত হয়, অথবা অকালে অনুষ্ঠিত হয়, বৈশ্বদেব অনুষ্ঠান-বর্জ্জিত হয়, কিংবা অবিধিপূর্ব্বক অনুষ্ঠিত হয়, এরূপ অসম্যক্ অনুষ্ঠিত অগ্নিহোত্র তাহার সপ্তলোক বিনাশ করে।

স্ফুলিঙ্গিনী বিশ্বরুচী চ দেবী
লেলায়মানা ইতি সপ্ত জিহ্বাঃ ॥ ৪ ॥
এতেষু যশ্চরতে ভ্রাজমানেষু
যথাকালং চাহুতয়ো হ্যাদদায়ন্।
তন্নয়ন্ত্যেতাঃ সূর্য্যস্য রশ্ময়ো
যত্র দেবানাং পতিরেকোঽধিবাসঃ ॥ ৫ ॥
এহ্যেহীতি তমাহুতয়ঃ সুবর্চ্চসঃ
সূর্য্যস্য রশ্মিভির্যজমানং বহন্তি।

'কালী, করালী চ,' 'মনোজবা' মনোবৎ বেগবতী 'চ, সুলোহিতা, যা চ সুধূম্রবর্ণা, স্ফুলিঙ্গিনী,' 'দেবী' দীপ্তিশালিনী 'বিশ্বরুচী' সর্ব্ব-সৌন্দর্য্যশালিনী [ইতি অগ্নেঃ] 'লেলায়মানাঃ' ইতস্ততঃ বিচাল্যমানাঃ 'সপ্ত জিহ্বাঃ' ॥ ৪ ॥

'যঃ এতেষু [অগ্নিজিহ্বাভেদেষু]' 'ভ্রাজমানেষু' দীপ্যমানেষু সৎসু 'যথাকালং চ' 'চরতি' অগ্নিহোত্রাদীন্ করোতি, 'তম্ এতাঃ' [আহুতয়ঃ] সূর্য্যস্য রশ্ময়ঃ [ভূত্বা]' সূর্য্যরশ্মিদ্বারৈঃ ইত্যর্থঃ 'আদদায়ন্' আদদানাঃ [তত্র] 'নয়ন্তি, যত্র দেবানাম্ একঃ পতিঃ' 'অধিবাসঃ' অধি সর্ব্বোপরি বসতি ইতি ॥ ৫ ॥

৪। কালী, করালী, মনোজবা [মনের ন্যায় বেগবতী], সুলোহিতা, সুধূম্রবর্ণা, স্ফুলিঙ্গিনী, এবং দীপ্তিশালিনী বিশ্বরুচী অর্থাৎ সর্ব্বসৌন্দর্য্য-শালিনী, অগ্নির এই ইতস্ততঃ বিচাল্যমান সপ্ত জিহ্বা।

৫। এই সকল অগ্নিশিখা দীপ্যমান হইলে এবং যথাকালে যে অগ্নিহোত্রাদির অনুষ্ঠান করে, এই আহুতি সকল সূর্য্যরশ্মি হইয়া অর্থাৎ সূর্য্যরশ্মির ভিতর দিয়া তাহাকে সেই স্থানে লইয়া যায় যে স্থানে দেবতাদিগের একমাত্র রাজা সর্ব্বোপরি বাস করেন।

প্রিয়াং বাচমভিবদন্ত্যোঽর্চ্চয়ন্ত্য

এষ বঃ পুণ্যঃ সুকৃতো ব্রহ্মলোকঃ ॥ ৬ ॥

প্লবা হ্যেতে অদৃঢ়া যজ্ঞরূপা

অষ্টাদশোক্তমবরং যেষু কর্ম্ম ॥

এতচ্ছ্রেয়ো যেঽভিনন্দন্তি মূঢ়া

জরামৃত্যুং তে পুনরেবাপি যন্তি ॥ ৭ ॥

অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ

স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ।

'সুবর্চ্চসঃ' দীপ্তিমত্যঃ 'আহুতয়ঃ' তং যজমানং 'এষঃ' 'বঃ' 'সুকৃতঃ পুণ্যকর্ম্মলব্ধঃ 'পুণ্যঃ' পবিত্রঃ 'ব্রহ্মলোকঃ, এহি এহি' 'ইতি' ইমাং 'প্রিয়াম্ বাচম্ অভিবদন্ত্যঃ [তথা] অর্চ্চয়ন্ত্যঃ সূর্য্যস্য রশ্মিভিঃ বহন্তি' ॥ ৬ ॥

'এতে হি' 'অষ্টাদশ' ষোড়শ ঋত্বিজঃ, যজমানঃ, তৎপত্নী চ ইতি অষ্টাদশ, এতদাশ্রয়াঃ 'যজ্ঞরূপাঃ' 'প্লবাঃ' ভেলাঃ 'অদৃঢ়াঃ, যেষু' 'অবরম্ অশ্রেষ্ঠং 'কর্ম্ম' [শাস্ত্রেণ উক্তম]। 'যে মূঢ়াঃ এতৎ শ্রেয়ঃ ইতি' 'অভিনন্দন্তি' প্রশংসন্তি, 'তে পুনঃ এব জরামৃত্যুং 'যন্তি' গচ্ছন্তি ॥ ৭ ॥

৬। দীপ্তিমতী আহুতি সকল সেই যজমানকে "এসো এসো, এই তোমাদের পুণ্যকর্ম্ম-লব্ধ পবিত্র ব্রহ্মলোক", এই সকল প্রীতিকর বাক্য বলিয়া এবং অর্চ্চনা করিয়া সূর্য্যরশ্মির ভিতর দিয়া লইয়া যায়।

৭। এই অষ্টাদশাঙ্গ অর্থাৎ ষোড়শ পুরোহিত, যজমান ও তৎপত্নী, এই অষ্টাদশাশ্রয় যজ্ঞরূপ ভেলাসমূহ, যাহাতে শাস্ত্রকর্ত্তৃক অশ্রেষ্ঠ কর্ম্ম উক্ত হইয়াছে, এই সমস্ত অদৃঢ়। যে সকল মূর্খ ব্যক্তি ইহাকে শ্রেয়ঃ মনে করিয়া প্রশংসা করে, তাহারা পুনরায় জরা মৃত্যু প্রাপ্ত হয়।

জঙ্ঘন্যমানাঃ পরিয়ন্তি মূঢ়া
অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ ॥ ৮ ॥
অবিদ্যায়াং বহুধা বর্ত্তমানা
বয়ং কৃতার্থা ইত্যভিমন্যন্তি বালাঃ।
যৎ কর্ম্মিণো ন প্রবেদয়ন্তি রাগাৎ
তেনাতুরাঃ ক্ষীণলোকাশ্চ্যবন্তে ॥ ৯ ॥

'অবিদ্যায়াম্' 'অন্তরে' মধ্যে 'বর্ত্তমানাঃ', [অপিচ] 'স্বয়ংধীরাঃ' বয়ম্ এব ধীরাঃ ইতি [আত্মানম্] 'পণ্ডিতম্ মন্যমানাঃ মূঢ়াঃ' 'জঙ্ঘন্যমানাঃ' জরা-রোগাদ্যনেকানর্থসমূহৈঃ ভৃশং হন্যমানাঃ, পীড্যমানাঃ, 'পরিয়ন্তি' বিভ্রমন্তি 'যথা অন্ধেন এব নীয়মানাঃ অন্ধাঃ' [পরিয়ন্তি] ॥ ৮ ॥

'অবিদ্যায়াম্ বহুধা বর্ত্তমানাঃ' 'বালাঃ' অজ্ঞানিনঃ 'বয়ং কৃতার্থাঃ' ইতি 'অভিমন্যন্তে' অভিমানং কুর্ব্বন্তি। 'যৎ' যস্মাৎ 'কর্ম্মিণঃ' 'রাগাৎ' কর্ম্মফলাসক্তিবশাৎ 'ন প্রবেদয়ন্তি' ব্রহ্মতত্ত্বং ন বিজানন্তি, 'তেন' [কারণেন] 'ক্ষীণলোকাঃ' ক্ষীণকর্ম্মফলাঃ [তে] 'আতুরাঃ' দুঃখার্ত্তাঃ [সন্তঃ স্বর্গলোকাৎ] 'চ্যবন্তে' পতন্তি ॥ ৯ ॥

৮। যাহারা অজ্ঞানতায় অবস্থিত, অথচ আপনাদিগকে বুদ্ধিমান্ ও পণ্ডিত বলিয়া মনে করে, সেই সকল মূঢ় ব্যক্তিরা জরা রোগাদি অনর্থ সমূহ দ্বারা অতিশয় পীড্যমান হইয়া অন্ধ-কর্ত্তৃক নীয়মান অন্ধদিগের ন্যায় পরিভ্রমণ করে।

৯। নানা প্রকারে অজ্ঞানতায় অবস্থিত থাকিয়া অর্থাৎ অজ্ঞানতা-প্রসূত নানা প্রকার কর্ম্মকাণ্ডে নিযুক্ত থাকিয়া অজ্ঞানীরা 'আমরা কৃতার্থ' এরূপ অভিমান করে। যে হেতু কর্ম্মীরা কর্ম্মফলে আসক্তি বশতঃ ব্রহ্মতত্ত্ব সবিশেষ জানিতে পারে না, সেই জন্য তাহাদের কর্ম্মফল ক্ষয় হইলে তাহারা দুঃখার্ত্ত হইয়া স্বর্গলোক হইতে পতিত হয়।

ইষ্টাপূর্ত্তং মন্যমানা বরিষ্ঠং
নান্যচ্ছ্রেয়ো বেদয়ন্তে প্রমূঢ়াঃ।
নাকস্য পৃষ্ঠে তে সুকৃতেঽনুভূত্বে-
মং লোকং হীনতরং বাবিশন্তি ॥ ১০ ॥

তপঃ শ্রদ্ধে যে হ্যুপবসন্ত্যরণ্যে
শান্তা বিদ্বাংসো ভৈক্ষচর্য্যাং চরন্তঃ।
সূর্য্যদ্বারেণ তে বিরজাঃ প্রয়ান্তি
যত্রামৃতঃ স পুরুষোহ্যব্যয়াত্মা ॥ ১১ ॥

'ইষ্টাপূর্ত্তম্' ইষ্টং যাগাদি কর্ম্ম, পূর্ত্তং বাপীকূপখননাদি কর্ম্ম, 'বরিষ্ঠং' প্রধানম্ 'মন্যমানাঃ প্রমূঢ়াঃ অন্যৎ শ্রেয়ঃ ন বেদয়ন্তে'। 'তে' 'সুকৃতে' পুণ্যকর্ম্মলব্ধে 'নাকস্য' স্বর্গস্য 'পৃষ্ঠে' উপরি স্থানে [কর্ম্মফলম্] 'অনুভূত্বা' অনুভূয় [পুনঃ] 'ইমং লোকম্' [অস্মাৎ] 'হীনতরং বা' [লোকম্] 'আবিশন্তি' প্রবিশন্তি ॥ ১০ ॥

